Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

3/308 1/161

তত্ত্ব বিজ্ঞান।

(Metaphysic)

PRESENTED

লেখক ও প্রকাশক—সাধু শান্তিনাথ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PRESENTED

LIBRARY
No. 1/161
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

তত্ত্ব বিজ্ঞান।

(Metaphysic)

Rs. 7/-

লেখক ও প্রকাশক—সাধু শান্তিনাথ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লেখক ও প্রকাশক :—
সাধু শান্তিনাথ।
মঙ্গল ভুবন,
নাসিক।

১২১।এ, অপার সারকুলার রোড,
টাউন আর্ট প্রেসে,
শ্রীশরৎ চন্দ্র চট্টোপাধ্যায়
দ্বারা মুদ্রিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুদ্ধি পত্র।

পৃষ্ঠ	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৪	৬	চেতন জড়ের	চেতন, জড়ের
,,	৭	জড় চেতন	জড়, চেতন
৬	১	জ্ঞানবিচারের	জ্ঞান বিচারের
৭	৭	সিদ্ধি প্রদ	সিদ্ধিপ্রদ
,,	২২	পরিচ্ছেদহিত	পরিচ্ছেদ রহিত
৮	১৮	বিষয় সাধনে	বিষয়সাধনে
৯	২০	ভূবচিকিৎস্য	-তুরচিকিৎস্য
১০	১৩	পর প্রকাশ্যত্ব	পরপ্রকাশ্যত্ব
১১	১৭	বিষয় বিষয়ীভাব	বিষয়বিষয়াভাব
১৩	১৩	বিষয়সিদ্ধি	বিষয়াসিদ্ধি
,,	২১	তাদাত্মং	তাদাত্ম্যং
১৪	৪	সজ্ঞেয়	স্বজ্ঞেয়
১৫	১২	প্রয়োজন নহে।	প্রয়োজন নহে (৮)।
১৭	৬	সংস্কার জন্য	সংস্কারজন্য
,,	১৯	বৃত্তি অবচ্ছন্নং	বৃত্ত্যবচ্ছিন্নং
২৩	১৫	অনিত্যজ্ঞানযোগাৎ	অনিত্যাজ্ঞানাযোগাৎ
২৮	১১	Ed.	Ed. 1
৩০	১৬	নহে ব্যভিচারী	ব্যভিচারী নহে
৩১	১৩	গুণ" "সৎ	" গুণ সৎ " "
৩৮	১৯	পদার্থেরই	দৃষ্ট পদার্থেরই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পৃষ্ঠ	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৩৮	১৯	পরস্পর রূপেক্ষায়	পরস্পরাপেক্ষায়
৩৯	৫	হয় তখন উহা	হয়, উহা
৪০	২১	প্রতক্ষ প্রত্যক্ষ	প্রত্যক্ষাপ্রত্যক্ষ
৫৫	১৫	বিচারসহ	বিচারাসহ
৭০	৭	ভেদ গ্রহ	ভেদাগ্রহ
৮৪	১	তদন্যথা।	তদন্যথা। (৯)
,,	৪	সত্ত্ব দেশান্তরে	দেশান্তরে সত্ত্ব
,,	৫	হইবে। (৯)	হইবে।
৮৫	৩	সংলিষ্ট	সংশ্লিষ্ট
৯০	১৩	ইতি	জন্মান্তরানুভূতস্মৃতিশ্চ ইতি
৯২	১৬	বভভাসত্বং	বভাসত্বং
,,	১৭	ভূতা+	ভূতা
৯৬	৮	পরিচ্ছেদ	পরিচ্ছেদক
,,	১৬	সম্বন্ধীসম্ভবাচ্চ	সম্বন্ধাসম্ভবাচ্চ
৯৯	২	সদ্রূপ সত্য	সদ্রূপ (সত্য)
১০২	৯	বিরোধ হিন	বিরোধে হি ন
,,	১৪	অসত্ত্বের অভাব	অসত্ত্ব
১৪১	১৮	অধিষ্ঠান	অধিষ্ঠান চেতনসত্তাকারণ-অজ্ঞান
১৪৪	১৩	আচ্ছো	আচ্ছে
,,	১৬	পরিণামাপচঃ	পরিণামাপাতঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

1/161

অদ্বৈতসিদ্ধান্ত

ভূমিকা ঃ

পরিদৃশ্যমান বিশ্বপ্রপঞ্চের মূলতত্ত্ব স্বরূপতঃ কিরূপ তাহা জানিবার অভিলাষ চিন্তাশীল (বিচারবান) মানবের পক্ষে স্বাভাবিক। এতাদৃশ জিজ্ঞাসার অনুরোধে তত্ত্ববিষয়ক বিচার আরম্ভনীয়। ভারতীয় দর্শনশাস্ত্রে (তত্ত্ববিজ্ঞানশাস্ত্রে) তত্ত্ববিষয়ক যে সকল সিদ্ধান্ত আছে উহাদের বহুত্ববাদ দ্বৈত-বাদ অদ্বৈতবাদ নামে অভিহিত করা যাইতে পারে। অদ্বৈতবাদেও বিশিষ্ট এবং কেবল এইরূপ দুই ভেদ আছে। এই প্রবন্ধে কেবলাদ্বৈতবাদের তত্ত্ববিষয়ক সিদ্ধান্ত বর্ণিত হইবে।

সর্ব্বদৃশ্যপ্রকাশক স্বপ্রকাশ অনন্তস্বরূপ ব্রহ্মই কিঞ্চিৎ উপাধিবশে বিবর্ত্তিত হইয়া চেতনাচেতন নানাবিধ পদার্থরূপে প্রতীয়মান হইয়া থাকে, তদ্‌ব্যতিরিক্ত অন্য কিছুই বাস্তব নহে—ইহাই কেবলাদ্বৈতবাদীসম্মত তাত্ত্বিকসিদ্ধান্ত। এই সিদ্ধান্ত ত্রিবিধরূপে শ্রুতিতে (বেদোপনিষদে) বর্ণিত হইয়াছে, ইহা উক্তবাদিগণের অভিমত। ত্রিবিধরূপে যথাঃ—কোনস্থলে সাক্ষাৎ অদ্বৈতপ্রতিপাদন দ্বারা ("একমেবা-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয়ং"), স্থলান্তরে দ্বৈতনিষেধ দ্বারা ("নেহনানাস্তি-কিঞ্চন"), অন্যত্র ব্রহ্মই জগতের উপাদান এইরূপ কথন দ্বারা ("যতো বা ইমানি ভূতানি জায়ন্তে")।

শ্রুতিবাক্যসমূহের তাৎপর্য্যবিষয়ে নানারূপ সন্দেহ ও মতভেদ হওয়ায় এবং বিভিন্ন সমাজে পরস্পরবিরুদ্ধ শব্দ-রাশি প্রমাণরূপে আলিঙ্গিত হওয়ায় এই প্রবন্ধে শ্রুতির রহস্য উদ্‌ঘাটনে প্রয়াস করা হয় নাই কিন্তু বৈদান্তিক বিচারপদ্ধতি অবলম্বনপূর্ব্বক যুক্তিতর্ক দ্বারা বেদান্তি-সম্মত তত্ত্বের নিরূপণ করিবার প্রযত্ন করা হইয়াছে। বিচার দ্বারা তত্ত্বনির্দ্ধারণ মানবমাত্রের স্বাভাবিক ও সার্ব্বজনীন পন্থা। সংস্কৃত বা ইংরেজী বচন যাহা উদ্ধৃত হইয়াছে তাহা কেবলমাত্র যুক্তির সমর্থকরূপে নিবদ্ধ হইয়াছে, অভ্রান্ত অখণ্ডনীয় প্রমাণরূপে নহে। স্বতন্ত্রবিচারবিহীন শ্রদ্ধাজড় হইয়া প্রাচ্য বা পাশ্চত্য কোন সিদ্ধান্তই অভ্রান্তরূপে স্বীকার্য্য নহে।

অদ্বৈততত্ত্ব যদি প্রতিপাদনের লক্ষ্য হয় তাহা হইলে ইহা প্রদর্শিত হওয়া আবশ্যক যে, বিবিধ পদার্থের সত্তা স্বতন্ত্র নহে কিন্তু পরতন্ত্র অর্থাৎ অপর সত্তার অধীন। পদার্থসমূহ সত্তা ও ভানের জন্য যাহার অধীন, তাহা কাহারও সাপেক্ষ নহে কিন্তু স্বতঃসিদ্ধ স্বপ্রকাশ এইরূপ বিবেচিত হইলে উক্ত তত্ত্বের অদ্বৈতত্ব প্রতিপন্ন হইবে, যেহেতু যাহা যে সত্তার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতেছে। সন্দিগ্ধ পদার্থই বিচার্য্য হইয়া থাকে। পদার্থ অধিগত হইলে কিম্বা অনধিগত হইলে সংশয় হয় না। অধিগত বস্তু নির্ণীত হওয়ায় এবং অনধিগত বস্তু অদৃষ্ট হওয়ায় তদ্-বিষয়ক সংশয় হয় না। অতএব বিচারকালে জ্ঞানের স্বরূপ সম্পূর্ণরূপে অজ্ঞাত বা সর্ব্বথা বিজ্ঞাত না হওয়ায় উহার স্বরূপনির্ণয়ার্থ বিচার আরব্ধ হইতেছে।

খ। জ্ঞান অজ্ঞাত বা জ্ঞাত হইয়া বিষয়ের সিদ্ধি প্রদ নহে :—

যদি জ্ঞানকে স্বতঃসিদ্ধ স্বপ্রকাশ না মানা যায় তবে বলিতে হইবে যে উহা জ্ঞাত হইয়া অর্থাৎ অপর দ্বারা প্রকাশিত হইয়া বিষয়ের সিদ্ধিপ্রদ হয় অথবা অজ্ঞাত অর্থাৎ অপ্রকাশিত হইয়া বিষয়ের সাধক হইয়া থাকে। অর্থাৎ স্বতঃপ্রকাশ না হইলে জ্ঞান পরতঃ প্রকাশ বা অপ্রকাশ হইবে। জ্ঞান অজ্ঞাত থাকিয়া স্वবিষয়ের সাধক হইয়া থাকে এরূপ কল্পনা সমীচীন নহে। এরূপ হইলে জ্ঞান সম্বন্ধে প্রমাণ না থাকার দরুণ জ্ঞানের স্বরূপ সত্তারই সিদ্ধি হইত না। অতএব উহা অন্য বিষয়ের কিরূপে সিদ্ধিপ্রদ হইবে? কোনও পদার্থের সত্তার নিশ্চয় হইতে হইলে উহার প্রকাশ হওয়া আবশ্যক হয়। যদি জ্ঞানের প্রকাশ না থাকে

অবেদ্য অথচ অপরোক্ষ ব্যবহার যোগ্য। স্বপ্রকাশ অর্থ, নিজেই নিজের বিষয় এরূপ নহে কিন্তু স্বতঃই প্রকাশ, প্রকাশ্য নহে এরূপ অর্থ বুঝিতে হইবে। স্বপ্রকাশ জ্ঞান ক্ষণিক বা আদিমান নহে কিন্তু অনাদি। উহা নিরাশ্রয়, জন্মরহিত, ধর্ম্মরহিত তথা পরিচ্ছেদরহিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তবে উহা "আছে" এরূপ নিশ্চয় হইতে পারিবে না। প্রকাশ না থাকিলেও যদি সত্তানিশ্চয় হইবে তবে অসত্তারও নিশ্চয় কেন হইবে না? অতএব জ্ঞানের সত্তা নিশ্চিত হইতে হইলে উহা অপ্রকাশিত হওয়া উচিত নহে। স্বয়ং অপ্রকাশমান অথচ বিষয়ের প্রকাশ করিয়া থাকে, এরূপ দৃষ্ট হয় না। স্বয়ং অসিদ্ধ হইয়া কিরূপে অপরের সাধক হইবে? যদি জ্ঞান প্রকাশিত না হয় তাহা হইলে স্বতঃ অপ্রকাশরূপ বিষয়েরও প্রকাশ হইবে না। বিষয় এবং জ্ঞান এই উভয়ের অপ্রকাশ হওয়ায় জগতের অপ্রসিদ্ধি হইয়া পড়িত। অতএব জ্ঞান অজ্ঞাত হইয়া বিষয়ের সাধক হইয়া থাকে এই পক্ষ সঙ্গত নহে।

জ্ঞান, জ্ঞাত হইয়া অর্থাৎ অপর দ্বারা প্রকাশিত হইয়া, বিষয়ের সাধক হইয়া থাকে এরূপ কল্পনাও সমঞ্জস নহে। এই পক্ষে প্রথমজ্ঞানের ন্যায় জ্ঞানের প্রকাশক দ্বিতীয়জ্ঞানও জ্ঞাত হইয়াই স্ববিষয়ের সিদ্ধিপ্রদ হয় এইরূপ মানিতে হইবে এবং দ্বিতীয় জ্ঞানের প্রকাশের জন্য তৃতীয়জ্ঞান অন্বেষণ করিতে হইবে। ঐ তৃতীয়জ্ঞানকেও জ্ঞাতই বলিতে হইবে, যেহেতু জ্ঞাতই বিষয় সাধনে সক্ষম হইয়া থাকে এইরূপ বলা হইতেছে। উহার সাধক চতুর্থজ্ঞান অপেক্ষিত হইবে, উহাও জ্ঞাতই হইবে। এই রীতিতে পূর্ব্বপূর্ব্বজ্ঞান উত্তরোত্তর জ্ঞানের সাপেক্ষ হওয়ায় জ্ঞানধারা অবিরাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চলিতে থাকিবে। জ্ঞানধারার বিরাম না হওয়ায় অনবস্থিতি হইবে। (২) অতএব জ্ঞান জ্ঞাত হইয়া বিষয়ের সাধক হইয়া থাকে এরূপ স্বীকার করা সঙ্গত নহে।

গ। পূর্ব্বপক্ষিকর্ত্তৃক অনবস্থাদোষপরিহার এবং সিদ্ধান্তীকর্ত্তৃক উহার খণ্ডন :—

পূর্ব্বপক্ষ (ন্যায়বৈশেষিক)—অনবস্থাদোষ তখন হইত যদি সকল জ্ঞান অবশ্যবেদ্য হয় এইরূপ মানা হইত। সকল জ্ঞান অবশ্যই বেদ্য হইবে ইহা আমরা স্বীকার করি না। অতএব উক্ত দোষ নাই।

সিদ্ধান্ত—অনবস্থাদোষের নিবৃত্তির জন্য পূর্ব্বপক্ষীদের এরূপ বলিতে হইবে যে, এক জ্ঞান এরূপ আছে যাহা অপরকে সিদ্ধ করিয়া থাকে অথচ স্বয়ং উহা অপর জ্ঞানের অবিষয়। এইরূপে যে জ্ঞান জ্ঞাত না হইবে উহার সত্ত্ব হইবে না, যেহেতু তদ্‌বিষয়ে প্রমাণ নাই।

পূর্ব্বপক্ষ—জিজ্ঞাসা হইলে উহাও জ্ঞাত হইবে।

সিদ্ধান্ত—এরূপ হইতে পারে না, যেহেতু অজ্ঞাতগোচর জিজ্ঞাসা হইতে পারে না। জিজ্ঞাসার নিমিত্ত ঐ জ্ঞান সামান্যরূপে জ্ঞাত হওয়া প্রয়োজন। অতএব পূর্ব্বোক্ত

(২) প্রাগ্‌লোপাবিনিগম্যত্বপ্রমাণাপগমৈর্ভবেৎ। অনবস্থিতিমাস্থাতুংচিকিৎস্য ত্রিদোষতা। (খণ্ডনখণ্ডখাদ্য)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনবস্থা। জিজ্ঞাসিতজ্ঞান (ব্যবসায়) যদি গ্রাহ্য হইবে তবে অন্যোন্যাশ্রয়দোষ হইবে (যেহেতু অজ্ঞাতে জিজ্ঞাসা হয় না)। জিজ্ঞাসার নিমিত্ত জ্ঞানের জ্ঞান মানিতে হইবে পশ্চাৎ জিজ্ঞাসা হইবে তথা জিজ্ঞাসা হইলে জ্ঞানের জ্ঞান হইবে অর্থাৎ জিজ্ঞাসিত (জ্ঞানকে জানিবার যে ইচ্ছা উহার বিষয়ভূত) জ্ঞানই গ্রাহ্য থাকে এবং জ্ঞান জিজ্ঞাসিত হইবার জন্য জ্ঞানের গ্রাহ্যতা আবশ্যক এইরূপে অন্যোন্যাশ্রয় অর্থাৎ গ্রাহ্যতাদরুণ জিজ্ঞাসা এবং জিজ্ঞাসাদরুণ গ্রাহ্যতা অতএব অন্যোন্যাশ্রয়দোষ সুতরাং উক্ত পক্ষ সমীচীন নহে।

ঘ। জ্ঞান স্বতঃসিদ্ধ স্বপ্রকাশ।

উল্লিখিত বিচার দ্বারা সিদ্ধ হইল যে, জ্ঞানের প্রকাশরূপতা না হইলে জড়ত্বপ্রাপ্তি বা অসত্ত্বপ্রাপ্তিরূপ দোষ হইবে এবং উহার পর প্রকাশ্যত্ব হইলে অনবস্থাদোষ হইবে। অনবস্থা হওয়ার দরুণ মূলভূত প্রথমজ্ঞানের অসিদ্ধি হইবে। এইরূপ হওয়ায় উহার বিষয়েরও সিদ্ধি হইবে না। তদ্দরুণ জগতের অপ্রসিদ্ধি হইয়া পড়িত। অতএব জ্ঞান অজ্ঞাত বা জ্ঞাত হইয়া বিষয়ের সাধক হয় না। অথচ জ্ঞান দ্বারা পদার্থের সিদ্ধি হইয়া থাকে। অবশেষে স্বীকার করিতে হইবে যে, জ্ঞানের স্বরূপসিদ্ধি এবং প্রতীতিসিদ্ধি স্বতঃই হইয়া থাকে। অসিদ্ধ এবং পরতঃ সিদ্ধ না হওয়ায় প্রকারান্তরের অসম্ভবদরুণ জ্ঞান স্বতঃসিদ্ধ স্বপ্রকাশ। নিজের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশে অন্য প্রকাশের অপেক্ষারহিত যে সকলের প্রকাশক তাহাই স্বপ্রকাশ। স্বপ্রকাশ হওয়ায় উহা অপ্রকাশিত নহে। যাহা অপ্রকাশিত থাকিতে পারে উহাকে স্বপ্রকাশ বলা যাইতে পারে না। উহা প্রকাশ্যও নহে। উহার গ্রাহকান্তর না থাকায় উহা অবিষয়। অবিষয় হওয়াতে প্রকাশান্তরের অপেক্ষা নাই অতএব অনবস্থা নহে। (৩)

ঙ। অধিক প্রতিপাদন এবং বিপক্ষে নানাদোষ প্রদর্শন :—

এ বিষয়ে আরও বক্তব্য, অনুভূতি বর্ত্তমান হইয়া ঘটাদির ন্যায় অপ্রকাশ দৃষ্ট হয় না। এরূপ হইলেই উহার প্রকাশ অপরের অধীন এরূপ স্বীকার করা যাইত। ঘটাদির ন্যায় যদি জ্ঞান জ্ঞানান্তরের বিষয় হইত তাহা হইলে উহা বিষয় রূপেই ভাসিত হইত, বিষয়িরূপে নহে। অথচ জ্ঞান বিষয়িরূপে ভাসিত হয়। অতএব বিষয় হইতে বৈলক্ষণ্য হওয়ায় জ্ঞানের অবিষয়ত্বই স্বীকার্য্য। জ্ঞান এবং বিষয় সজাতীয় নহে, উহারা বিজাতীয়। জ্ঞান কিন্তু জ্ঞানের বিজাতীয় নহে। বিজাতীয়েরই বিষয় বিষয়ীভাব দৃষ্ট হয়। অতএব জ্ঞান জ্ঞানান্তরের বিষয় নহে। অনুভাব্য পদার্থ

(৩) অনবস্থা জ্ঞপ্তৌ বা উৎপত্তৌ বা ? নাদ্যঃ, জ্ঞপ্ত্যন্তরানভ্যুপগমাৎ। নোৎপত্তৌ, বিনা জ্ঞানং উৎপত্তেঃ ব্যভিচারাৎ ;

শ্রীরঘুনাথকৃত খণ্ডনমণিভূষা—অমুদ্রিত)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অননুভূতিরূপ (অস্বপ্রকাশ) হইয়া থাকে, এরূপ ব্যাপ্তি হওয়াতে, যাহা অনুভব তাহা অনুভাব্য নহে, উহাতে অনুভাব্য পদার্থের ন্যায় অস্বপ্রকাশত্ব সম্ভাবনা করা যাইতে পারে না। অতএব ঐ অনুভবের অস্বপ্রকাশত্ব অনুমানগম্যও নহে। পরিশেষতঃ অনুভূতি বা জ্ঞান স্বপ্রকাশ।

আরও, জ্ঞান যদি অপরজ্ঞান দ্বারা জ্ঞেয় হয় তবে জ্ঞানধারার বিরাম হইবে না বলা হইয়াছে। এরূপ জ্ঞানধারা অনুভবসিদ্ধও নহে। এইরূপে যদি জ্ঞানধারা চলিতে থাকে তবে বিষয়ান্তর-জ্ঞানের অবসর হইবে না, বাহ্যব্যবহার লুপ্ত হইবে, সমস্তজীবনব্যাপী কালও একটী জ্ঞানের জন্য পর্য্যাপ্ত হইবে না। জ্ঞানধারার-সন্ততি হওয়াতে বিষয়জ্ঞানের পর উক্ত জ্ঞানের জ্ঞান পুনঃ শেষোক্ত জ্ঞানের জ্ঞান, এই রীতিতে চলিতে থাকিবে। এইহেতু বিষয়াবগাহী জ্ঞানের অভাব হইবে না সুতরাং সুষুপ্তি মূর্চ্ছাও হইতে পারিবে না। উক্ত জ্ঞানবিষয়ক জ্ঞানের ধারা যদি বিরামপ্রাপ্ত হয় তাহা হইলে ঐ অন্তিমজ্ঞান স্বপ্রকাশ না হওয়ায় (মান্য না হওয়ায়) উহাতে সংশয় হইবে অথবা উহার অসিদ্ধি হইবে। উক্ত জ্ঞান সম্বন্ধী সংশয় হইলে নিম্নমুখী সর্ব্বজ্ঞান সংশয়রূপ হইয়া পড়িবে এবং বিষয়েও সংশয় হইবে, যেহেতু বিষয়ীবিষয়ক সংশয় হইলে বিষয়বিষয়ক সংশয় হইয়া থাকে। অথচ এরূপ সংশয় উপলব্ধ নহে। আর যদি উক্ত অন্তিম জ্ঞান অসিদ্ধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইবে তাহা হইলে ঐ জ্ঞান হইতে বিষয় পর্য্যন্ত সমস্ত অসিদ্ধ হইয়া যাইবে। (৪) উক্ত উভয় দোষ বারণের জন্য যদি অন্তিম জ্ঞানকে স্বপ্রকাশ মানা হয় তবে জ্ঞানের স্বপ্রকাশত্ব সিদ্ধ হইবে। স্ববিষয়ক জ্ঞানান্তর না থাকিলেও নিরপেক্ষ অন্তিমজ্ঞান যেমন স্বতঃপ্রকাশমান এবং অপরের সিদ্ধিপ্রদ তদ্রূপ প্রথমজ্ঞানও স্বতঃসিদ্ধ এবং বিষয় প্রকাশে অপরের অপেক্ষারহিত। অতএব লাঘবতঃ প্রথমজ্ঞানকেই স্বপ্রকাশ মানা উচিত। (৫) জ্ঞান যদি অস্বপ্রকাশ হইত তবে জিজ্ঞাসু পুরুষের জ্ঞান থাকা সত্ত্বেও জ্ঞানের অভাব বিষয়ক জ্ঞান বা জ্ঞানবিষয়ক সংশয় হইত। অথচ এরূপ হয় না। অতএব অবগত হওয়া যায় যে, জ্ঞান অপ্রকাশরূপ নহে কিন্তু স্বয়ং প্রকাশরূপ (৬)।

---

(৪) উত্তরাসিদ্ধ্যা পূর্ব্বাসিদ্ধৌ বিষয়সিদ্ধিপর্য্যন্তং ব্যসনমাপদ্যেত।
(খণ্ডনখণ্ডখাদ্যটীকা-অমুদ্রিত-অজ্ঞাতনামা লেখককৃত)।

(৫) (ক) যদ্যনুব্যবসায়াঃ প্রোচ্যন্তে তদা অনবস্থা বিষয়ান্তরসঞ্চারাভাবঃ অননুভবশ্চ তদ্বিরামে বিষয়পর্য্যন্তং সংশয় ইত্যগত্যা জ্ঞানং স্বপ্রকাশমেবিতব্যং।

(খণ্ডনখণ্ডখাদ্য শাঙ্করীটীকা)।

(৬) জ্ঞানান্তরবেদ্যত্বে জ্ঞানস্য জ্ঞানান্তরেণ কঃ সম্বন্ধঃ? ন তাবৎ সংযোগঃ অদ্রব্যত্বাৎ, নাপি সমবায়ঃ আত্মগুণয়োরন্যোন্যং তদযোগাৎ, নাপি তাদাত্ম্যং ভিন্নয়োরভিন্নয়োর্বা তাদাত্ম্যাযোগাৎ। নাপি বিষয়বিষয়িভাবঃ, তস্য দ্রব্যাদ্যন্তর্ভাবানন্তরর্ভাবাভ্যাং অসম্ভবাৎ, ন চ অসম্বদ্ধমেব জ্ঞানং জ্ঞানান্তরজ্ঞেয়ং, অতিপ্রসঙ্গাৎ।

(খণ্ডনখণ্ডখাদ্য বিদ্যাসাগরী টীকা)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উল্লিখিত বিচার দ্বারা সিদ্ধ হইল যে—জ্ঞান জ্ঞানান্তর দ্বারা জ্ঞেয় নহে অন্যথা অনবস্থাদিদোষ হইবে। স্বসত্তাতে প্রকাশমান হওয়াতে জ্ঞানান্তরের অপেক্ষা জ্ঞানের নাই, জ্ঞান সংজ্ঞেয়ও নহে, যেহেতু স্বয়ংই বিষয় এবং স্বয়ংই বিষয়ী ইহা বিরুদ্ধ। নিজেই নিজের বেদ্য হইলে যাহা কর্ম্ম তাহাই কর্ত্তা হইবে। পরন্তু কর্ত্তা এবং কর্ম্ম এক হইতে পারে না। একই ক্রিয়ার প্রতি কর্ত্তা সাধনরূপে গৌণ হয় এবং কর্ম্ম ফলরূপে প্রধান হয়। যুগপৎ এক ক্রিয়ার প্রতি একেরই গুণ প্রধানভাব হইতে পারে না। কর্তৃত্ব (ইতরকারকা প্রযোজ্যত্ব ; এবং কর্ম্মত্ব (ইতরকারকপ্রযোজ্যত্বরূপ) পরস্পর বিরোধী ধর্ম্ম। বিরুদ্ধ ধর্ম্মদ্বয়ের একত্র সমাবেশ অসম্ভব। সম্পূর্ণ অভেদে বিষয় বিষয়ীভাব সম্বন্ধ হয় না। অভেদ সম্বন্ধ নহে। সম্বন্ধ ভেদগর্ভিত হইয়া থাকে। যদি অভেদ সম্বন্ধরূপ হইত তবে রূপেতে রূপবৈশিষ্ট্য (রূপেতে রূপ আছে এইরূপ) প্রত্যয় হইত। একের অংশ ভেদে গ্রাহ্য গ্রাহকভাব হইয়া থাকে এরূপ ও বলা উচিত নহে। গ্রাহকাংশের গ্রাহ্যত্ব হইলে পুনঃ অপর অংশের কল্পনা করিতে হইবে, উহারও অংশান্তর এইরূপে অনবস্থা হইবে। গ্রাহকাংশের স্বয়ং প্রকাশত্ব হইলে উহাই চেতনরূপ প্রকাশ হইবে, অন্য অংশ জড় হইবে। অতএব স্বপ্রকাশের নিজেতেই বিষয় বিষয়ীভাব হইতে পারে না। যাহা বিষয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উহা সাপেক্ষ জড়, উহা প্রকাশের স্বরূপভূত হওয়া সম্ভব নহে। (৭) অতএব জ্ঞানকে স্বজ্ঞেয় বলা যাইতে পারে না। জ্ঞান অজ্ঞেয় (অভাসমান) ও নহে, যেহেতু উহা স্বতঃ সকলের অনুভবসিদ্ধ। অসন্দিগ্ধ হওয়াতে উহা অনুমেয়ও নহে পরিশেষতঃ জ্ঞান স্বপ্রকাশ। যাহা জ্ঞেয় নহে অথচ ভাসমান, উহাই স্বপ্রকাশ। জ্ঞান নিজের বা পরের বিষয় না হইয়াও অপরোক্ষ ব্যবহারের হেতু হয়। অপর বস্তু অপেক্ষা জ্ঞানের স্বভাবভেদ হওয়ায় জ্ঞানবিষয়ক জ্ঞান না হইয়াও জ্ঞানবিষয়ক ব্যবহার (জানামি ভাতি ইত্যাদি) হইয়া থাকে। জ্ঞান-ব্যবহারে তদভিন্ন প্রকাশই হেতু, তদ্বিষয় হেতু নহে। জ্ঞানব্যবহারবিষয়ে জ্ঞানই ব্যবহর্ত্তব্য এবং প্রকাশ অতএব উহার বিষয়ত্ব প্রয়োজন নহে।

---

(৭) (a) If, however, the absolute is to appear to itself, it must on its objective side be dependent on something else, on something foreign. But this dependence does not belong to the absolute itself but merely to its appearance. (Schelling's Works).

(b) In so far as consciousness is an object of consciousness it is no longer consciousness (Gentile's "Theory of Mind as Pure Act,)

(৮) সর্ব্বস্য চৈতন্যবিষয়ত্বাৎ ন কিঞ্চিৎ চৈতন্যসাধকমিতি স্বপ্রভত্বাৎ স্বতন্ত্রং। ... গ্রাহকস্য গ্রাহ্যত্বে অনবস্থানাৎ।

(আনন্দপূর্ণ বিদ্যাসাগর কৃত ন্যায়কল্পলতিকা—বৃহদারণ্যকভাষ্য বার্ত্তিকটীকা—অমুদ্রিত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চ। ধারাজ্ঞান বিচার :—

ঘটাদি জ্ঞানধারার অনন্তর "এতাবৎকাল ঘটকে অনুভবই করিতেছিলাম" এইরূপে ঘটাদি জ্ঞানধারা এবং উহার আশ্রয়রূপ অহঙ্কারের অনুসন্ধান হইয়া থাকে। এই অনুসন্ধান পূর্ব্বানুভব জন্য। অননুভূত পদার্থে স্মৃতি অসম্ভব। এই স্মৃতির উপপত্তি দিবার জন্য কিরূপ জ্ঞান মানা উচিত তাহার বিবেচনা করা হইতেছে। ঘটগোচর ধারাজ্ঞান দ্বারা উক্ত স্মরণ হইতে পারে না। ধারা এবং ধারাশ্রয় ধারাজ্ঞানের বিষয় নহে, ঘটই ধারাজ্ঞানের বিষয়। অতএব এই ধারাজ্ঞান দ্বারা এই জ্ঞানের অবিষয়রূপ যে ধারা এবং উহার আশ্রয় এই উভয়ের স্মরণ হইতে পারে না। জ্ঞান স্ববিষয়ে স্মৃতি উৎপাদন করিয়া থাকে। অতএব জ্ঞান বা তদাশ্রয় ঘটাদিগোচর ধারাজ্ঞানের বিষয় না হওয়ায় উক্ত ধারাজ্ঞান দ্বারা উক্ত স্মৃতির উপপত্তি প্রদান করা যায় না। সুতরাং তদতীত অপর জ্ঞান মানিতে হয়। ধারা এবং উহার আশ্রয়ের সাক্ষী অহঙ্কারধর্ম্মাতিরিক্ত অনুভব (স্বপ্রকাশ) বিনা তৎকালে উক্ত অনুসন্ধান উপপন্ন নহে। জ্ঞানের স্বপ্রকাশত্বপক্ষে উক্তরূপ অনুপপত্তি নাই। স্বপ্রকাশত্ব পক্ষে তৎতৎ ঘটাদিজ্ঞানদরুণ অথবা তৎতৎ ঘটাদিজ্ঞানজন্য তৎতৎ জ্ঞানবিষয়ক তৎতৎ সংস্কার দরুণ একস্মৃতি হওয়ায় অনেক বর্ণাবগাহী একস্মৃতি দরুণ যেমন তাবৎ বর্ণের স্মৃতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

থাকে তদ্রূপ চরমক্ষণীয় এক স্মৃতিদরুণ তাবৎ অনুভবের সিদ্ধি হইবে। তাৎপর্য্য এই যে, স্বপ্রকাশ পক্ষে ঘটজ্ঞানের সংস্কারের জন্য অপর জ্ঞানের (ঘটজ্ঞানের জ্ঞানের) আবশ্যকতা নাই। স্বপ্রকাশ জ্ঞানই স্ববিষয়ক এবং স্ববিষয়বিষয়ক সংস্কারের জনক (৯) অতএব ধারাবিচ্ছেদ না হইলেও জ্ঞানসংস্কার হইতে পারিবে এবং চরমক্ষণে তাদৃশ সংস্কার জন্য এক স্মরণও হইতে পারায় ধারাবিষয়ক তাবৎ অনুভবের সিদ্ধি হইবে। অতএব অহঙ্কারাতিরিক্ত স্বপ্রকাশ জ্ঞান স্বীকার্য্য।

ছ। অদ্বৈতবাদি সম্মত স্বপ্রকাশ শব্দের অর্থ :—

স্বপ্রকাশ অর্থ স্ববিষয় নহে কিন্তু প্রকাশান্তরের সম্বন্ধ বিনা প্রকাশমান অথবা, স্বব্যবহারে স্বাতিরিক্ত জ্ঞানান্তরের অনপেক্ষ ; দৃষ্টান্তস্বরূপ :—যেমন আলোক, উহা আলোকা-

(৯) ন চ নিত্যানুভব নাশাভাবাৎ কথং সংস্কারোদয় ইতি বাচ্যং, তদ্বিষয়ীভূত তত্তৎজ্ঞাননাশাৎ তদুপপত্তেঃ।

(অদ্বৈতমুক্তাকান্তি—অমুদ্রিত)।

প্রকৃত বিষয়ে বেদান্ত শাস্ত্রে ত্রিবিধ মত আছে। একপক্ষে ঘটবিষয়ক বৃত্তিনাশ দ্বারা যে সংস্কার হইবে উহা যেমন ঘটবিষয়ক হয় তদ্রূপ অহংবিষয়ক এবং বৃত্তিবিষয়কও হইয়া থাকে। সংস্কারের প্রয়োজকতা (যদ্বৃত্তি অবচ্ছিন্নঃ যৎ প্রকাশতে ইহা প্রয়োজক) উক্তত্রয়ে তুল্য। অতএব অহঙ্কারবৃত্তি না মানিলেও নিত্য সাক্ষীদ্বারা উহাদের স্মরণ উপপন্ন হইবে। অপর দুই পক্ষে বৃত্তি মানা হয়, একে অন্তঃকরণ বৃত্তি অপরে অবিদ্যাবৃত্তি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিরুদ্ধ (অন্ধকার ব্যতিরিক্ত) বিষয়ের চাক্ষুষ জ্ঞানমাত্রে আলোকরূপে কারণ হইয়া থাকে (নিজেতে এবং বিষয়েতে). স্বব্যতিরিক্ত স্বাবিরুদ্ধ বিষয়ের চাক্ষুষজ্ঞানে কেবল আলোকরূপে নহে কিন্তু বিষয়সম্বন্ধী আলোকরূপে কারণ হয় (কেবল বিষয়ে), স্ববিষয়ক জ্ঞানে স্বাভেদরূপে কারণ হয় (কেবল নিজেতে) ; তদ্রূপ ব্যবহর্ত্তব্যের যে জ্ঞান উহা ব্যবহার মাত্রে প্রকাশত্বরূপে কারণ (জ্ঞান এবং বিষয় এই উভয়ে), স্বাতিরিক্ত বিষয়ক ব্যবহারে তদ্‌বিষয়ক প্রকাশরূপে (কেবল বিষয়ে), এবং স্বব্যবহারে স্বাভিন্ন প্রকাশরূপে। অতএব বিষয়ত্ব প্রযুক্ত জ্ঞানের প্রকাশত্ব হয় না কিন্তু জ্ঞানস্বরূপ বিশেষ প্রযুক্ত প্রকাশত্ব হইয়া থাকে।

জ্ঞান নিজের অবিষয় নিজের স্বরূপেতে ব্যবহারের প্রবর্ত্তক হইয়া থাকে। জ্ঞানসজাতীয়—অপরানপেক্ষ হইয়া ব্যবহারগোচর অথচ পরত্র ব্যবহারহেতু হওয়ায় জ্ঞান স্বতঃসিদ্ধ। অবিষয় হইয়াও প্রকাশমান হওয়াতে জ্ঞান সম্বন্ধী সংশয় হয় না।

(জ) স্বপ্রকাশতত্ত্ব বিচারের বিষয় হইতে পারে।

স্বয়ংপ্রকাশ স্বয়ংপ্রকাশবিষয়ক অনুমানের গোচর হইলেও উহার স্বয়ংপ্রকাশত্ব অব্যাহত থাকে। (বৃত্তির বিষয় হইলেও স্ফুরণের অবিষয়) প্রমাণের বিষয় হইলেই উহার দৃশ্যতা হইবে, এরূপ নহে। দৃশ্যতা উহারই হইয়া থাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাহা স্বাতিরিক্ত জ্ঞানের নিয়ত সাপেক্ষ হয়। জ্ঞান এরূপ নহে (১০) অথবা শশবিসাণ অবিষয় হইলেও উহাতে যেমন প্রমাণ দ্বারা বিষয়ত্বের নিষেধ করা যায় তদ্রূপ অবিষয় জ্ঞানে ও প্রমাণ দ্বারা স্বাতিরিক্ত জ্ঞানের অপেক্ষা নিবারিত হয় ; অতএব উক্ত প্রমাণ, জ্ঞানের স্বপ্রকাশত্ব প্রতিপাদনে সাধক হইয়া থাকে।

(ঝ) স্বপ্রকাশ জ্ঞান নিত্য :—

স্বপ্রকাশ সিদ্ধ হওয়ার পর এক্ষণে ঐ প্রকাশের নিত্যত্ব বিষয়ে বিবেচনা করা হইতেছে। যাহার প্রাগভাব (প্রাককালীন অভাব) আছে তাহার উৎপত্তি আছে এবং তাহা আদিমান। যাহার প্রাগভাব নাই তাহার উৎপত্তি নাই, তাহা অনাদি। অভাব বিনা জন্মাদি সিদ্ধ হয় না। প্রাগভাব অজ্ঞাত হইলে জন্মনিশ্চয় হইতে পারে না। স্বপ্রকাশ জ্ঞানের প্রাগভাব বা ধ্বংস সিদ্ধ হইতে পারে না। স্বপ্রাগ-ভাবকালে এবং স্বধ্বংসকালে স্বয়ং জ্ঞানরূপ গ্রহীতাই নাই ;

(১০) (ক) ন তাবৎ ব্যাঘাতঃ, অনুমানগোচরস্য তদগোচরত্বা-প্রসাধনাৎ। ন চ প্রমাণবিষয়ত্বমাত্রেণ দৃশ্যতা, সা হি স্বাতিরেকি-সংবিদপেক্ষানিয়তি, ন সা আত্মনো অস্তি সুষুপ্তে অপি সিদ্ধেঃ।

(ব্রহ্মসূত্রভাষ্য প্রকটার্থ—অমুদ্রিত)

(খ) নির্ধর্মকেঽপি ন বিষয়ত্বাদি ধর্ম্ম বিরোধোঽপি কাল্পনিক ধর্ম্মানামভ্যূপগমাৎ।

(তত্ত্বদর্পণ—অমুদ্রিত)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং স্বঅস্তিত্বকালে গ্রাহ্যভূত স্বঅভাব (প্রাগভাব এবং ধ্বংস) নাই। অতএর ঘটপটাদি উৎপত্তিশীল পদার্থের অভাব যেমন সংবিৎসাক্ষীক তদ্রূপ জ্ঞানের অভাব সংবিৎ-সাক্ষীক বা অনুভবসিদ্ধ হইতে পারে না। স্বয়ং প্রকাশ স্ফুরণ স্ফুরণান্তরের অগোচর হওয়ায় অন্য দ্বারা উহার প্রাগভাব বা ধ্বংস গৃহীত হইতে পারে না। অতএব গ্রহীতা অসম্ভব হওয়ায় গ্রহীতৃসাপেক্ষ প্রমাণের অসঞ্চার হইবে সুতরাং জ্ঞানের প্রাগভাব এবং ধ্বংস সিদ্ধ হইবে না। অতএব স্বতঃসিদ্ধ স্বপ্রকাশের প্রাগভাবাদি স্বতঃ বা অন্যতঃ সিদ্ধ না হওয়ায় উহা নিত্য। জ্ঞান স্বপ্রকাশ হওয়ায় রূপরসাদির ন্যায় কাহারও গুণভূত (সাপেক্ষ ধর্ম্মরূপ) হইবে না। গুণভূত না হওয়ায় উহা নিরাশ্রয় এবং অবধিভূত হইবে। অনিত্য পদার্থ সাপেক্ষ সাবধিক হইয়া থাকে। অবধির গ্রহণ ব্যতিরেকে অনিত্যত্ব নিরূপিত হয় না। নিরবধি স্বপ্রকাশ স্বরূপ, সাপেক্ষ না হওয়ায়, অনিত্য নহে। নিরাশ্রয় হওয়াতেও স্বপ্রকাশের, কারণাশ্রিতত্বরূপ কার্য্যত্ব (অনিত্যত্ব) হইতে পারে না। নিরবধিক নাশের প্রসিদ্ধি হইতে না পারায় সর্ব্বাবধিভূত প্রকাশের নাশ নিরূপনীয় নহে। যাহা স্বয়ং প্রকাশ উহা আগন্তুক প্রমাণের সাপেক্ষ হইবে না। অতএব তদ্‌বিষয়ক প্রমাণাভাবদরুণ উহার অনবভাস হইবে, এরূপ নহে। যাহা কিছু উৎপত্তি-বিনাশশীল, তাহার উৎপত্তি-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিনাশশীলতা জানিবার জন্যও উৎপত্তিক্ষণ, বিনাশক্ষণও স্থিতিক্ষণের একমাত্র অবিকৃত সাক্ষীস্বরূপ চেতনের অস্তিত্ব আবশ্যক। সকলের উৎপত্তি-বিনাশ-দ্রষ্টা স্বয়ং উৎপত্ত্যাদিমান নহে যেহেতু স্বউৎপত্ত্যাদির স্বয়ংদর্শন অনুপপন্ন। সর্ব্বাবস্থারদ্রষ্টানির্ব্বিকার। কাল ও কালিক বিকার সমূহের সাক্ষিরূপে সর্ব্ববিধ বিকার রহিতও কালিক পরিচ্ছেদশূন্য চেতন না থাকিলে, কাল ও তৎকৃত বিকারাদির জ্ঞানই সম্ভব হইত না। (১১) উল্লিখিত বিচারস্থলে সর্ব্বসাধারণ অনুভবকে বিচারের প্রারম্ভ-স্থলরূপে গ্রহণপূর্ব্বক উহার অনিত্যত্বের বিচার না করিয়া তন্মিশ্রিত প্রকাশস্বরূপের বিবেচন দ্বারা ঐ প্রকাশের স্বপ্রকাশত্ব প্রদর্শিত হইয়াছে। তদনন্তর স্বপ্রকাশজ্ঞানের নিত্যত্ব নির্ব্বিকারত্ব প্রতিপাদিত হইয়াছে। অপর এক পদ্ধতি (বিচারপদ্ধতি) অনুসারে প্রথমতঃ অনিত্য জ্ঞানের দিক হইতে বিচার করিতে করিতে ঐ পরিণাম এবং বিভিন্নতার সিদ্ধিপ্রদ সাক্ষীজ্ঞান প্রতিপন্ন হয়। ঐ অবধিভূত জ্ঞান

(11) The relation of events to each other as in time, implies their equal presence to a subject which is not in time. There could be no such thing as time if there were not a self-consciousness which is not in time......If consciousness were a process in time it would not be a consciousness of them as forming such a process.

(Green's "Prolegomena to ethics").

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বপ্রকাশ নিত্য। অনিত্যজ্ঞানের অবধিভূত জ্ঞান নিত্য হইবে। অনিত্য জ্ঞান সকল পরস্পর ব্যভিচারী (অননুগত) হওয়ায় তথা উহারা যে আশ্রয়ে উৎপন্ন হয় তাহার সহিত তাদাত্মপ্রাপ্ত হওয়ার দরুণ (অর্থাৎ উহার স্বরূপভূত-হওয়ায়) ঐ আশ্রয়ও বিকার প্রাপ্ত হওয়ায় জ্ঞানের উৎপত্তিস্থিতি এবং নাশের প্রতীতি উক্ত অবস্থা বা অবস্থাবান দ্বারা হইতে পারে না। অতএব অবস্থারহিত অথচ অবস্থাতে অনুগত (আধ্যাসিক তাদাত্ম্য সম্বন্ধযুক্ত) এরূপ এক নিত্য প্রকাশ আবশ্যক। সুখ দুঃখাদির বিচার দ্বারাও এরূপ সিদ্ধান্তে উপনীত হওয়া যায়। মনোব্যতিরিক্ত বাহ্য পদার্থ প্রতিপাদনানন্তর ঐ অজ্ঞাত সত্তাবান বাহ্য পদার্থ এবং অজ্ঞাতত্বের সিদ্ধিপ্রদরূপে নিত্য সাক্ষীপ্রকাশ সিদ্ধ হয়। অনিত্য যথার্থজ্ঞান এবং যথার্থজ্ঞেয় যেমন ঐ নিত্যসাক্ষী প্রকাশে প্রকাশিত তদ্রূপ অযথার্থজ্ঞান এবং অযথার্থজ্ঞেয়ও সেই একই প্রকাশে প্রকাশিত ইহা ভ্রান্তিবিচার দ্বারা প্রতিপন্ন হয়। স্বপ্ন এবং সুষুপ্তির বিচার দ্বারা উক্ত সিদ্ধান্ত প্রতিষ্ঠিত হয়। এ সকল বিচার (সাক্ষীবিবেক) অন্যত্র (অদ্বৈতসিদ্ধান্তবিদ্যোতন গ্রন্থে) প্রকটিত হইবে। (১২)

---

(১২) বুদ্ধ্যাদ্যুৎপত্তিসমনন্তরমেব কিং ত্বয়েদানীমিদং বুদ্ধং তবেদমিষ্টং বেত্যাদি পরেণ পৃষ্টস্য স্ববোধাদৌ ন সংশয় ইতি সর্ব্বজনীনং স চ নিয়মেন সংশয়াভাবো গ্রাহ্যানিশ্চয়নির্বাহ্যঃ ইতরথাগ্রাহ্যানিশ্চয়াদিসংশয়সামগ্রীসত্ত্বেন তদভাবানুপপত্তেঃ বুদ্ধ্যাদ্যুৎপত্ত্যনন্তরং চ নিয়মেন মান-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বপ্রকাশরূপ জ্ঞান প্রকাশান্তরের অগোচর হওয়ায় উহা স্বরূপতঃ বা ভেদাদিধর্মিরূপতঃ মানান্তর দ্বারা সিদ্ধ হয় না। আর স্বয়ং স্বসত্তামাত্রের সাধক হয়, ভেদাদির সাধক নহে। অতএব সাধকাভাবদরুণই জ্ঞানের ভেদাদি অসিদ্ধ। অতএব জ্ঞানস্বরূপ অদ্বৈত।

সতন্নিশ্চয়োপগমে মানসজ্ঞানানবস্থা স্যাৎ ন স্যাচ্চেষ্টানিষ্টজ্ঞানাদিনা সুখদুঃখাদ্যুৎপত্তিঃ। অতএব বুদ্ধ্যাদীনাং স্বপ্রকাশত্বং কল্প্যতে ইতি চেন্ন। লাঘবেন তদগোচরচিদাত্মন একস্যৈব স্বপ্রকাশত্বে তদুপপত্তৌ বুদ্ধ্যাদানন্তকার্য্যস্বপ্রকাশত্বকল্পনে গৌরবাৎ ইচ্ছাদেরপি সবিষয়স্যার্থ-প্রকাশত্বপ্রসঙ্গেন বুদ্ধিবৈজাত্যাযোগাচ্চ তস্মাৎ বুদ্ধ্যাদিগোচরনিত্য-সাক্ষাৎকার একোঽভ্যুপেয়ঃ। কিংচ স্বপ্নে বাহ্যেন্দ্রিয়াণামুপরতত্বাৎ মনসশ্চ বহিরস্বাতন্ত্র্যাৎ তদা গজরথাদেরপরোক্ষতয়া সর্ব্বানুভব-সিদ্ধত্বাৎ তৎসাধক নিত্যানুভবোঽভুপেয়ঃ। তথা সুপ্তোত্থিতস্য সুখমহম স্বাপসমিতি পরামর্শদর্শনাৎ স্বাপে তন্মূলানুভবো নিত্যোঽভ্যুপেয়ঃ তত্র সর্ব্বেন্দ্রিয়াণামুপরতত্বেন সুষুপ্তিভঙ্গপ্রসঙ্গেন অনিত্যজ্ঞানযোগাৎ।

(ভেদধিক্কার সংক্রিয়া)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় অধ্যায়

সৎস্বরূপ বিচার।

১। অধ্যায়ের প্রতিপাদ্য—

জ্ঞানস্বরূপ বিচারিত হইয়াছে। এক্ষণে সৎস্বরূপ বিবেচিত হইবে। পশ্চাৎ জ্ঞান এবং সৎস্বরূপের একতা নিরূপণ করা হইবে। পদার্থ ধর্ম্ম বা ধর্ম্মিরূপ হইবে অথবা তত্ত্বতঃ ধর্ম্মী বা ধর্ম্ম না হইলেও ধর্ম্মী বা ধর্ম্মিরূপে প্রতিভাত হইবে। যাহা ধর্ম্মী বা ধর্ম্ম নহে উহা স্বরূপতঃ বিচারের বিষয় হইতে পারে না। ধর্ম্মধর্ম্মীভাব গ্রহণ করতঃই বিচার প্রবৃত্ত হয়। যাহা অসংসৃষ্ট তথায় তর্ক অবতারিত হইতে পারে না। সংসৃষ্টগ্রহণপূর্ব্বকই তর্কের প্রবৃত্তি হয়। যাহা নির্ব্বিশেষ উহা স্বরূপতঃ বিচারের বিষয় হইতে পারে না। নির্ব্বিশেষ-তত্ত্ব যদি ধর্ম্মীরূপে প্রতিভাত হয় তাহা হইলে কল্পিত ধর্ম্ম-ধর্ম্মীভাব অবলম্বনপুর্ব্বক বিচার সাধিত হইতে পারে। যাহা হউক, এক্ষণে বিচার্য্য—সতের স্বরূপ কিরূপ? উহা কি পরিচ্ছিন্ন বস্তুস্বরূপ অথবা উহাদের ধর্ম্মরূপ কিম্বা অনুগত ধর্ম্মিরূপ? (১)

---

(১) সৎস্বরূপ সম্বন্ধী মতভেদ যথা—সৎ ভিন্ন ভিন্ন বস্তুস্বরূপ (ঘটপটাদি বস্তুস্বরূপ ভিন্ন ভিন্ন সুতরাং সৎও ভিন্ন ভিন্ন) ইহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

২। সৎ ভিন্ন ভিন্ন বস্তুরস্বরূপ নহে—

ঘটসন্ পটসন্ এইরূপ বোধ সর্ব্বজন প্রসিদ্ধ। ঘটপটাদি অবান্তর পদার্থ নিমিত্ত যে ব্যবহার উহা সদ্রূপ ত্যাগ না করিয়াই প্রতীত হয়। এক্ষণে বিচার্য্য—ঐ ঘটপটাদি ভিন্ন ভিন্ন বস্তু স্বরূপই সৎ, অথবা সৎ অন্য কিছু। স্বরূপ ভিন্ন ভিন্ন। বস্তুস্বরূপ সৎ হইলে সৎও ভিন্ন ভিন্ন হইবে। ভিন্ন ভিন্ন সৎদ্বারা "এই বস্তু সৎ, এই বস্তু সৎ" এইরূপ অনুগত বুদ্ধি সুসঙ্গত নহে। ঘটাদির পরস্পর বিলক্ষণতা হওয়ায় উহাতে সন্‌ঘট সন্‌পট ইত্যাদিরূপে একাকার বুদ্ধি হইতে পারে না। অনুগত সৎবুদ্ধির কারণ যদি অননুগত ভিন্ন ভিন্ন স্বরূপসৎ হইবে তবে জাতি আদি অনুগত পদার্থ স্বীকার নিষ্ফল হইবে,

সাংখ্যপাতঞ্জল মত। ন্যায় বৈশেষিক মতে সত্তা অনুগত পরাজাতিরূপ ধর্ম্ম। মীমাংসকগণ সৎকে, জ্ঞানের সম্বন্ধিত্ব (প্রভাকর) বা কালের সম্বন্ধিত্ব (ভট্ট) বলেন। বৌদ্ধমতে সত্ত্ব অর্থ-ক্রিয়াকারিরূপ। জৈনগণ উৎপাদব্যয়ধ্রৌব্যযোগিত্বকে সৎ বলেন। এইরূপে সত্ত্ব অর্থে বর্ত্তমানত্ব, বাধাযোগ্যত্ব, অস্তিত্ব, প্রমাণবিষয়ত্ব, সদুপলম্ভপ্রমাণ গোচরত্ব, বিধিপ্রত্যয়বেদ্যত্ব, অসত্ত্বব্যাবৃত্তিত্ব, ব্যপদেশাবিষয়ত্ব বুঝায়। বেদান্তমতে সৎ অখণ্ড জ্ঞানস্বরূপ। উহা ভিন্ন ভিন্ন বস্তুস্বরূপ বা বস্তু ধর্ম্ম নহে কিন্তু অনুগত ধর্ম্মিরূপে প্রতিভাত। "সম্বন্ধিভেদাৎ সত্তৈব ভিদ্যমানা গবাদিষু। জাতিরিত্যুচ্যতে তস্যাং সর্ব্বে শব্দা ব্যবস্থিতাঃ। তান্ প্রাতিপদিকার্থং চ ধাত্বর্থং চ প্রচক্ষতে। সা নিত্যা সা মহানাত্মা তামাহুস্ত্বতলাদয়ঃ। শাস্ত্রেষু প্রক্রিয়াভেদৈরবিদ্যৈবোপবর্ণ্যতে। সমারম্ভস্তু ভাবানাং অনাদি ব্রহ্মশশ্বতম্। (ভর্ত্তৃহরিকারিকা—মহাভাষ্য টীকাকার কয়্যট কর্ত্তৃক উদ্ধৃত)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যেহেতু সর্ব্বত্রই মনুষ্যাদি অননুগত পদার্থ দ্বারাই অনুগত মনুষ্যত্বাদি জাতিবুদ্ধি উৎপন্ন হইবে। বস্তুস্বরূপ হইতে বিলক্ষণ অনুগত সৎ না থাকিলে অনুগত সৎবুদ্ধি বিষয়শূন্য হইবে। "উহাই এই দীপ" এইরূপে অনুগত প্রত্যয় এবং ব্যবহার থাকা সত্ত্বেও তথায় পরিমাণাদিভেদই ভেদক হইয়া থাকে পরন্তু এস্থলে এরূপ কিছু নাই। অতএব অনুগত বুদ্ধি হওয়াতে অনুগত বিষয় মানা উচিত। সৎ সৎ এইরূপ প্রতীতি অনুসারে বস্তু রূপ সৎ স্বীকৃত হইলে ঘটও পটস্বরূপ হওয়া উচিত, যেহেতু উভয়ই সৎ। উভয়ের ভেদ বলিলে অন্যতর অসৎ হইবে। অতএব বস্তুস্বরূপ সৎ নহে। বস্তু-স্বরূপ সৎ হইলে ভিন্নতা লোপ পাইবে, যেহেতু সকলই সৎ। ঘটঃসন্ এইরূপে প্রতীয়মান সত্তা ঘটাদি স্বরূপ নহে। ঘটঃসন্ এইরূপ যেমন অনুভব হইয়া থাকে তদ্রূপ ঘটঃ ঘটঃ এইরূপ অনুভব হয় না। ঘটাদি স্বরূপই যদি সৎ হইত তবে বস্তুর দ্বৈরূপ্য অযুক্ত হওয়ায় সর্ব্বদা সত্ত্বই হইত। এরূপ হইলে উহাদের উৎপত্তি নাশ হইত না। সর্ব্বদা সৎ হইলে উৎপত্তির পূর্ব্বে এবং নাশের অনন্তরও উহার উপলম্ভ হইত। ঘটাদি স্বরূপই সৎবুদ্ধির বিষয় এইরূপ বলিতে গেলে ঘট শব্দ এবং সৎশব্দের একার্থত্ব বলিতে হইবে। ইহা কিন্তু অনুপপন্ন। সৎশব্দের ঘটাদিপদের সহপ্রয়োগ অযুক্ত। এরূপ হইলে সৎবুদ্ধি এবং ঘটাদিবুদ্ধির অবৈলক্ষণ্য হইয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পড়িবে। সন্ ঘট, সন্ পট এইরূপ বোধ বিশেষ্যবিশেষণ ভাবমূলক (সৎ এবং পটাদির সহিত বিশেষ্যবিশেষণ সম্বন্ধ)। বিশেষ্য, বিশেষণ স্বরূপ হয় না; অন্যথা বিশেষ্য বিশেষণ ভাবই অসিদ্ধ হইত। অতএব বস্তুস্বরূপ সৎ নহে। বস্তুর সহিত সম্বন্ধ হওয়ায় সৎ বস্তুস্বরূপ নহে। সম্পূর্ণ অভেদে সম্বন্ধ হয় না। "স্বরূপানাং পরস্পরব্যাবৃত্তেরব্যাপকত্বাদ-লক্ষণং।" (২)

---

(2) (a) Plurality must contradict independence. If the beings are not in relation, they cannot be many; but if they are in relation, they cease forthwith to be absolute. For, on the one hand, plurality has no meaning, unless the units are somehow taken together. If you abolish and remove all relations, there seems no sense left in which you can speak of plurality. But, on the other hand, relations destroy the real's self-dependence. For it is impossible to treat relations as adjectives, falling simply inside the many beings. And it is impossible to take them as falling outside somewhere in a sort of unreal void, which makes no difference to anything. Hence......the essence of the related terms is carried beyond their proper selves by means of their relations. And, again, the relations themselves must belong to a larger reality. To stand in a relation and not to be relative, to support it and yet not to be infected and undermined by it, seem out of the question.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩। সৎ অস্তিত্ব (বৃত্তিত্ব) আদি স্বরূপ নহে।

সৎ সৎ প্রতীতি সর্ব্বত্র অস্তিত্বরূপ ধর্ম্মকেই বিষয় করিয়া থাকে এরূপ বলা উচিত নহে। অস্তিত্বকে কিঞ্চিৎ সম্বন্ধে বৃত্তিত্বরূপ বলা আবশ্যক। উহা যদি সমবায় সম্বন্ধে অবচ্ছিন্ন বৃত্তিত্বরূপ হইবে তবে নিত্যদ্রব্যে থাকিবে না যেহেতু নিত্য দ্রব্যে কখনও কোথাও সমবায় সম্বন্ধে থাকে না, অথচ তথায় (নিত্যদ্রব্যে) অস্তিত্ব আছে। সেই অস্তিত্ব যদি সংযোগ সম্বন্ধাবচ্ছিন্ন বৃত্তিত্বরূপ হইবে তাহা হইলে গুণাদিতে উক্ত

Diversity in the real cannot be the plurality of independent beings.

(Bradley's "Appearance and Reality"—Ed).

(b) The realist's many beings, as defined, are defined as wholly disconnected; and they must remain so. You cannot first say of them, for instance, that they are logically independent, and then truly add that nevertheless they are really and causally linked. No two of them are in the same space; for space would be a link. And just so, no two are in the same time; no two are in any physical connection; no two are parts of any really same whole. The mutual independence, if once real, and real as defined, cannot later be changed to any form of mutual dependence.

(Royce's "The World and the Individual"—First series —The four historical conceptions of Being).

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৃত্তিত্ব থাকিবে না যেহেতু গুণ (৩) সংযোগ-সম্বন্ধে কোথাও থাকে না (দ্রব্যেরই সংযোগ হয়, গুণক্রিয়াদির সংযোগ হয় না) কালিকসম্বন্ধাবচ্ছিন্ন বৃত্তিত্বরূপ অস্তিত্ব যদি হইবে তাহা হইলে সর্ব্বজন্য পদার্থের এককালে বৃত্তিত্ব না হওয়ায় নিরূপককালভেদে ঐ অস্তিত্বের ও ভেদ আবশ্যক। সৎ সৎ প্রতীতি, মহাকাল বৃত্তিত্বকে বিষয় করিয়া থাকে এরূপ বলাও সঙ্গত নহে। উপাধি ব্যতিরেকে মহাকাল বিষয়ক প্রতীতিরও স্বরসতঃ অভাব হওয়ায়, 'ইদানীং অস্তি তদানীং 'অস্তি' এইরূপ প্রতীতিই আনুভবিক হওয়ায় তথায় উপাধিভেদে ভিন্নকালবৃত্তিত্বসমূহেরই অবগতি হইয়া থাকে স্বীকার করিতে হইবে। অতএব অস্তিত্বরূপ ধর্ম্মদ্বারা সৎ সং

---

(৩) এস্থলে বৈশেষিক এবং নব্যনৈয়ায়িক সম্মত পদার্থ বিভাগের সংক্ষিপ্ত পরিচয় প্রদত্ত হইতেছে। ইহা দ্বারা পরবর্ত্তী বিচার বুঝিবার সহায় হইবে। পদার্থ সপ্তবিধ—দ্রব্য গুণ কর্ম্ম সামান্য সমবায় বিশেষ (পরমাণুর পরস্পর ভেদসাধক পদার্থ), অভাব (প্রাগভাব, প্রধ্বংসরূপ অভাব, অত্যন্তাভাব এবং অন্যোন্যাভাব)। দ্রব্য পদার্থ নববিধ—পৃথিবী অপ তেজ বায়ু আকাশ কাল দিক আত্মা মন। নিত্য এবং অনিত্যভেদে দ্রব্য দ্বিবিধ, সাবয়ব দ্রব্য অনিত্য, নিরবয়ব দ্রব্য নিত্য। পরমাণু নিত্য, কার্য্য অনিত্য। পৃথিব্যাদি চারভূতের পরমাণু নিত্য, আকাশ কালদিক আত্মা মন ইহারাও নিত্য দ্রব্য। রূপ রস গন্ধ স্পর্শাদি গুণ চতুর্বিংশতি প্রকার। উৎক্ষেপনাদি কর্ম্ম পঞ্চপ্রকার। সামান্য অর্থ জাতি। জাতি, অনুগত প্রত্যয় দ্বারা সিদ্ধ হয়। একই সম্বন্ধে কোনও বস্তু অনেক বস্তুতে অবস্থিত হইলে উহাকে অনুগত বলে। প্রত্যেক ঘটে, 'ঘটঘট' এইরূপ অনুগত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষয়ক অনুগত প্রতীতির উপপত্তি প্রদান করা যাইতে পারে না। সৎসৎ প্রতীতিস্থলে বর্ত্তমানকাল সম্বন্ধিত্বই অস্তিত্ব এরূপ বলা সমীচীন নহে, যেহেতু অস্তিত্বেরই ত্রৈকালিকঅন্বয় ভান হইয়া থাকে।

সৎ বিধিপ্রত্যয়বিষয়ত্বরূপও নহে। এরূপ হইলে রজ্জু-সর্পাদিরও সত্যত্তাপাত হইবে এবং উহার অভাবের

প্রতীতি আছে। এই অবাধিত অনুগত বুদ্ধি অনুগতনিমিত্তজনিত মানিতে হইবে। অতএব সকল ঘটে একটি ঘটত্ব জাতি আছে। সেইরূপ সকল দ্রব্যে দ্রব্যত্ব, সকল গুণে গুণত্ব, সকল ক্রিয়াতে ক্রিয়াত্ব সিদ্ধ হয়। কোন কোন ব্যক্তির নাশেও জাতি নষ্ট হয় না, অপর ব্যক্তিতে জাতি অভিব্যক্তই থাকে। অতএব উহা নিত্য। জাতিতে অপর জাতি নাই। জাতি জাতিমান হইলে অনবস্থা হইবে। জাতিতে জাতি, শেষোক্ত জাতিতে জাতি এইরূপে অপ্রামাণিক অসংখ্য পদার্থ কল্পনাপ্রযুক্ত অনিষ্ট প্রসঙ্গ হওয়ায় অনবস্থা। দ্রব্যত্ব (এতদন্তর্ভূত ঘটত্ব পটত্বাদি) গুণত্ব (এতদন্তর্গত নীলত্বাদি), কর্ম্মত্ব জাতি হইতে ব্যতিরিক্ত সত্তাজাতি আছে। উহা উক্ত ত্রয়ের ন্যায় পরস্পর নহে ব্যভিচরী কিন্তু দ্রব্য গুণ কর্ম্ম এই তিন পদার্থেই থাকে এইহেতু ইহাকে পরাজাতি বলা হয়। এই নিত্য ব্যাপক জাতির সহিত সম্বন্ধ হওয়ার দরুণই পদার্থ সকল "আছে" "সৎ" এইরূপে প্রতীতিগোচর হয়। এই সত্তা সামান্য জাতি, সামান্যাদি চার পদার্থে থাকে না। উক্ত চার পদার্থে সামানাধিকরণ্য দরুণ সৎপ্রত্যয় হয়। অর্থাৎ দ্রব্যগুণ এবং কর্ম্ম এই তিন পদার্থে সত্তা সাক্ষাৎ সম্বন্ধে থাকে, সেই অধিকরণত্রয়ে সামান্যাদিও থাকে অতএব পরম্পরা সম্বন্ধে সামান্যাদিতে সত্তাপ্রতীতি হয় (প্রত্যক্ষ গম্য হয়)। গুণী (দ্রব্য) এবং গুণ পৃথক, দ্রব্য এবং ক্রিয়া পৃথক, ব্যক্তি এবং জাতি পদার্থ পৃথক অথচ উহাদের অপৃথক সিদ্ধি হইয়া থাকে। ইহা যাহা দ্বারা সাধিত হয় সেই সম্বন্ধের নাম সমবায়। সমবায় সম্বন্ধি-দ্বয় হইতে পৃথক পদার্থ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসত্যতাপাত হইবে। বিভ্রমাবিভ্রমের বিপর্য্যয় হইয়া পড়িবে। বাধাভাবও সংনহে। এস্থলে বিচার্য্য—আপাততঃ বাধাভাব অথবা সর্বথা বাধাভাব? প্রথমপক্ষে মৃগতৃষ্ণিকা-জলাদিতে অতিব্যাপ্ত হইবে। উত্তরপক্ষে বক্তব্য এই যে, উহা অস্মদাদির প্রত্যক্ষের অগোচর। অথচ সৎ অপরোক্ষ।

৪। সৎ জাতিরূপ ধর্ম্ম নহে—

সৎ জাতিরূপ ধর্ম্ম নহে। জাত্যাদিতে জাতি থাকে না অথচ ঐ জাত্যাদি পদার্থেও সদ্‌ব্যবহার হওয়ায় সৎ জাতিরূপ ধর্ম্ম নহে (৪) বিষয় বৈলক্ষণ্যে প্রতীতি বৈলক্ষণ্য আবশ্যক হওয়ায় অথচ দ্রব্যাদিতে এবং জাতি আদিতে সৎপ্রতীতির বৈলক্ষণ্যের অভাব হওয়ায় উহা জাতিরূপ ধর্ম্ম নহে কিন্তু সর্ব্বানুস্যূত অন্য কিছু। "দ্রব্য সৎগুণ" "সৎক্রিয়া সৎ" যেমন প্রতীত হয় তদ্রূপ 'ঘটে পটত্বের অভাব সৎ, পটে ঘটত্বের অভাব সৎ' 'ধ্বংস সৎ' এইরূপ অনুভব হইয়া থাকে। সত্তাজাতিবাদির মতানুসারে অভাবে সত্তারূপ জাতি স্থিত নহে অন্যথা সত্তাসম্বন্ধে উহাও ভাবপদার্থ হইয়া পড়িবে অথচ

(৪) সত্তা চ ন দ্রব্যগুণকর্ম্মবৃত্তিরেকা প্রত্যক্ষসিদ্ধা জাতিঃ। ধর্ম্মাদীনামতীন্দ্রিয়ত্বেন তত্র প্রত্যক্ষাযোগাৎ জাত্যাদাবপি সদ্‌ব্যবহারাচ্চ। সামান্য বিশেষ সমবায়াঃ নিঃসামান্যা ইত্যঙ্গীকারাৎ সত্তা সামান্য সংসর্গাসম্ভবাৎ তেষাং অভাবত্ব প্রসঙ্গঃ।

(শ্রীরঘুনাথ বিরচিত "পদার্থতত্ত্ব নিরূপণ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্রব্যাদি ভাবপদার্থে যেরূপ সৎ প্রতীত হয়, অভাবেও তদ্রূপ সৎ প্রতীত হয়। অতএব সত্তা জাতিরূপ ধর্ম্ম নহে। দ্রব্যাদিত্রয়ে (দ্রব্য গুণ কর্ম্মে) সাক্ষাৎসম্বন্ধে (৫) সামান্য (জাতি) বিশেষ সমবায় এবং অভাব এই পদার্থচতুষ্টয়ে পরম্পরাসম্বন্ধে সৎ অবস্থিত এরূপ কল্পনাও সঙ্গত নহে, যেহেতু সাক্ষাৎপরম্পরাসম্বন্ধদ্বয়ে যাহারা সম্বদ্ধ উহাদের সমানাকার প্রতীতি সুপপন্ন নহে। অনুগত একাকার বুদ্ধির একরূপ সম্বন্ধবিষয়ত্বই বলা উচিত, অন্যথা প্রমাপ্রমেয় এই বুদ্ধিদ্বয়ের ন্যায় আকারভেদ প্রসঙ্গ হইত। যদি ইহাদের সাক্ষাৎ এবং পরম্পরারূপ সম্বন্ধ হইয়া থাকে তবে ঐ বৈলক্ষণ্যের ভান হওয়া আবশ্যক। বিলক্ষণতার ভান বিনা ইহারা বিলক্ষণসম্বন্ধযুক্ত এরূপ প্রত্যক্ষ কিরূপেহইবে? একরূপ প্রতীতি একরূপ বিষয় দরুণই সিদ্ধ হয়। সেই একরূপ প্রতীতিস্থলে সম্বন্ধের ভেদ এবং স্বরূপের ভেদ কল্পনা করা অনুচিত। অনেক ঘটে "অয়ং ঘটঃ অয়ং ঘটঃ" এতাদৃশ একরূপ প্রতীতি হয়, ঐ একরূপ প্রতীতি, ঘটত্বরূপ একরূপ বিষয়দরুণই সিদ্ধ হইয়া থাকে। অতএব ঘটব্যক্তিতে সেই ঘটত্বধর্ম্মের সম্বন্ধের ভেদ কল্পনা যেমন অনুচিত তদ্রূপ সন্ সন্ এতাদৃশ এক প্রতীতি, দ্রব্য গুণ কর্ম্ম তিন পদার্থস্থলে

---

(৫) উক্ত ত্রিতয়ানুগত সত্তাজাতিবিষয়েও প্রমাণ নাই। "প্রত্যক্ষস্য-নিত্যত্বাদি-ঘটিতে তত্রাসামর্থ্যাৎ, অনুমানাদের্ব্যাপ্ত্যাদিগ্রহসাপেক্ষত্বেন সাধ্যপ্রসিদ্ধিং বিনা অসম্ভবাৎ। (গূঢ়ার্থতত্ত্বালোক)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমবায় সম্বন্ধবিশিষ্ট সত্তাকে বিষয় করে এবং সামান্য বিশেষ সমবায় এই তিন পদার্থে সামানাধিকরণ্যবিশিষ্ট সত্তাকে বিষয় করিয়া থাকে এই প্রকারে সম্বন্ধের ভেদ কল্পনা সমীচীন নহে। অতএব কোথাও সাক্ষাৎসম্বন্ধে কোথাও পরম্পরা-সম্বন্ধে "সৎ" এইরূপ প্রতীতি উপপন্ন হয় না, যেহেতু বিজাতীয়সম্বন্ধে সমানাকার প্রতীতি অনুপপন্ন, অন্যথা সম্বন্ধভেদই সিদ্ধ হইবে না। তাৎপর্য্য এই যে—বিজাতীয় সম্বন্ধে যদি সমানাকার প্রতীতি হইবে তবে সম্বন্ধের বিজাতীয়ত্বই নষ্ট হইয়া যাইবে, যেহেতু প্রতীতি দ্বারাই সম্বন্ধাদিবিষয়ের একত্ব অথবা অনেকত্ব সিদ্ধ করিতে হইবে। প্রকৃতস্থলে প্রতীতি একাকার হওয়াতে উহার বিষয় সম্বন্ধও একই হইবে অর্থাৎ বিজাতীয়ত্ব থাকিবে না। আরও পরম্পরাসম্বন্ধে প্রত্যক্ষবিশিষ্টবুদ্ধি হইলে অতিপ্রসঙ্গ হইবে তাৎপর্য্য এই যে—প্রত্যক্ষাত্মক যে বিশিষ্টবুদ্ধি উহা সর্ব্বত্র সাক্ষাৎসম্বন্ধেই হইয়া থাকে। উহা যদি পরম্পরাসম্বন্ধেও হইবে তবে নির্ঘট ভূতলাদিতেও ঘটাদি পদার্থের পরম্পরা-সম্বন্ধ থাকাতে তথায়ও "ঘটবৎ ভূতলং" এইরূপ প্রত্যক্ষ হইবে। অতএব পরম্পরাসম্বন্ধে কোনও পদার্থের বিশিষ্ট-বুদ্ধি প্রত্যক্ষাত্মক হয় না। প্রকৃতস্থলে "সৎ সৎ" এই বিশিষ্টবুদ্ধি প্রত্যক্ষাত্মক হওয়াতে ইহাতে পরম্পরাসম্বন্ধ বিষয় হইতে পারিবে না।

৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আরও বক্তব্য—বিষয়ের একরূপতার অভাব হইলেও যদি কদাচিৎ প্রতীতির একরূপতা অঙ্গীকৃত হয় তবে পূর্ব্বপক্ষীর মতে কোনও জাতি সিদ্ধ হইবে না। অতএব সিদ্ধ হইল যে, পূর্ব্বপক্ষীসম্মত সত্তাজাতি, ঘট সন্ পট সন্ ইত্যাদি সদ্‌ব্যবহারের সাধক নহে।

সতের অনুগতি সম্বন্ধাংশে এবং প্রকারাংশে ও বিদ্যমান অর্থাৎ বিশেষ্য, প্রকার এবং সম্বন্ধ তথা সত্তার সম্বন্ধ এই সকলে 'সৎ' এইরূপ প্রতীতি অনুগত আছে। পরন্তু সম্বন্ধেতে অথবা প্রকারেতে সত্তারূপ জাতি থাকিতে পারিবে না। এই উভয়াংশে অনুগত ব্যবহারের উপপত্তি দিতে হইলে জাতিব্যতিরিক্ত অপর সৎ স্বীকার্য্য যাহার সহিত তাদাত্ম্যপ্রাপ্ত হইয়া ঐরূপে ব্যবহৃত হয়। (৬) সন্ ঘট সন্ বট ইত্যাদিক প্রতীতি, ঘটবটব্যক্তিতে সত্তাব্যক্তির অভেদমাত্রকে বিষয় করিয়া থাকে। ঐ প্রতীতি দ্বারা ঘটবটাদিব্যক্তিতে সত্তাজাতির সমবায়িত্ব সিদ্ধ হয় না; যেহেতু, যে প্রতীতি অভেদকে বিষয় করে সেই প্রতীতির নির্ব্বাহ ভেদঘটিত সমবায় সম্বন্ধ দ্বারা হইতে পারে না। এই প্রকার দ্রব্য সন্ গুণ সন্ ইত্যাদিক প্রতীতি দ্বারা ঐ এক-সৎবস্তুর দ্রব্যাদিক সর্ব্বপদার্থের সহিত অভিন্নত্ব সিদ্ধ হয়। ঐ একসৎবস্তুর সহিত অভিন্ন হওয়ায় সেই দ্রব্যগুণাদিক

(৬) ব্রহ্মণস্তাদাত্ম্যেন বিশেষণত্বোপগমে তূভয়াংশেপ্যনুগত—ব্যবহারোপপত্তের্ব্রহ্মণঃ এব তথাত্বং। (অদ্বৈতসিদ্ধিবিষ্টলেশীয়)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পদার্থের পরস্পর ও বাস্তবিকভেদ সিদ্ধ হয় না, কল্পিত ভেদমাত্র হয়। দ্রব্যাদির বাস্তব ভেদ অসিদ্ধ হওয়ায় ঐ দ্রব্যগুণাদিক ধর্ম্মিতে সত্তাজাতিরূপ ধর্ম্মের কল্পনা হইতে পারে না। অতএব সংরূপ ধর্ম্মিতে দ্রব্যগুণাদিক পদার্থের অভিন্নত্বই অঙ্গীকার করা উচিত।

উল্লিখিত বিচার দ্বারা সিদ্ধ হইল যে—সৎ ভিন্ন ভিন্ন বস্তুস্বরূপ বা অস্তিত্বাদিরূপ ধর্ম্ম নহে বা জাতিরূপ ধর্ম্ম নহে অর্থাৎ সত্তা তৎতৎ পদার্থভেদে ভিন্ন নহে, পদার্থনিষ্ঠ অনুগত বা অননুগত ধর্ম্মরূপ ও নহে, উহা অনুবর্ত্তমান ধর্মিস্বরূপ একমাত্র। (৭)

৫ সৎস্বরূপ এবং জ্ঞানস্বরূপ অভিন্ন :—

যাহা চেতন স্বরূপ উহাই পদার্থসম্বন্ধে প্রকাশকরূপে প্রতিভাত হয়। উহা প্রকাশ্যবস্তু বা তদীয় ধর্ম্মরূপ নহে। জ্ঞান সর্ব্বাবধি হওয়ায় কাহারও ধর্ম্ম নহে, নিরাকার হওয়ায় (যেহেতু উহা সর্ব্বাবধি অবিষয়) ঘটাদি ভিন্ন

(7) It is not itself a generic, but a transcendental notion. Wider than all, even the widest and highest genera, it is not itself a genus. A genus is determinable into its species by the addition of differences which lie outside the concept of the genus itself; being, as we have seen, is not in this way determinable into its modes.

(Coffey's "Ontology" or "The Theory of Being")

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভিন্ন বস্তুস্বরূপ নহে। অথচ বস্তুসম্বন্ধে উহাই ধর্ম্মিরূপে অনুভূত হয়। সৎ ও বস্তুস্বরূপ বা উহার ধর্ম্ম নহে; অথচ ধর্ম্মিরূপে প্রতিভাত। সুতরা সৎ এবং চেতন অভিন্ন। সৎ যদি প্রকাশস্বরূপ হইতে ভিন্ন হয় তবে উহা অপ্রকাশরূপ হইবে। অপ্রকাশরূপ হওয়ায় উহা "সৎসৎ" এইরূপে প্রকাশমান হইবে না, সতের অস্ফুরণ প্রসঙ্গ হইবে। অনুগত ধর্ম্মিরূপ হওয়ায় সৎ চেতনের বিষয় বা ধর্ম্মরূপ নহে। সৎস্বরূপ অসিদ্ধ তথা পরতঃসিদ্ধ না হওয়ায় স্বতঃসিদ্ধ। জ্ঞানও তদ্রূপ। জ্ঞাতৃ—অন্তর এবং জ্ঞানান্তরের অভাব হওয়ায় স্বপ্রকাশের সত্যতা মানিতে হইবে। অতএব সৎ এবং জ্ঞান অভিন্ন। ভিন্ন হইলে সাধকাভাবে অসৎ হইয়া পড়িত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

তৃতীয় অধ্যায়।

জ্ঞেয়স্বরূপ বিচার

(১) অধ্যায়ের প্রতিপাদ্য :—

স্বপ্রকাশ জ্ঞানের দিক হইতে জ্ঞেয়ের প্রতি কল্পনা-নেত্রে নিরীক্ষণ করিলে দ্বিবিধ পদার্থ প্রতিপন্ন হইবে—দ্রষ্টা এবং দৃশ্য। দ্রষ্টৃচেতন জ্ঞানাত্মক, দৃশ্যপদার্থ জ্ঞেয়াত্মক জড়পদবাচ্য। জড়ের অবভাসক হওয়ায় জ্ঞপ্তি বা জ্ঞানই জ্ঞাতা বা দ্রষ্টারূপে অভিহিত হয়। স্বপ্রকাশ জ্ঞানাত্মক দ্রষ্টৃচেতন হইতে জ্ঞেয়াত্মকজড়প্রপঞ্চ ভিন্ন বা অভিন্ন বা ভিন্নাভিন্নরূপে নির্ব্বচনীয় নহে ইহা এই অধ্যায়ে প্রতি-পাদিত হইবে।

(২) জ্ঞান হইতে ভিন্নরূপে জ্ঞেয়ের নির্ব্বাচন হয় না—

জ্ঞেয়পদার্থ, জ্ঞান হইতে স্বতন্ত্ররূপে গৃহীত বা প্রতীত না হওয়ায় উহাকে জ্ঞান—অসম্বদ্ধ বা স্বতন্ত্রভিন্ন বলা যাইতে পারে না। যাহাদের স্বরূপ পরস্পর অসংস্পৃষ্ট, যাহারা অসম্বদ্ধ, উহাদের দ্রষ্টৃদৃশ্যভাব কিরূপ ? জ্ঞেয়পদার্থ, জ্ঞানস্বরূপ হইতে সর্ব্বথা ভিন্ন হইলে জ্ঞাতৃজ্ঞেয়ভাবের অপ্রসিদ্ধি হওয়ার দরুণ জগতেরই অপ্রসিদ্ধি হইয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পড়িত। অতএব স্বপ্রকাশ জ্ঞান হইতে ভিন্নরূপে জ্ঞেয়-পদার্থের নির্ব্বচন হইতে পারে না। জ্ঞান এবং জ্ঞেয়ের স্বরূপভেদ হইলেও জ্ঞেয়ের স্বতঃ সত্তাস্ফূর্ত্তি সম্ভব না হওয়ায় জ্ঞান হইতে উহার ভেদ সিদ্ধ হয় না। যদ্যপি দ্রষ্টৃ-চেতন এবং দৃশ্যের ভেদ প্রসিদ্ধ আছে, সেইহেতুই ব্যবহার হইয়া থাকে, তথাপি ঐ ভেদের মূল দৃষ্ট হয় না। দুই অদৃষ্ট পদার্থের পরস্পর ভেদ কিম্বা এক দৃষ্ট এবং অপর অদৃষ্ট ইহাদের ভেদ দৃষ্ট হইতে পারে না, যেহেতু ভেদদৃষ্টি, ধর্ম্মি (যাহাতে ভেদ বা অভাব থাকে উহার) এবং প্রতিযোগীর (যাহার ভেদ বা অভাব উহার) সাপেক্ষ হইয়া থাকে। যাহা অদৃষ্ট উহা কথনও ধর্ম্মি বা প্রতিযোগী হইতে পারে না, অন্যথা সকলের বা সকল হইতে যুগপৎভেদদৃষ্টি হইয়া পড়িবে। অর্থাৎ অদৃষ্ট যদি ধর্ম্মি হইবে তবে সর্ব্বের ভেদদৃষ্টি হইয়া পড়িবে, অদৃষ্ট যদি প্রতিযোগী হয় তবে সর্ব্বতঃ ভেদ-দৃষ্টিপ্রসঙ্গ হইবে; ঐরূপ হইলে সংশয়বিপর্য্যয়েরও অনুদয় হইত অর্থাৎ ইহা এইবস্তু হইতে ভিন্ন বা নহে ইত্যাকার সংশয় কিংবা ভেদাভাবনিশ্চয়ও হইত না। অতএব দুই পদার্থেরই পরস্পর রূপেক্ষায় ভেদদৃষ্টি সম্ভব, দৃষ্ট এবং অদৃষ্ট এই উভয়ের কিংবা দুই অদৃষ্টপদার্থের ভেদদৃষ্টি সম্ভব নহে। প্রকৃতস্থলে দৃক অদৃষ্ট এবং দৃশ্য দৃষ্ট এই,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্য দৃকদৃশ্যের ভেদপ্রসিদ্ধির কোন মূল পাওয়া যায় না। সেইহেতু দৃক এবং দৃশ্যে ভেদদৃষ্টির সম্ভব নাই যেহেতু দৃশি (স্বয়ং প্রকাশ সাক্ষীচেতন) অদৃশ্য (অবিষয়)। দৃক-দৃশ্যের অন্যোন্যাভাবে অবগত হওয়া যাইতে পারে না। অভাব প্রতিযোগীসাপেক্ষ হয় তখন উহা দৃশ্য হওয়াতে উহার দ্রষ্টা আবশ্যক হয় পরন্তু দৃক স্বয়ং দৃশিস্বরূপ। ঈদৃশ স্বয়ংদৃষ্টির, প্রতিযোগীসাপেক্ষ দ্রষ্ট্যান্তরদৃশ্য-রূপান্তর (অর্থাৎ যে রূপান্তর, প্রতিযোগীর অপেক্ষা করে এবং অন্যজ্ঞান দ্বারা জ্ঞেয় হয় এইরূপ রূপান্তর) থাকিতে পারে না, অন্যথা স্বয়ংদৃষ্টত্বের হানিহইবে। যাহা স্বসত্তাতে প্রকাশ—ব্যভিচারি উহারই অদৃশিতা নিশ্চয় করা যাইতে পারে। দৃশি কিন্তু সদা দৃষ্ট (স্বপ্রকাশ) হওয়ায় উহার স্বসত্তাতে প্রকাশব্যভিচার নাই। স্বয়ং দৃষ্টির কখনও অদৃষ্টি (অপ্রকাশমানতা) সম্ভব নহে, যেহেতু উহার স্বরূপভূত দৃষ্টি অন্যানপেক্ষত্ব। উহা যদি অন্যাপেক্ষ হইবে তবে স্বরূপেরই অন্যাপেক্ষত্ব হওয়ায় উহার অনিতত্ব হইয়া পড়িবে।

উক্তরূপে দৃকস্বভাবের পর্য্যালোচনা দ্বারা ভেদ বা অভাবের সম্বন্ধ উহাতে নিরাশ করিয়া এক্ষণে ভেদ ও অভাবের স্বরূপ পর্য্যালোচন দ্বারাও উহাদের দৃকধর্মত্ব নরাকৃত হইতেছে। এস্থলে তুইটী বিকল্প উথাপিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতেছে—ভেদ এবং অভাব, ইহারা দৃশ্য বা অদৃশ্য ? যদি দৃশ্য হয় তবে দৃশ্যান্তরের ন্যায় উহারা দৃকধর্ম্ম হইবে না। উহারা যদি অদৃশ্য হয় তবে উহাদিগকে অপ্রকাশ বা স্বপ্রকাশ বলিতে হইবে। অপ্রকাশ হইলে উহাদের সিদ্ধি হইবে না। উহারা যদি স্বয়ংপ্রকাশ হয় তবে দৃশি হইতে উহাদের ভেদ থাকিবে না। (১) এ পক্ষে দোষান্তর এই যে—স্বয়ংপ্রকাশ হইলে সদাভাত হইবে। সদাভান হওয়ায় উহাদের সিদ্ধি প্রতিযোগী অনপেক্ষ হইবে। প্রতিযোগিঅনপেক্ষ সিদ্ধি হওয়ায় ভেদের এবং অভাবত্বের হানি হইবে। ভেদ এবং অভাব এই উভয় নিয়মপূর্ব্বক প্রতিযোগীসাপেক্ষ হইয়া থাকে। অতএব প্রতিপন্ন হয় যে, উহারা (ভেদ এবং অভাব) দৃশির ধর্ম্ম নহে। দৃশির স্বরূপও উহারা নহে। স্বয়ংপ্রকাশ পদার্থ প্রতিযোগির অপেক্ষা না করিয়াই সিদ্ধ হয় অতএব উহার ভেদরূপত্ব বা অভাবরূপত্ব হইতে পারে না। সুতরাং তদ্রূপে ভেদ বা অভাব সিদ্ধ হইতে পারে না। একের দ্বিরূপ হয় না। এক লক্ষণ এক হইয়া থাকে, ভিন্নলক্ষণ ভিন্ন হয়, ইহা

---

(১) স্বয়ংমানত্বে তয়োর্দৃশ্যেন সহৈকজ্ঞানাগম্যত্বান্ন দৃশ্যধর্ম্মত্বং যথা দৃশঃ স্বয়ংমানায়া ন দৃশ্যধর্ম্মত্বং তদ্বৎ। তয়োঃ স্বয়ংমানত্বাদেব দৃগ্বৎ দৃক্প্রতিযোগীতয়া তয়োর্ভেদো ন সিদ্ধ্যেৎ প্রতক্ষ প্রত্যক্ষভেদস্যাপ্রত্যক্ষত্বাৎ তয়োঃ পরস্পরমপি ভেদো ন সিদ্ধ্যেৎ স্বয়ংমানত্বাবিশেষাৎ।
(জ্ঞানোত্তমকৃত ইষ্টসিদ্ধিবিবরণ অমুদ্রিত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রসিদ্ধ। একদৃশির যদি ভেদ এবং অভাবাখ্য দুইরূপ হয় তবে বলিতে হইবে যে—দৃক্ ঐদ্বয়—অভিন্ন কিংবা ঐদ্বয় দৃশি—অভিন্ন। প্রথমপক্ষে দৃশির একত্ব থাকিবে না যেহেতু উহা ঐ দুইয়ের অভিন্ন। চরমপক্ষে ঐ উভয়ের পরস্পর ভেদ থাকিবে না যেহেতু উহারা একাভিন্ন (দৃশি-অভিন্ন)। আরও দৃগভিন্ন হইলে ঐ উভয়রূপের স্বপ্রভত্ব বলিতে হইবে, অতএব পূর্ব্বোক্তদোষ অর্থাৎ প্রতিযোগিঅনপেক্ষ উহাদের সিদ্ধি হওয়ায় ভেদ এবং অভাবত্বের হানি হইবে। অতএব ভেদ এবং অভাব এই উভয় দৃশিরূপ, এই পক্ষও সিদ্ধ হয় না। উপরোক্ত বিচার দ্বারা এই সিদ্ধান্ত প্রাপ্ত হওয়া যায় যে, দৃক-প্রতিযোগিক (দৃক্ যাহার প্রতিযোগী এতাদৃশ) ভেদ এবং অভাব দৃশ্যে থাকিতে পারে না।

এক্ষণে দ্রষ্টাদৃশ্যের ভেদ এবং পরস্পরাভাববিষয়ক কোন প্রমাণও নাই বলা হইতেছে। চক্ষু বা মন দ্বারা উহা অবগত হওয়া যাইতে পারে না, যেহেতু দৃশি-স্বরূপ চক্ষু ও মনের অগোচর। অগোচর হইতে ভেদ বা অগোচরের অভাব, গোচরেতে জ্ঞাত হওয়া যাইতে পারে না। দৃশির গোচরত্ব হইলে উহা ঘটাদির ন্যায় অদৃক্ হইবে। ঘটজ্ঞান পটজ্ঞান এইরূপে বিশিষ্টরূপে কদাচিৎ বিষয়ত্ব দৃষ্ট হইলেও কেবল জ্ঞানের কখনও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষয়ত্বদৃষ্ট হয় না। দৃকপ্রতিযোগিক ভেদ এবং অভাব বিষয়ে দৃক্ই প্রমাণ হইবে এরূপও বলা যাইতে পারে না। "দৃশঃ স্ববিষয়ত্বপ্রসঙ্গঃ" দৃকের গ্রহণ ব্যতিরেকে তৎপ্রতিযোগিক ভেদ এবং অভাবের গ্রহণ সম্ভব নহে। নিজেই নিজের গোচর নহে "কর্ম্মকর্ত্তৃবিরোধাৎ"। দৃশি স্বতঃ স্ফূরিত হওয়ায় স্বপ্রতিযোগিক ভেদ এবং অভাবের প্রমাণ নিজেই হইবে এরূপ বলা উচিত নহে। প্রতিযোগী তথা প্রতিযোগীযুক্ত ভেদ ও আভবজ্ঞান নিজেই হয় বলিলে প্রষ্টব্য—যুগপৎ সম্পূর্ণরূপে হইয়া থাকে অথবা অংশরূপে? আদ্যপক্ষ সঙ্গত নহে, যেহেতু উহা সাবধিরূপে এবং অবধির প্রমাণরূপে যুগপৎ কৃৎস্ন বর্ত্তমান হইতে সমর্থ হইবে না। প্রতিযোগিরূপে বর্ত্তমানের তদ্রূপেই সমাপ্ত হওয়ায় উহার প্রমাণ আর উহা হইতে পারিবে না। দ্বিতীয় পক্ষও অসঙ্গত, যেহেতু স্বপ্রকাশ জ্ঞান সাংশ বা সাবয়ব নহে। স্বপ্রকাশ জ্ঞানকে সাবয়ব (অবয়ব সহিত) বলিলে, সেই অবয়ব এবং অবয়বী উভয় স্বপ্রকাশ হইবে অথবা অন্যতর স্বপ্রকাশ হইবে। এই উভয়পক্ষই অসমঞ্জস। উভয় স্বপ্রকাশ হইলে উহারা পরস্পর অবিষয় হইবে। যাহা স্বতঃপ্রকাশ নহে কিন্তু অপর দ্বারা প্রকাশিত উহাই বিষয় পদবাচ্য। অতএব স্বপ্রকাশরূপ অবয়ব এবং স্বপ্রকাশ অবয়বী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরস্পরের বিষয় না হওয়ায় অবয়ব অবয়বীকে জানিবে না, অবয়বীরও অবয়ব প্রতীত হইবে না। এইরূপে অবয়ব এবং অবয়বী প্রতীত না হওয়ায় উহাকে সাবয়ব বলা যাইবে না, উহার সাবয়বত্ব অসিদ্ধ হইবে। যদি বলা হয় যে, অবয়ব এবং অবয়বী উভয় স্বপ্রকাশ নহে কিন্তু এক স্বপ্রকাশ, অপর অস্বপ্রকাশ, তাহা হইলে উভয়ের অংশাংশীভাব (অবয়ব—অবয়বীভাব) হইবে না। অস্বপ্রকাশরূপ ঘট, প্রকাশরূপ জ্ঞানের অবয়ব হয় না। অতএব স্বপ্রকাশজ্ঞান অবয়ব—সহিত নহে। অবিষয় হওয়ায় উহা নিরবয়ব নিরংশ নিরাকার হইবে। যাহা সাবয়ব সাকার পদার্থ উহা জ্ঞানের বিষয় হইয়া থাকে। অধিক দেশের জ্ঞান বিনা পদার্থের সাবয়বত্ব নির্দ্ধারিত হয় না। সীমার নির্দ্দেশ বিনা পদার্থের সাবয়বত্ব জ্ঞাত হওয়া যায় না। সীমার নির্দ্দেশ করিতে হইলে উহার অধিকদেশ বিষয়ীকৃত হওয়া আবশ্যক। অতএব যাহা অবিষয় উহা সাবয়ব হইতে পারে না। যেহেতু উহার অধিকদেশ বিষয়ীকৃত হয় না। স্ফুরণরূপ হওয়ায় জ্ঞান অননুভাব্য। অতএব জ্ঞান সাবয়ব নহে কিন্তু নিরবয়ব। জ্ঞানস্বরূপের অধিকদেশের জ্ঞান বিনা উহার সাবয়বত্ব সিদ্ধ হইবে না। অতএব জ্ঞানস্বরূপের সাবয়বত্ব সিদ্ধির পূর্ব্বেই জ্ঞান বিদ্যমান। সেইহেতু জ্ঞেয়-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পদার্থের অধিকদেশের প্রকাশ, জ্ঞান দ্বারা হইলেও, জ্ঞানস্বরূপের অধিকদেশ উপপন্ন নহে। সুতরাং জ্ঞেয়-পদার্থের ন্যায় জ্ঞানের সীমা সম্ভব নহে অতএব উহা সাবয়ব নহে। (২) যদি জ্ঞান সীমাবদ্ধ হইত তবে উহা অপর পদার্থ দ্বারা সীমাযুক্ত হওয়ায় উক্ত সীমার জ্ঞান হইতে পারিত না, ঐ সীমা জানিতে হইলেই সীমাসহিত সম্বদ্ধ অথচ তদতীত হওয়া আবশ্যক। জ্ঞানের তদতীত হওয়া ব্যতিরেকে কিরূপে জ্ঞানের সীমা অবগত হওয়া যাইবে? অতএব জ্ঞানের সীমা জানিবার পূর্ব্বেই জ্ঞান তদতীত, অতএব জ্ঞানের সীমা প্রসিদ্ধ হইতে পারে না। পরিচ্ছিন্নত্ব প্রকাশিত হয় ইহা দ্বারাই প্রতিপন্ন হয় যে পরিচ্ছিন্নত্ব প্রকাশগত নহে।

---

(2) It is only possible to be aware of a limit to anything by knowing what is beyond the limit. No one could be aware of the end of a straight line unless he were aware of the empty space beyond the end. Hence if knowledge itself has any absolute limit, we could not be aware of the fact; for we could only know the limit by being aware of what is beyond the limit; and that would mean that knowledge has already passed beyond its supposed limit or in other words the limit is no limit.

(Stace's "The philosophy of Hegel").

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩) দৃশির সাংশত্ব হইলে অনিত্যত্বপ্রাপ্তি এবং অদৃক্‌ত্ব-প্রসঙ্গ হইবে। সাংশত্ব, অনিত্যত্ব এবং অদৃক্‌ত্ব ইহারা নিয়ত সহচররূপে প্রসিদ্ধ। অতএব সিদ্ধ হইল. যে—দৃশিস্বরূপ একাংশে ভেদের বা অভাবের প্রতিযোগী হইবে এবং অপরাংশে উহাদের জ্ঞান হইবে, এরূপ হইতে পারে না।

ভেদ এবং অভাবেব দৃঙ্‌মাণত্ব (দৃক দ্বারা জ্ঞাতত্ব) সম্ভব নহে, এবিষয়ে আরও হেতু এই যে—ভেদ এবং অভাব যদি দৃক্‌রূপ প্রমাণ দ্বারা অবগত হওয়া যাইবে তাহা হইলে উহারা দৃক্‌প্রতিযোগিক হইবে না কিন্তু অপ্রতিযোগিক বা অন্য প্রতিযোগিক হইবে। যাহা যাহাতে প্রমাণ হয় তাহা তৎপ্রতিযোগিক হয় না কিন্তু অন্যপ্রতিযোগিক হইয়া থাকে। এইরূপে ভেদবিষয়ে দৃক্‌রূপ প্রমাণ হইলে উহা দৃক্‌প্রতিযোগিক হইবে না।

আরও বক্তব্য :—দৃশির অভাব দৃশ্যে আছে ইহা অবগত হওয়া যাইতে পারে না। উপলব্ধিযোগ্য পদার্থের অনুপলব্ধি দ্বারা উক্ত যোগ্যপদার্থের অভাবজ্ঞান হইয়া থাকে৭ পরন্তু দৃশির অভাবজ্ঞান সম্ভব নহে যেহেতু উহা উপলব্ধিস্বরূপ। দৃশি

(3) It is a flagrant self contradiction that the finite should know its own finitude.

(Bradley's "Ethical Studies").

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতে অন্য উপলব্ধি নাই যাহার অভাব দরুণ (অনুপলব্ধিদরুণ) অভাব জ্ঞাত হওয়া যাইবে। অতএব দৃশির অভাবজ্ঞান কোথাও হইতে পারে না, যেহেতু উহার (অভাবজ্ঞানের) হেতু নাই। অর্থাৎ দৃশির অনুপলব্ধির অভাব হওয়ায় দৃক্প্রতিযোগিক অভাবজ্ঞান সম্ভব নহে। (৪) এস্থলে অভাব-জ্ঞানের কারণরূপ প্রতিযোগীস্মৃতি প্রভৃতিও নাই, যেহেতু দৃশি অগ্রাহ্য। প্রমাণ দ্বারা দৃক্প্রতিযোগিক অভাব জ্ঞাত হওয়া যাইতে পারে না, যেহেতু দৃশি অমেয়, প্রমাণের অবিষয়। 'ইহা ইহা নহে' এইরূপে প্রতিযোগি—গ্রহণ অভাবজ্ঞানের নিদান দৃষ্ট হয়। ধর্ম্মি এবং প্রতিযোগি দ্বারা অবিশেষিত যদি অভাবজ্ঞান হইত তবে অবিশেষিত হওয়ায় সর্ব্বত্রই সর্ব্বের অভাবজ্ঞান হইত কিংবা কাহারও কোথাও হইত না। দৃশিস্বরূপ অমেয় হওয়ায় উহা প্রতিযোগি হইবে না। প্রতিযোগী আদির অভাবদরুণ দৃশি-প্রতিযোগিক অভাব জ্ঞেয় হইবে না। প্রমেয়পদার্থই প্রতি-যোগিরূপে অভাব প্রমাণে স্ফুরিত হয়। যে অনুভব নিত্য উহার নাশ সম্ভব না

---

(৪) ভূতলে ঘটাভাবের জ্ঞানস্থলে ঘটের (অভাব প্রতিযোগির) স্মরণ অপেক্ষিত হয়। যে আশ্রয়ে অভাব থাকে উহারপ্রত্যক্ষ, যাহার অভাবজ্ঞান উহার স্মরণ এবং ঐ অভাবজ্ঞান মানস (মতান্তরে প্রত্যক্ষ) হয়। "গৃহীত্বা বস্তুসদ্ভাবং স্মৃত্যা চ প্রতিযোগিনং মানসং নাস্তিতাজ্ঞানং জায়তে অক্ষানপেক্ষণাৎ।

(মীমাংসাবার্ত্তিক)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হওয়ায় তথা উহা সদা প্রকাশরূপ হওয়াতে অভাব প্রমাণের প্রতিযোগীরূপে উহা স্মৃতিগোচর হইতে পারে না। সন্দিগ্ধভাবেরই বুভুৎসা হইলে অভাবজ্ঞানের উদয় দৃষ্ট হয়। পরন্তু দৃশি অপ্রমেয় (স্বয়ংপ্রভ) এবং অসন্দিগ্ধভাবরূপ হওয়ায় উহার অভাবপ্রমাণে স্ফুরণ এবং অভাবজ্ঞানোদয় সম্ভব নহে। অতএব দৃক্ অভাব অপ্রামাণিক। প্রামাণিক অভাব না হইলেও অপ্রমেয় অভাব হইবে এরূপ বলা উচিত নহে। অপ্রমেয় যদি অস্বয়ংপ্রভ হয় তবে উহার সিদ্ধি হইবে না। পদার্থেরসিদ্ধি ত্রিবিধরূপে হইয়া থাকে—প্রমাণ দ্বারা অথবা দৃশিরূপ অনুভবদ্বারা অথবা স্বতঃসিদ্ধি। দৃশিরূপ অভাব যদি স্বতঃসিদ্ধ মানা হয় তবে প্রতিযোগি আদির অভাব হওয়ার দরুণ দৃশির অভাব সিদ্ধ হইবে না। দৃকের অভাবজ্ঞান দৃক্ই, এরূপ বলা যাইতে পারে না। সপ্রতিযোগিক অভাবেব স্বপ্রকাশজ্ঞানত্ব সম্ভব নহে। সম্ভব হইলে অভাবত্বব্যাঘাত হইবে। অতএব উক্ত অপ্রমেয় অভাব স্বতঃ সিদ্ধ হইতে না পারায় অবশেষে (প্রকারান্তরের অভাব বশতঃ) উহার দৃশিসিদ্ধত্ব বলিতে হইবে। পরন্তু ইহাও সম্ভব নহে। স্বাভাবের সাধক স্ব হইতে পারে না। অতএব উক্ত অভাব অস্বয়ংপ্রভ অথচ প্রমাণাগোচর হওয়ায় উহার সিদ্ধি হইতে পারে না। সুতরাং দৃশ্যে দৃক্অভাব আছে এবিষয়ে প্রমাণ নাই। দৃক্দৃশ্যের ইতরেতরাভাব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না হউক তথাপি উহাদের ভেদ হইবে এরূপ বচন সঙ্গত নহে। ইতরেতরাভাব বিনা ভেদ হইতে পারে না, ঐ ইতরেতরাভাব দৃক্‌দৃশ্যের নাই। (৫) অবিষয় হওয়ায় ভেদ বা অভাবের প্রতিযোগী বা ধর্ম্মি দৃশি হইবে না। অতএব প্রমাণিক ভেদাভাব বিধুর হওয়ায় দৃশির আনন্ত্য সিদ্ধ হয় অর্থাৎ দৃশির ভেদ এবং অভাব না হওয়ায় উহার দেশতঃ কালতঃ এবং বস্তুতঃ পরিচ্ছেদরাহিত্য প্রতিপন্ন হয়। উক্ত বিচার দ্বারা এই সিদ্ধান্ত প্রাপ্ত হওয়া গেল যে—দৃশিরূপ চেতন অনন্ত হওয়ায় উহা হইতে জড়পদার্থ ভিন্নরূপে নির্ব্বচনার্হ নহে।

(৬) জ্ঞানাভিন্নরূপে জ্ঞেয়ের নির্ব্বচন হয় না :—

চেতনাভিন্নরূপেও জড়ের নির্ব্বচন সম্ভব নহে। চেতন পরাণপেক্ষসিদ্ধ, জড়, পরতঃসিদ্ধ, অতএব ইহাদের অভেদ সম্ভব নহে। জড়ের চেতনাভিন্নত্ব হইলে জড়ে চেতনের অন্তর্ভাব হইবে অথবা চেতনে জড়ের অন্তর্ভাব হইবে। জড় এবং স্বপ্রকাশের অভেদ হইলে প্রকারান্তরের অভাবদরুণ পরস্পর অন্তর্ভাব বলিতে হইবে অর্থাৎ দৃক্ দৃশ্যের অভেদ হইলে দৃশ্যের দৃঙ্‌মাত্রত্ব হইবে কিংবা দৃশির দৃশ্যমাত্রত্ব হইবে। পরন্তু ইহা সম্ভব নহে। যদি দৃশ্য দৃশি-অভিন্ন হয় তবে দৃক্ই হইবে, উহার দৃশ্যতা হইবে না। যদি দৃশ্য-অভিন্ন

(৫) অবিষয়ত্বাৎ দৃশো ন ভেদাভাবধর্ম্মিতা নাপি প্রতিযোগিতা।
(আনন্দানুভব কৃত ইষ্টসিদ্ধিবিবরণ—অমুদ্রিত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইবে তবে উহা দৃশ্যই হইবে, দৃক্ নহে। এইরূপে দৃশ্য অদৃশ্য হইবে। অতএব দৃক্‌দৃশ্যের অভেদ অসম্ভব। (৬)

শংকাঃ—'শুক্লঘট' এস্থলে শুক্ল এবং ঘটের যেমন বিশেষ্য বিশেষণভাব হয় তদ্রূপ 'ঘট দৃষ্ট' স্থলেও বিশেষ্যবিশেষণ-ভাব হওয়াতে এস্থলেও অবশ্য ধর্মধর্মিত্ব বলিতে হইবে। এই ধর্ম্মধর্ম্মিভাব অত্যন্তভেদস্থলে হইতে পারে না। অতএব দৃক্ এবং দৃশ্যের অভেদ মানিতে হইবে।

উত্তর—দৃক এবং দৃশ্যের ধর্মধর্মিজ্ঞান হইতে পারে না। ঘট এবং রূপ যেমন একজ্ঞানের গম্য তদ্রূপ দৃক এবং দৃশ্য একজ্ঞানগম্য নহে। যাহারা একজ্ঞানগম্য হয় উহাদের ধর্ম্মধর্মিভাব দৃষ্ট হয়। এক জ্ঞানগম্য না হইলেও যদি ধর্ম্মধর্ম্মিভাব মানা হয় তবে অতিপ্রসঙ্গ দোষ হইবে, হিমাচল এবং বিন্ধ্যেরও ধর্ম্মধর্ম্মিভাব হইয়া যাইবে, যেহেতু একজ্ঞানাগম্যত্ব সম। এক যে দৃশি উহার দৃশ্যধর্ম্মত্বরূপে দৃশ্যত্ব এবং ঐদৃশ্যের দৃকত্ব, ইহা এককালে সম্পূর্ণরূপে হইতে পারে না। দৃক এবং দৃশ্যের যদি ধর্মধর্মিভাব হইবে তবে একজ্ঞানগম্যত্বও অবশ্যই হইবে। অতএব এক যে দৃশি

(৬) বিরুদ্ধ ধর্মাধ্যাস এবং কারণভেদই ভেদ বা ভেদহেতু হইয়া থাকে। অতএব দৃক এবং দৃশ্যের সাংব্যবহারিক ভেদই হয়। অভেদ পুনঃ সাংব্যবহারিকও সম্ভব নহে।

৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উহা সম্পূর্ণরূপে দৃশ্যের ধর্ম্মরূপে অথবা দৃশ্যের ধর্ম্মিরূপে দৃশ্যত্ব হইবে তথা অপর দৃক না থাকায় তদানীংই উহার (ধর্ম্মধর্ম্মিভাবের বা দৃশ্যের) দৃকত্ব হইয়া যাইবে। পরন্তু ইহা অযুক্ত, যেহেতু যুগপৎ সম্পূর্ণরূপে দৃশ্যত্ব এবং দৃকত্ব পরস্পর বিরুদ্ধ। যদি বলা হয় যে, এক অংশে দৃশির দৃশ্যত্ব (দৃশ্যধর্ম্মতা অথবা দৃশ্যধর্ম্মিতা) এবং অংশান্তরে দৃক্ত্ব হইবে; তবে বক্তব্য এই যে—ইহা সমীচীন নহে, যেহেতু দৃশি অনংশ তথা ঐ দৃশির যে দৃশ্যাংশ উহা অদৃক হইয়া যাইবে। দৃশ্যরূপে (দৃশ্যের ধর্ম্মরূপে অথবা দৃশ্যের ধর্ম্মিরূপে) প্রবিষ্ট যে ভাগ উহা দৃশ্য হওয়াতেই অদৃক হইবে। অদৃক হওয়াতে দৃকদৃশ্যের ধর্ম্মধার্ম্মত্ব হইবে না কিন্তু দৃশ্যদৃশ্যেরই ধর্মধর্মিত্ব হইবে। এক দৃশির দৃক্ত্ব এবং দৃশ্যত্ব এই উভয়, যুগপৎ বা ক্রমিক বা অংশ দ্বারা হইতে পারে না। আরও বিচার্য্য—দৃশ্য এবং দৃশির যে ধর্ম্মধর্ম্মিভাব—উহা স্বপ্রকাশ বা দৃশ্য? যদি স্বপ্রকাশ হইবে তবে দৃক-অভিন্ন হইবে, উহা ধর্মধর্ম্মিভাবই হইবে না। আরও দৃকদৃশ্যের যে ধর্ম্মধর্ম্মিভাব উহা দৃক এবং দৃশ্য এই উভয়ের ধর্ম্ম এইরূপ বলিতে হইবে। পরন্তু ইহা সিদ্ধ হইবে না, যেহেতু ধর্ম্ম-ধর্ম্মিভাব স্বয়ংপ্রকাশ হওয়াতে উহার (বাস্তবিক) সম্বন্ধ, দৃশ্যের সহিত হইবে না। যদি ধর্ম্মধর্ম্মীভাব দৃশ্য হইবে তবে দৃশির সহিত সম্বন্ধ হইবে না অর্থাৎ উহা দৃকের ধর্ম্ম হইবে না,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যেহেতু দৃশ্যের, স্বয়ংপ্রকাশ দৃকের সহিত সম্বন্ধ হইবে না। দৃকের সহিত দৃশ্যের ধর্ম্মধর্ম্মিভাব যদি মিথ্যাসম্বন্ধে হইবে তবে সেই সম্বন্ধপ্রযুক্ত ধর্ম্মধর্ম্মিভাবও মিথ্যা হইবে। অতএব দ্রষ্টাদৃশ্যের ধর্ম্মধর্ম্মিভাব সঙ্গত নহে। সুতরাং দৃক্-দৃশ্যের, জড়চেতনের অভেদ নহে। দৃকদৃশ্যের অভেদ হইলে সর্ব্ববব্যবহারের লোপ হইয়া পড়িবে। অতএব প্রতিপন্ন হয় যে জড়প্রপঞ্চ চেতনাভিন্নরূপে নির্ব্বচনীয় নহে।

(৪) জ্ঞান হইতে ভিন্নাভিন্ন রূপে জ্ঞেয়ের নির্ব্বচন হয় না—

চেতন হইতে ভিন্নাভিন্ন উভয়রূপেও জড়পদার্থ নির্ব্বচনীয় নহে। একের একত্র একরূপে ভেদ এবং উহার অভাব (অভেদ) বিরুদ্ধ। যাহা এক উহা নানা এইরূপ প্রমা হয় না। যাহা অনেক উহা এক এইরূপ প্রমিতিও নাই। একই প্রমাণের যুগপৎ বিধি এবং নিষেধ রূপ ব্যাপারদ্বয় সম্ভব নহে। বিধি এবং নিষেধ এই উভয়কে এককালে প্রমা করা প্রমাণের স্বভাব নহে। ভেদজ্ঞানের অভেদার্থত্ব অযুক্ত, অভেদজ্ঞানের ভেদার্থত্ব অযুক্ত। অভেদজ্ঞানের বিষয় ভেদজ্ঞানের বিষয় হইতে অন্য হওয়ায় ভিন্নদ্বয়ের অভেদ সিদ্ধ হয় না। অতএব একত্র ভেদাভেদ সম্ভব নহে।

আরও দৃশ্য কখনও দ্রষ্টৃরূপ নহে, দৃশিও দৃশ্যরূপ নহে। তৃতীয়রূপ হইতে পারে না। অতএব দৃশির রূপদ্বয় হইতে পারে না। দৃশ্যেরও তদ্রূপ। সুতরাং দৃশি বা দৃশ্যের রূপ-দ্বয়ের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভাব হওয়ায় উহাদের পরস্পরের ভেদাভেদ হইতে পারে না।

কিন্তু চেতন এবং জড়ের ভেদাভেদ মানিলে বলা যাইতে পারে যে, একাংশে ভেদ এবং অপরাংশে অভেদ। পরন্তু তাহা হইতে পারে না, যেহেতু চেতন অনংশ। অতএব একাংশে ভেদ না হওয়ায় সম্পূর্ণরূপে অভেদ এবং সম্পূর্ণরূপে ভেদ বলিতে হইবে। পরন্তু ইহা সঙ্গত নহে। যাহা চেতন হইতে সম্পূর্ণরূপে অভিন্ন উহা যদি চেতন হইতে ভিন্ন হইবে তবে চেতন ও চেতন হইতে সম্পূর্ণরূপে অভিন্ন হওয়াতে উহাও নিজ হইতে ভিন্ন হইবে। অথচ ইহা সমীচীন নহে। নিজেই নিজ হইতে ভিন্ন হয় না, যেহেতু একই নিরংশের অবধিস্বরূপতা এবং অবধিমৎস্বরূপতা হইতে পারে না। (ভেদেতে প্রতিযোগী অবধি হয় এবং অনুযোগী অবধিমান হয়)।

আরও যে-রূপে অভেদ সেইরূপে যদি ভেদ হইবে তবে ভেদবুদ্ধি এবং অভেদবুদ্ধি একবিষয়ক হইবে অর্থাৎ উহার ভেদস্বরূপতা আসিবে না। তাৎপর্য্য এই যে ভেদবুদ্ধির এবং অভেদবুদ্ধির বিষয় পৃথক পৃথক হওয়া আবশ্যক। প্রকৃতস্থলে এইরূপ না হওয়ায় (অর্থাৎ ভেদের যোগ্যতা না থাকায়) যাহা অভেদ উহাই ভেদ এবং যাহা ভেদ উহাই অভেদ এইরূপ হইবে। অতএব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভেদ হইতে অতিরিক্ত ভেদ সিদ্ধ হইবে না। অথচ এইরূপ হইয়া থাকে। অতএব চেতন এবং জড়ের ভেদাভেদ নাই। যাহা চেতনব্যতিরিক্ত উহার পুনঃ পরমার্থতঃ তদভাব সম্ভব নহে। সুতরাং চেতন হইতে ভিন্নাভিন্ন উভয়রূপে জড়ের নির্ব্বচন হইতে পারে না। অতএব জড়প্রপঞ্চ অনির্ব্বচনীয়। অদ্বৈতবেদান্তশাস্ত্রে অনির্ব্বচনীয় অর্থ, বচনের অযোগ্য, এরূপ নহে কিন্তু দুনিরূপ্য। ঐ বচন দ্বারা বক্তার অসামর্থ্য প্রকট করা হয় তাহাও নহে কিন্তু উহা দ্বারা জ্ঞেয় প্রপঞ্চের স্বরূপ বর্ণিত হয়। (৭) যুক্তি দ্বারা নিশ্চয় করিয়া ভিন্ন বা অভিন্ন বা ভিন্নাভিন্নত্বপ্রকারে নিরূপণাসহিষ্ণু হওয়াতে উহা অনির্ব্বচনীয়। অনির্ব্বচনীয়তাতেও অনির্ব্বচনীয়তাই বেদান্তিগণের সম্মত।

(৫) প্রকারান্তরে জ্ঞেয়পদার্থের অনির্ব্বচনীয়ত্বপ্রদর্শন—

জ্ঞানস্বরূপের দিক হইতে বিচারকরতঃ জ্ঞেয়ের অনির্ব্বচনীয়ত্ব সিদ্ধ হইয়াছে। এক্ষণে সৎস্বরূপের দিক হইতে বিচার করা হইতেছে। সৎস্বরূপের বিচার দ্বারা সিদ্ধ হইয়াছে যে, সৎঘট সৎপট ইত্যাদি সর্ব্বত্র অনুগত সৎবুদ্ধি অননুগত কোন পদার্থজনিত নহে। অনুগত কোন

(৭) নহি প্রমাতৄণামসামর্থ্যাদানির্ব্বচনমপি তু বিষয়স্বাভাব্যাৎ। (অদ্বৈতসিদ্ধিগুরুচন্দ্রিকা—অমুদ্রিত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধর্ম্ম দ্বারা উক্ত সৎতাদাত্ম্য সূপপন্ন নহে। "মৃদ্‌ঘট" ইত্যাদি স্থলের ন্যায় উক্ত প্রতীতি অনুগত ধর্ম্মিমূলক। অতএব সর্ব্বপ্রপঞ্চের ধর্ম্মিরূপে সৎস্বরূপ প্রতিপন্ন হয়। সৎস্বরূপ ধর্ম্মির ধর্ম্মরূপে-প্রতিভাত প্রপঞ্চ সৎ নহে যেহেতু ঐ ধর্ম্ম প্রকাশ্যরূপে প্রতীত হয়। উহা সৎ নহে যেহেতু একমাত্র প্রকাশই সৎ। যাহা সিদ্ধ অথচ অপর দ্বারা প্রকাশিত নহে তাহা স্বতঃ সিদ্ধ, যাহার অস্তিত্ব স্বতঃই সিদ্ধ উহাই সৎ। জ্ঞেয়প্রপঞ্চের অস্তিত্ব স্বতন্ত্র নহে যেহেতু উহা জ্ঞানের অপেক্ষা করিয়া থাকে। জ্ঞানের সাপেক্ষ না হইলে উহার জ্ঞেয়ত্বই প্রসিদ্ধ হইত না। যাহার অস্তিত্ব স্বতন্ত্র নহে উহাকে সৎ বলা বেদান্তিগণের অভিপ্রেত নহে যেহেতু সৎ স্বপ্রকাশ (স্বতন্ত্ররূপ)। অতএব জড়প্রপঞ্চ সৎরূপ নহে। উহা অসৎও নহে। ইন্দ্রিয়ের সন্নিকর্ষ বা জ্ঞানের তাদাত্ম্য, অসতের হইতে না পারায় জড়প্রপঞ্চ অসৎ নহে। যদ্যপি সম্পূর্ণ জড়-প্রপঞ্চ কাঁহারও জ্ঞানের বিষয়ভূত নহে তথাপি কল্পনাবলে স্বপ্রকাশজ্ঞানে অবস্থিত হইয়া উহার সহিত তাদাত্ম্যপ্রাপ্ত জ্ঞেয়ের প্রতি নিরীক্ষণপূর্ব্বক সর্ব্বজড়পদার্থ সম্বন্ধে বলা হইতেছে। এইরূপ তাদাত্ম্যব্যতিরেক পদার্থের প্রসিদ্ধি সম্ভব নহে যেহেতু উহারা স্বতঃসিদ্ধ নহে। জ্ঞেয়প্রপঞ্চ সদসদ্‌ উভয়রূপেও নির্ব্বচনীয় নহে। যুগপৎ পরস্পর-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিরুদ্ধ সত্ত্বাসত্ত্ব একবস্তুতে অবস্থিত হইতে পারে না। একসময়ে এক পদার্থে অস্তিত্ব ও নাস্তিত্ব থাকিতে পারে না বলিয়া অস্তিত্ব ও নাস্তিত্ব পরস্পর বিরুদ্ধ ধর্ম্ম। বিরুদ্ধের একত্র সমাবেশ কর্ত্তৃভেদে দেশভেদে অবস্থাভেদে কালভেদে প্রতিযোগিভেদে (যথা ত্র্যণুক দ্ব্যণুকাপেক্ষা মহৎ, চতুরণুক অপেক্ষা অল্প) হইতে পারে পরন্তু উপাধিরহিতরূপে স্বভাবতঃই বিরুদ্ধের একত্র সমাবেশ সম্ভব নহে। অন্যতরের উপমর্দনে অন্যতরের, বুদ্ধিতে আরোহিত হওয়ায় যুগপৎ একবস্তুর সত্ত্বাসত্ত্বের সমুচ্চয় অবগত হওয়া যাইতে পারে না। অতএব প্রমাণাভাবদরুণ যুগপৎ পরস্পর বিরুদ্ধ সত্ত্বাসত্ত্ব এক বস্তুতে অবস্থিত হইতে পারে না। সুতরাং প্রতিপন্ন হইল যে— চেতন এবং জড় এই দ্বিবিধপদার্থমধ্যে চেতন স্বতঃসিদ্ধ সৎ, জড়পদার্থ অনির্ব্বচনীয়। সৎ বা অসৎরূপে বিচারাসহ হইয়া সত্ত্বাসত্ত্ব উভয়রূপেও বিচারসহ হওয়ায় জড়প্রপঞ্চ অনির্ব্বচনীয়। সর্ব্বথা বচনের অগোচরকে (অবাচ্যকে) অনির্ব্বচনীয় বলে না, কিন্তু পারমার্থিক সৎস্বরূপ চেতন হইতে বিলক্ষণ তথা সর্ব্বথা সত্তাস্ফুর্ত্তিশূন্য শশশৃঙ্গাদি অসৎ হইতে বিলক্ষণ, অনির্ব্বচনীয় শব্দের পারিভাষিক অর্থ। (৮)

(৮) অথবা সদন্তত্বমনির্ব্বচনীয়ত্বং। ন চাসত্যতিব্যাপ্তিঃ। অন্তত্বাদি ধর্ম্মযোগ্যাসদ্রূপাঙ্গীকারে অস্য প্রপঞ্চান্তঃপাতিত্বাৎ বাহ্যাভ্যুপেতাসতো

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সদসদ্‌বিলক্ষণত্বই দুর্নিরূপত্ব বা অনির্ব্বচনীয়ত্ব, পদার্থের স্বরূপাসত্ব নহে। এরূপ হইলে স্বাভিপ্রেত পদার্থের স্বরূপনিরূপণও বৃথা হইত।

(৬) অদ্বৈত সিদ্ধান্ত ঃ—

উল্লিখিত বিচার দ্বারা অশেষ নির্ব্বচনীয় পক্ষের খণ্ডনানন্তর জ্ঞেয়প্রপঞ্চের অনির্ব্বচনীত্ব প্রতিষ্ঠিত হইল। অতএব জগৎসম্বন্ধী অদ্বৈতবৈদান্তিক সিদ্ধান্ত এইরূপ প্রাপ্ত হওয়া গেল যে, জগৎ জ্ঞানজ্ঞেয়রূপ, তন্মধ্যে জ্ঞান স্বপ্রকাশ, জ্ঞেয় অনির্ব্বচনীয়।

নিঃস্বরূপত্বাৎ। কিংচ অসন্নাম কিঞ্চিদস্তি চেৎ অসত্ত্বব্যাঘাতঃ, নাস্তি চেৎ কুত্রাতিব্যাপ্তিঃ।

(নৃসিংহাশ্রমবিরচিত বেদান্ততত্ত্ববিবেক)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থ অধ্যায়

ভ্রান্তিবিচার

(ক) ভ্রান্তিবিষয়ক মতভেদ।

প্রাচ্যদর্শনশাস্ত্রে যে বস্তু যে-স্বরূপ নহে তাহার তদীয় ধর্ম্মযুক্তরূপে ভাসমানতাস্থলে অর্থাৎ অন্যের অন্যধর্ম্মরূপে প্রকাশমানতাস্থলে ষড়বিধ মত সুপ্রসিদ্ধ। ইহার দৃষ্টান্ত-স্বরূপ শুক্তিরজত রজ্জুসর্প আদি লোকপ্রসিদ্ধস্থল এস্থলে গৃহীত হইতেছে। শুক্তিতে যখন রজতের প্রতীতি হয় তখন (১) অসৎরজতের প্রতীতি হয় ইহা শূন্যবাদী বৌদ্ধগণের অভিমত। এইরূপ মতকে অসৎখ্যাতি বলা হয়। অসৎগোচর জ্ঞান অসৎখ্যাতি। রজতভ্রম শুক্তি-বিষয়ক বা রজতবিষয়ক নহে সুতরাং উহা নির্ব্বিষয়ক। নির্ব্বিষয়ক হওয়ায় অসৎগোচর বলা হয়। (২) সৎ-রজতের প্রতীতি হয় ইহা রামানুজীয়গণের অভিমত। এই মত সৎখ্যতি নামে প্রসিদ্ধ। শুক্তিতে রজতের অবয়ব সৎ (ব্যবহারিক)। ঐ সত্য অবয়ব শুক্তিগত থাকার দরুণ শুক্তিরজতরূপ প্রতীতি হইয়া থাকে যেহেতু সত্যবিষয়েরই জ্ঞান হয়, অসত্যের নহে। রজ্জুদেশে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্পাংশ বিদ্যমান থাকায় সর্পরূপে জ্ঞান সত্য। (৩) আভ্যন্তরস্থজ্ঞানই বাহ্যরজতরূপে প্রতীত হয় ইহা বিজ্ঞান-বাদী বৌদ্ধগণের অভিমত। এই মত আত্মখ্যাতিপদবাচ্য। এই মতে বাহ্যরজত নাই কিন্তু আন্তরবিজ্ঞানরূপ যে আত্মা তাহার ধর্ম্মরূপ রজতের বাহ্যপ্রতীতি দোষবলে হইয়া থাকে। (৪) শুক্তির ইদং অংশের প্রত্যক্ষ এবং রজতের স্মৃতি হয় ইহা প্রাভাকর মীমাংসকগণের অভিমত। এই মত অখ্যাতিবাদ নামে প্রসিদ্ধ। উক্ত দুই জ্ঞানের বিবেকাভাব তথা উহাদের বিষয়ের বিবেকাভাব অখ্যাতিবাদের পারিভাষিক অর্থ। (৫) দেশান্তরস্থিত সত্যরজতে অবস্থিত যে রজতত্ব উহার ভান হয় ইহা নৈয়ায়িকবৈশেষিকগণের অভিপ্রায়। এই মত অন্যথাখ্যাতি নামে প্রসিদ্ধ। অন্যের অন্যরূপে প্রতীতিকে অন্যথাখ্যাতি বলা হয়। অন্যরূপে প্রতীতি হইতে হইলে ঐ অন্যের কোথাও থাকা আবশ্যক। অতএব অসন্নিহিত রজতের অন্যত্র সত্ব মান্য হয়। (৬) অন্যত্র বিদ্যমান রজতের প্রত্যক্ষ হয় না কিন্তু ব্যবহারিক শুক্তিরূপ আশ্রয়ে (অধিষ্ঠানে) প্রতীতিসমকালীন (প্রাতীতিভাসিক) রজতের তৎকালীন উৎপত্তি এবং উহার ভান হইয়া থাকে ইহা অদ্বৈতবেদান্তিগণের অভিমত। এই মত অনির্ব্বচনীয়-খ্যাতি নামে প্রসিদ্ধ। শুক্তিরূপ ব্যবহারিকসৎপদার্থের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দিক হইতে বিচার করিলে ঐ রজতকে সৎ বলা যায় না, উহা অসৎও নহে, উহা সদসৎরূপ ও নহে। যাহা প্রতিভাত হয় অথচ সংরূপে বা অসংরূপে বা সদসৎ-উভয়রূপে নির্ব্বচনীয় না হয় তাহা অনির্ব্বচনীয় পদবাচ্য হয়।

(খ) উক্ত মতের তুলনা।

সংখ্যাতি এবং অখ্যাতিবাদে ভ্রান্তি স্বীকৃত হয় না। সংখ্যাতিবাদে শুক্তিরজতস্থলে রজত থাকাতে রজতের প্রতীতি ভ্রান্তি নহে। অখ্যাতিবাদির মতেও ভ্রম সিদ্ধ নহে। "ইদং রজতং" এই জ্ঞানস্থলে ইদংএর প্রত্যক্ষ যথার্থ এবং রজতের স্মরণও যথার্থ (অবাধিত)। অপর-মতচতুষ্টয়ে ভ্রান্তি স্বীকৃত হয়। তন্মধ্যে কোনও মতে পুরোবর্ত্তী শুক্তিদেশে অসৎরজতের প্রতীতি, কাহারও মতে ধীরূপ রজতের বাহ্যরূপে প্রতীতি, মতান্তরে দেশান্তরস্থ রৌপ্যের পুরোবর্ত্তীরূপে প্রতীতি, তথা অপরের মতে অনির্ব্বচনীয় রজতের উৎপত্তি এবং প্রতীতি—স্বীকৃত হয়।

এক্ষণে অদ্বৈতবেদান্তিসম্মত অনির্ব্বচনীয়বাদের সহিত অন্যান্য মতের তুলনা করা হইতেছে। অসৎখ্যাতিবাদিগণ পরমার্থতঃ অসতের সৎরূপে খ্যাতিকে অসৎখ্যাতি বলেন। বেদান্তমতে প্রামাণিক অসত্ত্ব মানা হয় না। এই মতে প্রাতীতিকসত্ত্ব অঙ্গীকৃত হওয়ায় অসৎখ্যাতি নহে। সৎ-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খ্যাতিমতে রজতোৎপাদকসামগ্রীজনিত উৎপদ্যমান রজত শুক্তিউৎপাদন সময়েই শুক্তিস্বরূপের সহিত উৎপন্ন হয়। উক্ত বেদান্তমতে এরূপ নহে কিন্তু উক্ত রজত প্রতীতি সময়েই উৎপন্ন এইরূপ মানা হয়। উক্ত রজত ব্যবহারিক নহে কিন্তু প্রাতিভাসিক। আত্মখ্য তিবাদে রজত আন্তর সত্য, উহার বাহ্যদেশে প্রতীতি ভ্রান্তিপদবাচ্য। অতএব এই মতে বাহ্য রজত মান্য নহে; বেদান্তমতে বাহ্যরজত স্বীকৃত হয়। শুক্তিরজত এবং উহার জ্ঞান সমকালে উৎপন্ন হয়, উভয়ই প্রতিভাসমাত্রকালস্থায়ী। প্রভাকরমতে প্রকৃতস্থলে দুইটী পৃথকজ্ঞান মানা হয়, শুক্তি এবং রজতের বিশেষ্যবিশেষণভাব অঙ্গীকৃত হয় না। এইহেতু ভ্রান্তি-জ্ঞান স্বীকৃত হয় না। ন্যায়বৈশেষিকমতে ইদং এবং রজত এই বস্তুদ্বয়ের তাদাত্ম্যাবগাহি (তাদাত্ম্যকে গ্রহণ করে এইরূপ) বিশিষ্টজ্ঞান (রজতত্ত্ববিশিষ্টশুক্তিজ্ঞান) স্বীকৃত হয়। এইহেতু ভ্রমজ্ঞান মান্য হয়। ন্যায়বৈশেষিক এবং অদ্বৈতবৈদান্তিক মতে বিশিষ্টজ্ঞানরূপ ভ্রম স্বীকৃত হইলেও বেদান্তিগণ ভ্রমবিষয়ের অনির্ব্বাচ্যত্ব স্বীকার করেন, নৈয়ায়িক তাহার সত্যত্ব অঙ্গীকার করেন। ন্যায়-মতে অনির্ব্বচনীয় বা অসৎ খ্যাতিগোচর হয় না কিন্তু সৎই সদস্তররূপে গোচরীভূত হয়। অন্যথাখ্যাতিবাদীর মতে শুক্তিরজতজ্ঞানস্থলে ভ্রমের বিষয়ীভূত বা বিশেষণভূত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রজতটী পূর্ব্বদৃষ্ট সত্যরজত ব্যতিরিক্ত আর কিছুই নহে। অদ্বৈতবেদান্তির মতে ঐ রজতটী পূর্ব্বদৃষ্ট সত্য রজত নহে পরন্তু উহা সেই অনির্ব্বাচ্য একটী বস্তুবিশেষ।

নিম্নলিখিত বিচারস্থলে অপরমত খণ্ডনপুরঃসর অদ্বৈত-বেদান্তমতের সিদ্ধান্ত প্রতিষ্ঠিত করিবার প্রয়াস করা হইবে।

(গ) অসংখ্যাতিখণ্ডন।

শুক্তিরজত অসৎ নহে যেহেতু উহার অপরোক্ষ প্রতীতি হইয়া থাকে। অসৎ (সত্তাস্ফূর্ত্তিশূন্য) অথচ প্রতীত হইয়া থাকে ইহা বিরুদ্ধ। সৎ এবং অসতের সম্বন্ধ হইতে পারে না। অসম্বন্ধ বস্তু জ্ঞান দ্বারা প্রকাশিত হইতে পারে না। শব্দ অসৎপ্রতিপাদনে ক্ষম হইলেও অর্থাৎ শশশৃঙ্গ বন্ধ্যাপুত্র ইত্যাদি অসৎবোধক শব্দ দ্বারা বিকল্পজ্ঞান (বস্তুশূন্য শব্দজ্ঞানানুপাতী জ্ঞান) উৎপন্ন হইলেও ইন্দ্রিয় কখনও অসন্নিকৃষ্টের গ্রাহক হয় না। তুচ্ছপদার্থের আকার বৃত্তিগত হইলেও বৃত্তির সম্বন্ধ তুচ্ছগত হয় না। বিকল্পজ্ঞানস্থলে পদার্থের অপ-রোক্ষ গোচরতা হয় না। যদি অসৎ (নিষ্প্রকারক) হয় তাহা হইলে প্রত্যক্ষ দ্বারা "রজত" এইরূপ বিশেষ প্রতিভাসের অভাব হইয়া যাইত। যদ্যপি উত্তর কালে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঐ বস্তু (রজত) প্রতিভাসিত হয় না তথাপি যে সময়ে প্রতিভাসিত হয় তখন উহাকে বিদ্যমান বলিতে হইবে, অন্যথা স্বপ্রতিভাসসময়ে কোনও পদার্থের অস্তিত্ব সিদ্ধ হইবে না। যদি অত্যন্ত অসৎকে আরোপনীয় মানিবে তবে প্রতিভাসভেদ এবং তদনুসার প্রবৃত্তি অনুপপন্ন হইবে। উক্ত ভ্রান্তির নিবৃত্তির অনন্তর শুক্তিজ্ঞান হইলে ঐ রজতের বাধ [নিষেধপ্রত্যয়] হয়। ঐ প্রতিভাস যদি অসৎ হইত তবে উক্ত বাধ অসম্ভব হইত। প্রসক্তেরই বাধ হইয়া থাকে, অসতের প্রসক্তি হইতে না পারায় উহার নিষেধ সম্ভব নহে। অতএব বোধ এবং বাধ দ্বারা অবগত হওয়া যায় যে উক্তরজত অসৎ নহে। ঐ প্রতিভাস সাধিষ্ঠান হয় এবং "নেদং রজতং" এইরূপ বাধ সাবধিক হয় এইরূপ নিয়ম থাকায় তথা উহার অপরোক্ষ প্রতীতি হওয়াতে ঐ প্রতীতির আলম্বন নৃশৃঙ্গবৎ অসৎ নহে। অতএব অসৎখ্যাতিবাদ সমীচীন নহে। (১)

---

(১) (ক) সামর্থ্যস্য চ কুত্র সামর্থ্যং ইতি বিষয়সাপেক্ষত্বেন বিষয়স্য অসতশ্চ কার্য্যজ্ঞাপ্যবিকল্পাসহত্বাৎ অসতো অব অসৎখ্যাতি ॥ (ভামতী)

(খ) প্রমাণেনাসদংশস্যানুল্লেখে অসৎখ্যাতিত্বাসিদ্ধে, উল্লেখেতু প্রমাণস্যাপ্রমাণতায়া (অসৎবিষয়কত্বাৎ) অসতো বা সত্ত্বস্য প্রসঙ্গাৎ। (আত্মতত্ত্ব বিবেকদীধিতি)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(ঘ) সংখ্যাতিখণ্ডন :—

শুক্তিতে রজতের অবয়ব সৎ, ঐ আশ্রয়গত সত্য অবয়ব হইতে সত্য (ব্যবহারিক) প্রতিভাস উৎপন্ন হয় এইরূপ সংখ্যাতিবাদও সঙ্গত নহে। যথায় যেক্ষণে শুক্তিতে রজতভ্রম হয় সেইক্ষণে শুক্তির সহিত যদি অগ্নির সংযোগ করা হয় এবং তদ্দরূণ উত্তরক্ষণে শুক্তির ধ্বংস এবং ভস্মের উৎপত্তি হয় তখন রজতজ্ঞানের নিবৃত্তির সাধন কিছু হয় নাই; অতএব শুক্তিধ্বংস এবং ভস্মের উৎপত্তি হইতে প্রথম রজতের নিবৃত্তি না হওয়ায় ভস্মদেশে রজতের লাভ হওয়া আবশ্যক, যেহেতু রজত-দ্রব্য তৈজস, তাহার গন্ধকাদিসম্বন্ধ বিনা ধ্বংস হয় না। পরন্তু এরূপ লাভ হয় না। অতএব উক্তস্থলে ব্যবহারিক রজতরূপ সৎপদার্থের খ্যাতি হয় এইরূপ সংখ্যাতিবাদ অসঙ্গত।

যেস্থলে একরজ্জুতে ভিন্ন ভিন্ন ব্যক্তির ভিন্ন ভিন্ন পদার্থ প্রতীত হয় (যথা সর্প, দণ্ড, মালা, বৃক্ষত্বক, জল-ধারা, রেখা) সেস্থলে সেই স্বল্প রজ্জুদেশে এই বিভিন্ন পদার্থের অবয়ব থাকিতে পারে না, যেহেতু যে সকল দ্রব্য মূর্ত্ত তাহারা স্থাননিরোধ করিয়া থাকে। যদি বলা হয় যে রজ্জুদেশে প্রতীত ঐ সর্পাদি স্থাননিরোধ করে না তাহা হইলে উহাদিগকে সৎ বলা বিরুদ্ধ এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিষ্ফল। অবয়ব যদি স্থাননিরোধাদির হেতু না হয়, অবয়বি দ্বারা যদি কোন কার্য্য সাধিত না হয় তবে উহাদিগকে সত্য বলা সঙ্গত নহে। উহাদের প্রতীতি মাত্র হইয়া থাকে, উহাদের দ্বারা অন্য কার্য্য হয় না। এরূপ বলিলে অনির্ব্বচনীয়তাই সিদ্ধ হইবে অর্থাৎ সর্পাদি সৎ নহে, অসৎও নহে, পরন্তু উহারা প্রতীতিস্বরূপ-মাত্র (প্রাতিভাসিক, ব্যাবহারিক নহে)। এইহেতু উক্ত সর্পাদি ব্যবহারিক দেশ নিরুদ্ধ করে না।

শুক্তিদেশে রজতজ্ঞান হওয়ার পর ঐ শুক্তির জ্ঞান হইলে শুক্তিতে রজত নাই এইরূপ অনুভব হয়। শুক্তি-দেশে সত্যরজত স্বীকার করিলে উক্ত বাধজ্ঞান (রজতা-ভাবজ্ঞান) নির্ব্বিষয় হইবে। সৎখ্যাতি অনুসারে শুক্তি-দেশে ব্যাবহারিক রজত থাকায় তৎকালে ব্যাবহারিক রজতাভাব থাকিতে পারে না। ব্যাবহারিক রজত থাকিলে 'শুক্তিতে রজত নাই' এতাদৃশ বাধকজ্ঞান হইতে পারিবে না। অথচ এতাদৃশ বাধজ্ঞান অনুভবসিদ্ধ। উক্ত বাধ-প্রত্যয় উক্তরজতপ্রতীতির ন্যায় বাধিত হয় না। অতএব রজতের অভাব বস্তুতঃ আছে। উক্ত বাধজ্ঞান দ্বারা জানা যায় যে, শুক্তিতে যে রজত প্রতীত হয় উহা ব্যাবহারিক সৎ নহে কিন্তু প্রাতীতিক। উহা যদি পারমার্থিক বা ব্যাবহারিক সৎ হইত তাহা হইলে ব্যাবহারকালে উহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাধ কখনই হইত না। রজত প্রাতীতিক হওয়ায় ব্যাবহারিক শুক্তির জ্ঞান দ্বারা ঐ রজতের বাধজ্ঞান সুসঙ্গত হয়। শুক্তিতে ব্যাবহারিক রজত থাকিলে শুক্তির ন্যায় সর্ব্বদা উহার গ্রাহ্যত্ব হইতে পারিত কিন্তু এরূপ হয় না। "ইদং রজতং" এইরূপ প্রতীতি তাৎকালিক রজত স্বীকার করিলেও উপপন্ন হয়, এই উপপত্তির জন্য পূর্ব্বসিদ্ধ রজতের অবয়ব মানা উচিত নহে। (২) ব্যবহারিক রজতে রজতাবয়বের অপেক্ষা হয় পরন্তু প্রাতিভাসিক পদার্থে উহার (অবয়বের) অপেক্ষা নাই।

পূর্ব্বপক্ষ (সংখ্যাতিবাদী)—শুক্তিদেশে রজতের যে অবয়ব তাহাই সত্য রজতের সামগ্রী।

সিদ্ধান্তী—এস্থলে ইহা প্রষ্টব্য—রজতাবয়বের রূপ উদ্ভূত বা অনুদ্ভূত? উদ্ভূতরূপ বলিলে, রজতাবয়বেরও রজতের উৎপত্তির পূর্ব্বে প্রত্যক্ষ হওয়া উচিত। যদি অনুদ্ভূতরূপ বল, তাহা হইলে অনুদ্ভূতরূপ বিশিষ্ট অবয়ব হইতে রজতও অনুদ্ভূতরূপবিশিষ্ট হইবে, সুতরাং রজতের প্রত্যক্ষ হইবে না। (৩)

---

(২) শুক্তিষু রজতাবয়বানাংসত্ত্বে শুক্তিদাহে ক্ষারভাববৎ দ্রবীভাবস্যাপ্যুপলব্ধিপ্রসঙ্গঃ। (বেদান্তকল্পতরুপরিমল)

(৩) ভূতানামেব পঞ্চীকৃতত্বাৎ ভৌতিকানাং তদভাবাৎ অন্যথা স্তম্ভাদৌ অপি রজতপ্রতীতিপ্রসঙ্গাৎ। (নৃসিংহাশ্রমবিরতি সংক্ষেপশারীরকতত্ত্ববোধিনী অমুদ্রিত)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতএব ইন্দ্রিয়দোষরহিত ব্যক্তিগণ কর্ত্তৃক রজত গৃহীত না হওয়াতে এবং রজতের বাধ হওয়াতে তথা তাহা মিথ্যা বলিয়া সকল লোকের প্রতীতির গোচর হওয়াতে (এতাবৎকাল এই শুক্তিকাখণ্ড মিথ্যাই রজতরূপে প্রতিভাত হইয়াছিল এইরূপ উত্তরকালীন অনুসন্ধানাত্মক প্রত্যভিজ্ঞা হয়,) ভ্রান্তিস্থলে উৎপন্ন প্রাতিভাসিক রজতের মিথ্যাত্বই সিদ্ধ হইয়া থাকে, তাহা সত্য রজত কিছুতেই হইতে পারে না।

(৬) সদসৎখ্যাতিখণ্ডন—

খ্যাতিমাত্র কেবল অসৎবিষয়ক বা সৎবিষয়ক হয় না কিন্তু সদসৎ উভয়বিষয়ক হয় (সাংখ্যসম্মত) এরূপ মত সঙ্গত নহে। যাহা সৎ নহে বা অসৎ নহে, তাহা সদসতের মিশ্রণস্বরূপ হইবে কি করিয়া? সৎ ও অসৎ পরস্পর বিরোধী, একই বস্তু সৎ ও অসৎ হইতে পারে না। একই কালভেদে উভয়াকার হয় এরূপও নহে। একেরই কালভেদে উভয়াকারত্ব হওয়াই সম্ভব নহে। এস্থলে প্রষ্টব্য—একতরাকারকালে (রজতাকারকালে) অন্যতরাকার (শুক্তি—আকার) নষ্ট হয় বা থাকে? আদ্যপক্ষ সমীচীন নহে যেহেতু বিভ্রমানন্তরও "এই সেই শুক্তি' এইরূপ প্রত্যভিজ্ঞা হইয়া থাকে। দ্বিতীয়ও নহে। এরূপ হইলে শুক্তিজ্ঞানকালে পূর্ব্বপ্রতীত রজতের ও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রত্যয়াপাত হইত। অতএব বস্তু স্থিত বা নষ্ট হইলে এক অন্যাকার হয় না।

(চ) জ্ঞানাত্মকরজতখ্যাতিখণ্ডন—

বোধ এবং বাধ দ্বারা জ্ঞানাত্মক (বিজ্ঞানবাদী বৌদ্ধ সম্মত) শুক্তিরজত সিদ্ধ হয় না। ঐ রজত যদি আন্তর বিজ্ঞান-অভিন্ন হয় তবে বাহ্যরজত জানিতেছি এইরূপে ভেদানুভব হইত না। সুখাদির ন্যায় রজতের আন্তররূপে প্রতীত না হওয়ায় ইদং রজতং এইরূপ প্রত্যয় বহিঃবিষয়ক হইয়া থাকে স্বীকার করিতে হইবে। এই প্রত্যয় ইদংত্ব এবং রজতত্বের সামানাধিকরণ্যকে বিষয় করিয়া থাকে। অতএব ঐ সামানাধিকরণ্যবিষয়েই উক্ত প্রত্যয় প্রমাণ হইয়া থাকে, রজতের আন্তরত্ববিষয়ে উক্ত প্রত্যয় প্রমাণ নহে। বহির্দেশে ইদংকারাস্পদ রজত প্রতীত হওয়ার দরুণই লোভিবক্তি উহার গ্রহণার্থে বহির্দেশে ধাবিত হয়। রজত দেহাভ্যন্তরে থাকিলে 'আমাতে রজত' এইরূপ প্রতীতি হইত। প্রতীতিই বস্তুস্বীকারে শরণ। বিজ্ঞান হইতে রজতের বিচ্ছেদ প্রতীত হওয়ায় উহা আন্তর নহে। বাহ্যদেশে শুক্তি মানিয়া শুক্তিরজতকে আন্তর বলাও সঙ্গত নহে। শুক্তি হইতে ব্যবহিত অন্তর্দেশে রজত হইলে তাহাতে শুক্তিধর্ম্ম ইদংতার প্রতীতি হওয়া অসম্ভব। অতএব শুক্তিরূপ্যাদিভ্রান্তিস্থলে ঐ রূপ্যাদির বাহ্যতার নিষেধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং আন্তরত্বের বিধান অনুভববলে করা যায় না। " নিত্যত্বকার্য্যত্বাভ্যাং. ধীরূপরজতানিরূপনাচ্চ। "

বাধক প্রত্যয়ের বল দ্বারাও জ্ঞানাত্মক রজত সিদ্ধ হয় না। 'ইহা রজত নহে' এইরূপ বাধকজ্ঞান, পুরোবর্ত্তিদ্রব্যে রজতের ভেদমাত্রকে বিষয় করিয়া থাকে, রজতের জ্ঞানস্বরূপত্বকে অবগাহন করে না অর্থাৎ উক্ত জ্ঞান পুরোবর্ত্তি দ্রব্যকে রজত হইতে বিবেচন করিয়া থাকে কিন্তু রজতের জ্ঞানাকারত্বকে গোচরীভূত করে না। উক্ত বাধজ্ঞান প্রসক্তের প্রতিষেধ করিয়া থাকে, অপ্রসক্তের বিধান করে না। যাহা প্রাপ্ত উহাই সর্ব্বত্র বলবৎ প্রমাণ দ্বারা বাধপ্রাপ্ত হয়, অপ্রাপ্ত বা প্রমিত (প্রমাণগম্যপদার্থ) বাধিত হয় না। উক্তস্থলে দোষপরিকল্পিত অবভাসমান রজতই প্রসক্ত। এই প্রসক্তেরই প্রতিষেধ উক্ত জ্ঞান দ্বারা হইয়া থাকে। ঐ প্রতিষেধ পুরোবর্ত্তি বাহ্য প্রদেশে হইয়া থাকে। ঐ রজতের অধিষ্ঠান বাহ্যদেশস্থরূপে প্রতিভাত হয়। ঐ রজত যদি আন্তর হইত তবে " ইহা বহিস্থ রজত নহে কিন্তু আন্তর " এইরূপ বাধপ্রত্যয় হইত। পরন্তু এরূপ প্রত্যয় হয় না। বিপ্রকৃষ্ট রজত জ্ঞাত হইয়াই বাধকালে " নেদংরজতং " এইরূপ প্রত্যয় হয়। যাহা অসন্নিহিত উহা জ্ঞানাকার হইতে পারে না। শুক্তির জ্ঞান হইলে পর " মিথ্যারজত আমার প্রতীত হইয়াছিল "

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এইরূপ বাধ সর্ব্বানুভবসিদ্ধ। উক্তমত অনুসারে " রজতে মিথ্যা বাহ্যতা প্রতীত হইয়াছিল " এইরূপ বাধ হওয়া উচিত। কিন্তু এরূপ হয় না। অতএব অভ্যন্তর রজত বহির্বৎ অবভাসপ্রাপ্ত হয় এরূপ মত সঙ্গত নহে। এরূপ হইলে বাহ্য শুক্তি-তত্ত্বের জ্ঞান দ্বারা ঐ রজতের বাধ্যত্ব, বাহ্যপুরোবর্ত্তি পদার্থে প্রবৃত্তি, বহিঃপদার্থের সহিত রজতের তাদাত্ম্যানুভব এ সকল উপপন্ন হইত না।

(ছ) অখ্যাতি খণ্ডন—শুক্তিরজত প্রতীতিস্থলে শুক্তির ইদমংশের প্রত্যক্ষ এবং রজতের স্মৃতি এই দুই (উভয়ই যথার্থ-বিষয়ক) জ্ঞান হয় এইরূপ মত (প্রভাকরমত) খণ্ডিত হইতেছে। এই দুই জ্ঞান হইতে রজতার্থি মনুষ্যের রজত গ্রহণ করিবার প্রবৃত্তি উপপন্ন হইতে পারে না। ইদং এইরূপ জ্ঞান হইতে (দরুণ) প্রবৃত্তি হইতে পারিবে না। এরূপ হইলে অতিপ্রসঙ্গ হইয়া যাইবে অর্থাৎ রজতার্থি লোষ্ট্রাদিতেও প্রবৃত্ত হইবে। যাহা বিশেষজ্ঞান (ইদংরজতং) হয় উহার বিষয় সামান্য (ইদং) হইতে পারে না। রজত-জ্ঞানমাত্র হইতেও প্রবৃত্তি হইতে পারে না, অন্যথা দেশান্ত-রেও প্রবৃত্তি প্রসঙ্গ হইত। আর রজতজ্ঞান শুক্তিবিষয়ত্ব বিনা তথায় প্রবর্ত্তক হইবে না। অন্য বিষয় হইতে অন্যত্র প্রবৃত্তি যুক্তিযুক্ত নহে। জ্ঞান স্ববিষয়েই প্রবর্ত্তক হইয়া থাকে। উক্ত রজতাদিজ্ঞান পুরোবর্ত্তিবিষয়ক হইয়া থাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিতে হইবে যেহেতু ঐ জ্ঞান পুরোবর্ত্তিতে নিয়মপূর্ব্বক প্রবর্ত্তক হয়। যে জ্ঞান তদর্থিকে ঐরূপ প্রবর্ত্তন করে সেই জ্ঞান তদ্গোচর হইয়া থাকে। অতএব অনুমিত হয় যে রজতজ্ঞান (পক্ষ), শুক্তি বিষয়ক (সাধ্য), যেহেতু উহা তদ্গোচরব্যবহারের হেতু (হেতু) যেমন শুক্তিজ্ঞান (দৃষ্টান্ত)। সুতরাং শুক্তিরজতবিশিষ্টজ্ঞান সিদ্ধ হয়, জ্ঞানদ্বয় নহে। উক্ত জ্ঞানদ্বয়ের ভেদ গ্রহ (অবিবেক) দরুণ প্রবৃত্তি উপপন্ন হইবে, এরূপ বলা সঙ্গত নহে। ইদংএর প্রত্যক্ষ এবং রজতের স্মরণ এই জ্ঞানদ্বয় যদি ভাসমান হয় তবে ইহাদের বিবেকাভাব হইতে পারিবে না। দুইটী বলিয়া জ্ঞাত হইতে হইলে দ্বিত্বের আশ্রয়ভূত বস্তুদ্বয়ের ভেদজ্ঞান আবশ্যক অতএব ভেদাগ্রহ হইবে না। যদি উক্ত জ্ঞানদ্বয় ভাসমান না হয় তবে উহাদের অস্তিত্বই প্রসিদ্ধ হইবে না। আরও অভাবরূপ অবিবেক প্রবৃত্তির প্রয়োজক হইতে পারে না। প্রবৃত্তির যাহা বিষয় উহার জ্ঞান এবং ইষ্ট-উপস্থিতিই প্রবৃত্তির কারণ। সুতরাং উক্ত জ্ঞানদ্বয় স্বীকার করিলে প্রবৃত্তি সঙ্গত হয় না কিন্তু বিশিষ্টজ্ঞান স্বীকার করিলেই রজতার্থির প্রবৃত্তি সুসঙ্গত হয়। (৪) ইদং এবং রজতং

---

(৪) ন চ স্বতন্ত্রোপস্থিতেষ্টভেদাগ্রহাৎ প্রবৃত্তিঃ তন্মতে (প্রাভাকর-মতে) ভেদস্য স্বরূপাত্মকতয়া তদগ্রহাযোগাৎ। লাঘবেন ইষ্টোপস্থি-তিরেব প্রবর্ত্তকত্বাচ্চ। (অদ্বৈতচিন্তামণি)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই উভয়ের সম্বন্ধ স্বীকার করিলেই রজতত্ব বিশেষণরূপে (গৌণরূপে) প্রতিভাত হওয়তঃ ইদং. রজতং এইরূপ বুদ্ধি উৎপন্ন হইতে পারে। যদি ইদং এবং রজতের সম্বন্ধ ভান না হয় তাহা হইলে ইদং এবং রজতত্ব স্বতন্ত্র হইবে। এরূপ হইলে "ইদং ইতি, রজতত্ব ইতি" এইরূপ বোধ উৎপন্ন হইবে, ইদং রজতং এইরূপ বোধ হইবে না। অথচ এইরূপ বোধ হইয়া থাকে। অতএব ইদং বিশিষ্ট রজতের প্রতীতি স্বীকার করিতে হইবে। এরূপ স্বীকার করিলে উক্ত অনুভব সুপপন্ন হয়। অনুভবের অপলাপ অনুচিত। ইদং রজতং ইহা যদি জ্ঞানদ্বয় হয় তবে এইরূপ নিশ্চয় হওয়া আবশ্যক যে ইদংপশ্যামি রজতং স্মরামি। কিন্তু এরূপ হয় না। দুই অংশ সমান সংবেদিত হইলে একটী (ইদমংশ) প্রত্যক্ষলব্ধ অপরটী স্মরণফল এইরূপ বিভাগ হইতে পারে না। পূর্ব্বদৃষ্ট রজত প্রতিভাত হইলে ইদং রূপে ভান হইত না কিন্তু যথায় রজত দৃষ্ট হইয়াছিল তথাকার রজত এইরূপ বোধ হইত। দোষ বশতঃ তত্তার প্রমোষ (লোপ) হওয়ায় ইদংরূপে ভান হইয়া থাকে এরূপ বলা অনুচিত, যেহেতু তত্তার প্রমোষ হইলে স্মৃতিত্বের নিশ্চয় হইতে পারে না। শুক্তির ইদমংশস্বরূপে রজতের স্পষ্ট প্রতীতি হওয়ায় উহা পুরোবর্ত্তী শুক্তির অনুসারী, পূর্ব্ব-দৃষ্টের অনুসারী নহে। স্পষ্ট শব্দে ভ্রান্তিকালীন পুরোদেশ-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংশ্লিষ্টরূপে রজতের স্ফুরণ এবং পুরোবস্থিতত্বরূপে অবভাসন তথা বাধকজ্ঞানের উত্তরকালে ইদংসহিত সংসৃষ্টরূপে অনুসন্ধীয়মানত্ব (এতাবন্তংকালং ইদং রজতং ইতি অভাৎ) বুঝিতে হইবে। (৫) শুক্তিদেশে রজত অনুভূতরূপে প্রকাশিত হয় না কিন্তু অনুভূয়মানরূপে (সাক্ষাৎকার করিতেছি এই রূপে) হইয়া থাকে; অনুভূততাগ্রহণ স্মরণ হয়, অনুভূয়মানতাগ্রহণ স্মরণ নহে। প্রবৃত্তি অনুরোধেও রজতের স্মরণজ্ঞান নহে কিন্তু ইদং বিশিষ্ট রজতের প্রত্যক্ষজ্ঞান স্বীকার্য্য। রজতস্মরণের প্রবৃত্তিবিষয়কত্বের অভাব হওয়ায় তথা তদ্‌বিষয়ক ইচ্ছাজনকত্বের অভাব হওয়ায় উহা (রজতস্মরণ) শুক্তিদেশে প্রবর্ত্তক হইতে পারে না। সম্মুখস্থিত ইদং পদার্থে রজতবুদ্ধি হয় বলিয়াই রজতার্থী হইয়া তাহার গ্রহণে মনুষ্য প্রবৃত্ত হয়। অতএব ঐ ভেদাগ্রহ একটী তৃতীয় বিশিষ্টজ্ঞানকে (ইহা রজত এইরূপ জ্ঞানকে) উৎপাদন করিয়াই ঐরূপ প্রবৃত্তির কারণ হইয়া থাকে বলিতে হইবে। শুক্তিদেশে ইদংবিশিষ্ট রজতের জ্ঞান যথার্থ নহে কিন্তু ভ্রমরূপ হইবে। (৬)

---

(৫) স্মৃতেরংশতঃ প্রমোষাদম্ভবাৎ স্মৃতিশ্চেৎ ইদং রজতজ্ঞানং তদা গন্ধাদিস্মৃতিবৎ স্বার্থং গৃহ্যমানাৎ বিবিচ্যাৎ ন বিাবনক্তীত্যতো ন স্মৃতিঃ। (বাক্যার্থদর্পন-অমুদ্রিত)

(৬) রজতমিদমিতি সামানাধিকরণ্যেনৈকার্থপ্রতিভাসাৎ তন্মতে চ সংবিত্তেরপরোক্ষত্বাৎ রজতাধিগমাভিধানেন তদর্থিনস্তত্র প্রবৃত্তেঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.
Sri Sri Ma Anandamayee Ashram
BANARAS

(জ) অন্যথাখ্যাতিখণ্ডন :—

পূর্ব্বপক্ষ—রজত অন্যত্র থাকে। দোষবশে শুক্তিকাতে দেশান্তরীয় রজতই রজতরূপে গ্রহণ হইয়া থাকে।

সিদ্ধান্ত-বাধ-বোধ দ্বারা অন্যথাখ্যাতিবাদ সিদ্ধ হয় না ইহা এক্ষণে বলা হইতেছে। প্রকৃতস্থলে উক্ত রজতজ্ঞান পরোক্ষ নহে যেহেতু পুরোদেশে "রজত সাক্ষাৎকার করিতেছি" এইরূপ অনুভব হইয়া থাকে। এই জ্ঞান দেশান্তরীয় রজতের নহে। নেত্র দ্বারা ব্যবহিত রজতের জ্ঞান সম্ভব নহে। ক্লিপ্ত (নির্ণীত) সহকারি বিনা ইন্দ্রিয়ের কার্য্যজনকত্ব হয় না। বিশেষণ এবং বিশেষ্য এতদুভয়ের সন্নিকর্ষ না হইলে বিশিষ্টের প্রত্যক্ষ হইতে পারে না। বিশেষ্যের সহিত সন্নিকর্ষ এবং বিশেষণের জ্ঞান এইরূপ বিশিষ্ট জ্ঞানের সামগ্রী থাকা সত্ত্বেও বিশেষণের সহিত সন্নিকর্ষের অভাব হইলে বিশিষ্টজ্ঞান দৃষ্ট হয় না, অন্যথা দণ্ডহীন পুরুষের "দণ্ডী" এইরূপ বিশিষ্টপ্রত্যক্ষ হইতে পারিত। বুদ্ধি, বিশেষণকে না জানিয়া বিশেষ্যকে অবগাহন করে না। অপরোক্ষজ্ঞান যদি অসন্নিহিত বস্তুর আকার ধারণ করে তাহা হইলে উহা সর্ব্বাকারযুক্ত হইয়া পড়িবে। প্রত্যক্ষ বর্ত্তমান স্বসম্বদ্ধ যোগ্য পদার্থকে গ্রহণ করে, ইহাই

বাধপ্রত্যয়স্য তথাবিধবোধনিষেধপরত্বেন প্রাদুর্ভাবাৎ ন তাবৎ অখ্যাতিঃ। (ন্যায়মঞ্জরী).

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিয়ম। ব্যবহিত রজতগত রজতত্বের, জ্ঞাতার সহিত সম্বন্ধ সম্ভব নহে। সুতরাং প্রত্যক্ষজ্ঞানস্থলে পুরোবর্ত্তিদেশে রজতের সত্তা অবশ্য হওয়া উচিত। যেহেতু রজত প্রত্যক্ষ হইতেছে অথচ সে স্থলে কোন বাস্তবিক রজত বিদ্যমান নাই, সেই হেতু সেস্থলে কোন প্রাতিভাসিক বা অনির্ব্বচনীয়রজত উৎপন্ন হইয়া থাকে এইরূপ স্বীকার করিতে হইবে।

পূ—"সুরভি চন্দন" ইত্যাদির ন্যায় জ্ঞানরূপ প্রত্যাসত্তি (সন্নিকর্ষ) দ্বারা রজতত্ব জাতির প্রকৃতস্থলে (শুক্তিরজত প্রত্যক্ষস্থলে) প্রকাররূপে (বিশেষণরূপে) ভান হইতে পারে। অর্থাৎ রজত দূরদেশে থাকিলেও ঐরূপ সন্নিকর্ষ দ্বারা উহার প্রত্যক্ষপ্রতীতি এস্থলে হইতে পারিবে। সুরভি চন্দনজ্ঞান ইহার দৃষ্টান্ত। পূর্ব্বে চন্দন আঘ্রাণ করিয়া জানা গিয়াছে যে চন্দনে সৌরভ আছে। পরে দূর হইতে চন্দন দেখিয়া ঘ্রাণ না লইয়াই বলা হয় "সুরভি চন্দন"। এস্থলে পূর্ব্বের সৌরভজ্ঞানই সৌরভের চাক্ষুষপ্রত্যক্ষে প্রত্যাসত্তিরূপ হইয়া থাকে।

সি—"সুরভি চন্দন" দৃষ্টান্ত সমীচীন নহে। উক্তস্থলে সুরভির প্রত্যক্ষ হয় না। উহা যদি সাক্ষাৎকার হইত তবে এইরূপ অনুব্যবসায় (মানস প্রত্যক্ষ) হইত যে চন্দন দেখিতেছি সৌরভের ঘ্রাণ লইতেছি, পরন্তু এরূপ হয় না। চন্দন দেখিতেছি সৌরভ স্মরণ করিতেছি এইরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সার্ব্বজনীন অনুভব হইয়া থাকে। অতীত দণ্ডে ইদানীং চক্ষু দ্বারা দণ্ড জানিতেছি এইরূপ অনুভব না হওয়ায় তদংশে চক্ষুজন্যত্ব নহে কিন্তু সংস্কারজন্য হওয়ায় স্মৃতিই। দণ্ড স্মরণ করিতেছি এইরূপ অনুভবও হইয়া থাকে। অতএব জ্ঞান প্রত্যাসত্তি নহে। আরও ভ্রান্তিস্থলে জ্ঞান-লক্ষণা সন্নিকর্ষ স্বীকার করিলে অনুমান প্রমাণের উচ্ছেদ হইবে। "পর্ব্বতো বহ্নিমান" এইরূপ অনুমিতিজ্ঞান অনুমানপ্রমাণজনিত হইয়া থাকে। হেতুতে (ধূমরূপ-হেতু) সাধ্যের (বহ্নির) ব্যাপ্তির (নিয়তসম্বন্ধ) স্মরণ দরুণ অথবা সাধ্যের ব্যাপ্তির উদ্‌বুদ্ধ সংস্কারদরুণ অনুমিতি-জ্ঞান হইয়া থাকে। সাধ্যের ব্যাপ্তির স্মৃতি হইলে ব্যাপ্তি-নিরূপক সাধ্যেরও স্মৃতি হয়। অতএব প্রকৃতস্থলে অনুমিতির সামগ্রী যে ব্যাপ্তিজ্ঞান এবং প্রত্যক্ষের সামগ্রী যে বহ্নির পূর্ব্বানুভবজনিত স্মৃতিরূপ জ্ঞানলক্ষণাসন্নিকর্ষ তদুভয়ই বিদ্যমান থাকে বলিয়া পর্ব্বতে বহ্নির অনুমিতি না হইয়া বহ্নির প্রত্যক্ষই হইতে পারে। পর্ব্বতের সহিত নেত্রের সংযোগ এবং বহ্নির স্মৃতিদরুণ "পর্ব্বতো বহ্নিমান" এইরূপ প্রত্যক্ষজ্ঞানই হইবে। এক বিষয়ে যদি অনুমিতির সামগ্রী এবং প্রত্যক্ষের সামগ্রী বিদ্যমান থাকে তবে সে বিষয়ের অনুমিতি হয় না কিন্তু প্রত্যক্ষ হয়। সুতরাং পক্ষেতে (পর্ব্বতে) সাধ্যনিশ্চয়রূপ অনুমিতিজ্ঞানের জনক অনুমান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রমাণের অঙ্গীকার নিষ্ফল হইবে। অতএব স্মৃতিজ্ঞান সহিত ইন্দ্রিয়সংযোগ দরুণ বা সংস্কার সহিত ইন্দ্রিয় সংযোগ জনিত ব্যবহিত বস্তুর প্রত্যক্ষজ্ঞান সম্ভব নহে। অথচ শুক্তিরজত প্রত্যক্ষ হয়। সুতরাং শুক্তির রজতত্ব-রূপে প্রতীতিরূপ অন্যথাখ্যাতি সম্ভব নহে। যদি অন্যত্র ইন্দ্রিয়সংযোগাদি অজন্যজ্ঞানে "সাক্ষাৎ করিতেছি" এইরূপ অনুভব হইত তবে জ্ঞানকে প্রত্যাসত্তি বলা যাইতে পারিত পরন্তু এরূপ হয় না। প্রত্যভিজ্ঞাকে (সোয়ংদেবদত্ত) দৃষ্টান্তরূপে উপন্যস্ত করা যাইতে পারে না যেহেতু প্রত্যভিজ্ঞাও তত্তাংশে স্মরণই, তদুপলক্ষিত ঐক্যাংশে প্রত্যক্ষ (যেহেতু উহা ইন্দ্রিয়সন্নিকৃষ্ট)। "অনুব্যবসায়শ্চ বিপ্রতিপন্ন ইতি ন ততোপি জ্ঞানপ্রত্যাসত্তিত্বং"। আরও জ্ঞানমাত্রই প্রত্যাসত্তি নহে কিন্তু যে অবচ্ছেদে যাহা অনুভূত হয় সেই অবচ্ছেদে সেই জ্ঞান প্রত্যাসত্তিরূপ হইয়া থাকে এইরূপ বলিতে হইবে। পরন্তু শুক্তিত্বাব-চ্ছেদে রজত পূর্ব্বে অননুভূত হওয়ায় তথায় জ্ঞানের প্রত্যাসত্তিত্ব হইবে না।

পূ—দোষই প্রত্যাসত্তি।

সি—দোষকে প্রত্যাসত্তি বলা যাইতে পারে না। বিশেষণাংশে (রজতত্বাংশে) যাহা যথার্থজ্ঞান হয় উহার অজনক দোষ হইয়া থাকে। প্রকৃতস্থলে রজতত্বাংশে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞান যথার্থ। অতএব দোষ প্রত্যাসত্তিরূপ নহে। আরও বৈশিষ্ট্য (শুক্তিতে রজতত্বের বৈশিষ্ট্য) অসৎ হওয়ায় সেই অসৎ বৈশিষ্ট্যের সহিত দোষের সম্বন্ধাভাবদরুণ তদীয়ত্ব অনুপপন্ন অর্থাৎ দোষরূপ সম্বন্ধ অসতের হইবে না যেহেতু অসতের সতের সহিত সম্বন্ধ নাই। নিঃস্বরূপ অসতের সহিত স্বরূপ সম্বন্ধও বলা যাইতে পারে না। সম্বন্ধ বিনাও দোষ দরুণ রজতাদির প্রতীতি হইবে এরূপ বচন সঙ্গত নহে, যেহেতু বিশিষ্টজ্ঞানমাত্রে বিশেষণসন্নিকর্ষেরও কারণত্ব হইয়া থাকে। প্রকৃতস্থলে বিশেষণ যে অসৎ-বৈশিষ্ট্যাদি উহার সহিত দোষের সন্নিকর্ষ হইবে না। দোষবশাৎ দেশান্তরস্থের গ্রহণ সম্ভব নহে। দোষ গুরু-ত্বাদির ন্যায় আশ্রয় পরতন্ত্র। উহা স্বাশ্রয় বা স্বাশ্রয়-সংযুক্তে কার্য্যকারি হয়, অসন্নিহিতে নহে। কিঞ্চ দোষকে যদি সন্নিকর্ষ মানিবে তাহা হইলে ভ্রমাত্মক অনুমিতি হইবে না কিন্তু দোষরূপ সন্নিকর্ষ থাকাতে প্রত্যক্ষই হইবে। দোষ যদি ইন্দ্রিয়ের সন্নিকর্ষ হইবে তবে "বিভ্রম দোষজন্য" হইবে না কিন্তু ইন্দ্রিয়জন্য হইবে। অতএব বিভ্রম দোষজন্য হয় এইরূপ পূর্ব্বপক্ষিসম্মত কার্য্যকারণ-ভাবের ক্ষতি হইবে। (৭) দোষবশে যদি অসন্নিকৃষ্টেরও

(৭) সন্নিকর্ষবিশেষেবোহসৌ দোষশ্চেদিন্দ্রিয়স্য তে। বিভ্রমো দোষজন্যেতি কার্য্যকারণতাক্ষতিঃ। (সিদ্ধান্তসিদ্ধাঞ্জন)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভান হইবে তাহা হইলে জ্ঞানের সমানবিষয়ত্ব ব্যতিরেকেও দোষ দরুণই বিসম্বাদিপ্রবৃত্তি সম্ভব হইবে, অতএব অন্যথাখ্যাতি হইবে না।

অতএব দেশান্তরীয়ের সন্নিকর্ষ হইতে না পারায় ভ্রমস্থলে দেশান্তরীয় পদার্থ দৃষ্ট হয় না।

প্রবৃত্তি—বোধ দ্বারা অন্যথাখ্যাতি সিদ্ধ হয় না এরূপ প্রতিপাদনের পশ্চাৎ এক্ষণে প্রদর্শিত হইতেছে যে, লোকের যে শুক্তিরজতগ্রহণে প্রবৃত্তি উহা অন্যথাখ্যাতিবাদে সঙ্গত হয় না। জ্ঞান স্ববিষয়ে প্রবর্ত্তক হইয়া থকে। রজতজ্ঞানের বিষয় যে রজত উহার অন্যত্র অস্তিত্ব থাকায় তথায়ই প্রবৃত্তি হওয়া উচিত, সম্মুখদেশে প্রবৃত্ত হওয়া সঙ্গত নহে।

পূ—রজত উহার (জ্ঞানের) বিষয় নহে, শুক্তিই বিষয়।

সি—অন্যাকারজ্ঞান, অন্যালম্বন হয় না; ইহা জ্ঞানবিরুদ্ধ। যদাকার যে জ্ঞান হয় উহা তদাবলম্বন হইয়া থাকে ইহা অন্যত্র দৃষ্ট হওয়ায় রজতজ্ঞানের শুক্ত্যালম্বনত্ব মানিলে বিরোধ হইবে।

পূ—জ্ঞান শুক্তিতে রজতত্বের বৈশিষ্ট্যকে বিষয় করিয়া থাকে অতএব অনুভববিরোধ নহে কিম্বা তথায় প্রবৃত্তিও অনুপপন্ন নহে। যথায় ইষ্টতাবচ্ছেদক বৈশিষ্ট্যকে (যে ধর্ম্মযুক্ত পদার্থ ইষ্ট সেই ধর্ম্মের সম্বন্ধকে) বিষয় করে তথায় জ্ঞান প্রবর্ত্তক হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সি—এরূপ বলা সঙ্গত নহে। "ইদংরজতং" এইরূপ জ্ঞান পুরোবর্ত্তী পদার্থে রজতত্ববৈশিষ্টের অভেদকে বিষয় করিয়া থাকে কিন্তু পুরোবর্ত্তিতে রজতত্বের সংসর্গকে বিষয় করে না, যেহেতু "রজতং" এইরূপ স্মৃতিতে রজত উপসর্জন (প্রকার, গৌণ) হওয়াতে রজতত্বের আরোপ সম্ভব নহে। আরোপ হইতে হইলে আরোপ্যের স্বতন্ত্র উপস্থিতি হওয়া আবশ্যক। এরূপ নিয়ম (আরোপে আরোপ্যের স্বতন্ত্রোপস্থিতি হেতু এই নিয়ম) না মানিলে সংসর্গাভাববুদ্ধিরনিয়ামক প্রতিযোগী-আরোপ-সময়ে তাদাত্ম্যারোপ হইয়া পড়িবে। (৮)

---

(৮) অভাব দুই প্রকার—সংসর্গাভাব (negation of correlation) এবং অন্যোন্যাভাব (negation of identity)। অভাবজ্ঞানে প্রতিযোগিজ্ঞান হেতু হয়। প্রতিযোগির (যাহার অভাব উহার) সংসর্গ আরোপ করিয়া যে অভাবের বুদ্ধি হইয়া থাকে উহা সংসর্গ্যাভাব। এখানে যদি সংযোগাদিসম্বন্ধে এই বস্তুটী থাকিত তাহা হইলে উহার উপলব্ধি হইত এইরূপে সংসর্গের আরোপ করিয়া যে অভাবের বুদ্ধি হয় যথা "এখানে এই বস্তুটী নাই" উহা সংসর্গাভাব। যথায় সংসর্গরূপে প্রতিযোগী নিষিদ্ধ হয় তথায় ঐ নিষেধকে সংসর্গাভাব বলা হয়। প্রতিযোগীর তাদাত্ম্য (তদাত্মতা= তদ্‌গত অসাধারণ ধর্ম্ম, যেমন ঘটে ঘটত্ব) আরোপ করিয়া যে অভাবের বুদ্ধি হয় (যথা এইবস্তু ঐ বস্তু নহে) উহা অন্যোন্যাভাব বা তাদাত্ম্যাভাব। ভূতল ঘট নহে ইহা অন্যোন্যাভাবের দৃষ্টান্ত। ভূতলে ঘট নাই ইহা সংসর্গাভাব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাৎপর্য্য এই যে—সংসর্গাভাববুদ্ধির নিয়ামক তাদাত্ম্যারোপ হয় না। পরন্তু উহাও হইয়া পড়িবে যেহেতু তাদাত্ম্যারোপে প্রতিযোগির আরোপও হইতে পারে, কারণ, পূর্ব্বপক্ষিগণ আরোপ্যের স্বতন্ত্র উপস্থিতি আরোপের জন্য স্বীকার করেন নাই। স্বতন্ত্রোপস্থিতি আরোপের কারণ হয় এরূপ যদি স্বীকার করা হয় তাহা হইলে তাদাত্ম্যারোপ প্রসঙ্গ হইবে না যেহেতু তাদাত্ম্যারোপে প্রতিযোগী স্বতন্ত্র উপস্থিত নাই (কিন্তু তাদাত্ম্যের বিশেষণরূপে)। স্বতন্ত্রোপস্থিত যে রজত উহার আরোপের সামগ্রী থাকা সত্ত্বে রজতের উপসর্জ্জন যে রজতত্ব উহারই আরোপ হয় এরূপ নিয়ম করা যাইতে পারে না। রজতত্ব এবং রজত এই উভয়ের আরোপে প্রমাণ নাই। ভ্রমের পূর্ব্বে নিয়মপূর্ব্বক "রজতত্ব" এইরূপ স্মরণ হইয়া থাকে এরূপ কল্পনা করা যায় না। অতএব (রজতত্বের আরোপ শুক্তিতে না হওয়াতে) রজতত্বের বৈশিষ্ট্য রজতেই বিষয় করা হয়। সুতরাং রজতত্ববিশিষ্ট রজতেই প্রবৃত্তি হয়। তাৎপর্য্য এই যে ভ্রমস্থলে রজতার্থির প্রবৃত্তি শুক্তিতে নহে কিন্তু রজতে হয়। রজতত্বরূপে যাহাকে জানে উহাতেই প্রবৃত্তি হয়। রজতত্ব শুক্তিতে জানিতে পারে না যেহেতু উহা (রজতত্ব) স্বতন্ত্ররূপে উপস্থিত হইতে পারে না যেহেতু উহা গৌণ হয় অর্থাৎ উহা রজতোপস্থিতিতে প্রকার (বিশেষণ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়। রজতত্ব সদাই রজতের বিশেষণরূপে প্রতিভাত হইয়া থাকে। স্বতন্ত্ররূপে যাহা উপস্থিত হয় উহাই আরোপিত হয়। রজতত্ব স্বতন্ত্ররূপে উপস্থিত নহে। উহার স্বতন্ত্ররূপে ভ্রমের পূর্ব্বে উপস্থিত হয় এবিষয়ে প্রমাণ নাই। অতএব প্রবৃত্তির উপপত্তিব জন্য রজতের অভেদই শুক্তিতে জানিতে হইবে। ইহা তখনই হইতে পারে যদি উহাতে রজতের উৎপত্তি হইবে।

পূ—রজতজ্ঞান শুক্তিকেও বিষয় করিয়া থাকে।

সি—অন্যাকার জ্ঞান অন্যালম্বন হয়-ইহা জ্ঞানবিরুদ্ধ। এই প্রকারে অসৎ বৈশিষ্ট্যের (শুক্তিতে দেশান্তরীয় রজতত্বের বৈশিষ্ট্য অসৎ) অপরোক্ষ প্রতীতি অনুপপন্ন। এস্থলে অপরোক্ষজ্ঞানের যাহা বিষয় উহা দেশান্তরে থাকে এ বিষয়ে কোন প্রমাণও নাই। দোষবশে দেশান্তরস্থিত ব্যক্তিই প্রতিভাত হয় এরূপ বলা সঙ্গত নহে। দোষ যেমন ভ্রম উৎপাদন করে তদ্রূপ উহার বিষয় উৎপাদন করিবে। এস্থলে বস্তুসাধক প্রতীতি বিদ্যমান।

বাধ—বোধ এবং প্রবৃত্তির বিচার দ্বারা অন্যথাখ্যাতি খণ্ডিত হইবার পর এক্ষণে বাধের বিচার দ্বারাও উহা খণ্ডিত হইতেছে। শুক্তিত্ববিশেষ দর্শনানন্তর "ইহা রজত নহে" এইরূপ অন্যোন্যাভাববুদ্ধি হইয়া থাকে। বৈধর্ম্য-জ্ঞান হইতেই অন্যোন্যাভাব বুদ্ধি উদিত হয়। অভেদের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিষেধই অন্যোন্যাভাব পদবাচ্য। 'ইহা রজত নহে' এইরূপ নিষেধজ্ঞান দ্বারা জানা যায় যে, এই নিষেধের পূর্ব্বে ঐ শুক্তিদেশে রজতের আরোপ হইয়াছিল। যদি রজতত্বের সংসর্গ আরোপিত হইত তবে শুক্তির জ্ঞানানন্তর এইরূপ বোধ উৎপন্ন হইত যে এইস্থলে রজতত্ব নাই। এরূপ বোধ হয় না কিন্তু এতাদৃশ জ্ঞান হয় যে, ইহা রজত নহে। ইহা দ্বারা জানা যায় যে শুক্তি দেশে রজতত্বের ভ্রম হয় না কিন্তু রজতের ভ্রম হইয়া থাকে। যদি ভ্রমকালে ইদং পদার্থে রজতের তাদাত্ম্য প্রতিভাত না হইবে তবে বাধ (নেদং রজতং এই বাধ) নির্ব্বিষয় হইবে। রজত আরোপিত হয় না কিন্তু রজতাভেদ আরোপিত হয় এরূপ বচনও সঙ্গত নহে। রজত আরোপিত না হইয়া রজতাভেদ আরোপিত হইলে ভ্রমকালে এরূপ বুদ্ধি উদিত হইবে যে, সম্মুখদেশে রজতাভেদ প্রতিভাত হইতেছে। এতাদৃশ বুদ্ধি হয় না কিন্তু 'ইহা রজত' এইরূপ জ্ঞান হইয়া থাকে। ইহা দ্বারা অবগত হওয়া যায় যে, শুক্তিদেশে রজতাভেদের নহে কিন্তু রজতের আরোপ হইয়াছিল। বাধ দ্বারাও ইহাই জানা যায়। যদি রজতাভেদ আরোপিত হইত তবে এতাদৃশ বাধবুদ্ধি হইত যে, রজতাভেদ সম্মুখশুক্তিদেশে বিদ্যমান নহে। অতএব সিদ্ধ হয় যে, শুক্তিদেশে রজতত্ব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
LIBRARY
No.
Sri Sri Anandamayee Ashram
BANARAS

বা রজতাভেদের নহে কিন্তু রজতের ভ্রম হইয়া থাকে। আরও রজতাভেদ অর্থ রজতভেদের অভাব অর্থাৎ রজত। অতএব রজতই আরোপিত হইয়া থাকে বলিতে হইবে, রজতের সংসর্গ মাত্র আরোপিত হয় না। এরূপ হইলে এরূপ বাধ হইত যে এস্থলে রজত নাই। পরন্তু ইহা রজত নহে এইরূপ বাধ হয়। কিঞ্চ পূর্ব্বপক্ষির মতানুসারে বিষয়ের অন্যত্র অস্তিত্ব থাকায় উহার বাধ উপপন্ন নহে। উক্ত বিষয়ের বৈশিষ্ট্যই (শুক্তিতে রজতের বৈশিষ্ট্য) বাধ প্রাপ্ত হয় এরূপ বলা যাইতে পারে না যেহেতু রজত দেশান্তরস্থ হওয়ায় উক্ত বৈশিষ্ট্য অসৎ। অসৎ হওয়ায় উহার বাধ সম্ভব নহে। আরও নেদং এইরূপ বাধ দরুণ এস্থলে অসত্ত্বমাত্র প্রতীত হয়, অন্যত্রসত্ত্ব অনুভূত হয় না। বিপ্রকৃষ্টরজতের পুরোবস্থিতরূপে গ্রহণ স্বীকার করিলে বাধকালে "তথায় রজত, এস্থলে নহে" এতাদৃশ আকার হওয়া উচিত। কিন্তু এরূপ অনুভব হয় না। অতএব অনুভবানুসারে স্বীকার করিতে হইবে যে দেশান্তরস্থ রজতের প্রতীতি হয় না। উল্লিখিত বিচার দ্বারা সিদ্ধ হইল যে—অন্যথাখ্যাতি সমীচীন নহে। অন্যরূপে অন্যের প্রতিভাসন যুক্ত নহে অন্যথা অতিপ্রসঙ্গ হইবে, সর্ব্বজ্ঞানই সর্ব্ববিষয়ক হইয়া পড়িবে, তদ্দরুণ প্রতিনিয়তার্থব্যবস্থার উচ্ছেদ হইবে। অতএব সিদ্ধান্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইল—"যন্নখ্যাতি ন তৎখ্যাতি যৎখ্যাতি ন তদন্যথা"।

(ঝ) অনির্ব্বচনীয় খ্যাতিমণ্ডন—

শুক্তিরজতস্থলে রজতের অসত্ত্ব, উহার অধিষ্ঠানে সত্ত্ব তথা তাহারসত্ত্ব দেশান্তরে উপপন্ন নহে অতএব শুক্তিকাতে উক্ত রজত উৎপন্ন হয় এরূপ স্বীকার করিতে হইবে। (৯) বিষয় উৎপন্ন হইলেই ঐরূপ রজতাদি বিশিষ্ট প্রতীতি সূপপন্ন হয়, অন্যথা নহে। অর্থগত বৈশিষ্ট্যাভাবে বুদ্ধিগত বৈশিষ্ট্য অসম্ভব। অসতের অনবভাসন (অবিষয়ত্ব) হওয়ায়, আন্তর রজত নিরাকৃত হওয়ায়, বাধের অনুপপত্তিদরুণ পুরোবস্থিত বাহ্য পারমার্থিক (ব্যাবহারিক) রজতের বিষয়ত্ব অযুক্ত হওয়ায়, দেশান্তরীয় রজত ব্যবহিত হওয়ার দরুণ উহার বিষয়ত্ব সম্ভব না হওয়ায়—এই সকল হেতুবলে পরিশেষতঃ তৎকালোৎপন্ন প্রাতিভাসিক রজতই বিষয় হয় মানিতে হইবে। নির্বিষয় জ্ঞান উৎপন্ন হয় না

(9) (a) Whenever a penny looks to me elliptical…If, in fact, nothing elliptical is before my mind, it is very hard to understand why the penny should seem elliptical rather than of any other shape. (Broad's " Scientific Thought ")

(b) The stick which is really straight really presents the appearance of being bent. It does not merely appear to appear bent, it really appears so. (Stout's " Error ")

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

" নিরাকারত্বাপত্তেঃ "। ভ্রমজ্ঞান সালম্বন হয় অন্যথা ভ্রমোদয় অনন্তর পুরঃস্থিত বিষয়ের প্রতি ধাবন বা তথা হইতে পলায়ন উপপন্ন নহে। যে বস্তু সংলিষ্ট হইয়া যেরূপে যে জ্ঞান দ্বারা বিষয়ীকৃত হয় সেই বস্তু সেই রূপই স্বীকার করা উচিত। প্রতীতিনির্ব্বাহানুরোধে স্বীকৃত পদার্থ ঐ প্রতীতির পূর্ব্বে সৎ হইবে না। প্রতীতিসমকালীন হওয়ায় উহাদিগকে প্রাতিভাসিক বা প্রাতীতিক বলা হয়। প্রাতীতিক শব্দে প্রতীতিজন্যত্ব বুঝিতে হইবে না কিন্তু প্রতীতিকাল ব্যতিরিক্ত অন্যকালে অসত্ত্ব বুঝিতে হইবে। 'ইদং রজতং,' এইরূপ প্রত্যয়ানু-রোধে বাধজ্ঞাননিরসনযোগ্য প্রতিভাসমানকালীন মিথ্যা রজত অঙ্গীকার করিতে হইবে।

জ্ঞান প্রবৃত্তিহেতু হইয়া থাকে। শুক্তিরজতস্থলে রজ-তার্থির পুরোবর্ত্তিপ্রবৃত্তির অন্যথা উপপত্তি না হওয়ায় পুরোবর্ত্তী বিশিষ্টরজতজ্ঞান স্বীকার্য্য। উহা পুরোবর্ত্তীতে মিথ্যারজত বিনা অনুপপন্ন। সাক্ষাত্ত্বানুরোধে এবং প্রবৃত্তি-অনুরোধে অপরোক্ষস্থলে অর্থের উৎপত্তি স্বীকার্য্য।

রজতভ্রান্তি নিবৃত্ত হইলে, সকল লোকেরই এই প্রকার অনুভব হইয়া থাকে যে, যথার্থজ্ঞান হইবার পূর্ব্বে মিথ্যা রজতই প্রতীত হইয়াছিল। এইভাবে সকলেই রজত ও রজতজ্ঞানের মিথ্যাত্বকে মানসপ্রত্যক্ষের বিষয় করে। জ্ঞান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দোষজন্য হওয়ায় এবং মিথ্যাজ্ঞানের প্রসিদ্ধি হওয়ায় মিথ্যারজতই আলম্বন হয়, সত্য নহে। বাধ হওয়াতেও উহা সত্যরূপ্যবিলক্ষণ। নেদং রজতং এইরূপ বাধকজ্ঞান প্রতিপন্ন-উপাধিতে (শুক্তিরূপ অধিষ্ঠানে) রজতের অভাব-প্রতিযোগিত্বরূপ মিথ্যাত্বকে বিষয় করিয়া থাকে। ঐরূপ অভাবজ্ঞান হইলে উক্ত রজত নিবর্ত্তিত হয়। অভাববিশিষ্ট জ্ঞানের নিবর্ত্তকত্বস্থলে নিবর্ত্ত্যের মিথ্যাত্বই প্রয়োজক হইয়া থাকে, অন্যথা তৎকালে তদভাববিশিষ্ট প্রমা অসম্ভব। অতএব রূপ্যের খ্যাতি এবং বাধ দরুণ অবগত হওয়া যায় যে, যাহা সত্য নহে উহাও প্রতীত হয়। অসৎ-বিলক্ষণ হওয়ায় প্রতীত হয় এবং সদ্‌বিলক্ষণ হওয়ায় বাধ হয়। সৎ যদি প্রতিভাত হইবে তাহা হইলে কিরূপে বাধ হইবে, আর যদি প্রতিভাত হইবে তাহা হইলে কিরূপে অসৎ হইবে? অতএব ঐ রজত অনির্ব্বচনীয় বা মিথ্যা। রজতের সত্ত্ব বা অসত্ত্ব, আন্তরত্ব বা দেশান্তরীয়ত্ব নিরাকৃত হওয়ায় উহার মিথ্যাত্ব স্বীকার্য্য। সুতরাং সিদ্ধ হইল যে—শুক্তিরজত, নির্দ্দোষব্যক্তি কর্ত্তৃক অগৃহীত হওয়ায় তথা "এস্থলে রজত নাই" এইরূপ বাধ দরুণ তথা "মিথ্যারজত প্রতিভাত হইয়াছিল" এইরূপ পরামর্শ হওয়ায় রজতের মিথ্যাত্ব স্বীকার্য্য। এই যে মিথ্যাত্ব উহা রজতজ্ঞান দ্বারা প্রকাশিত হয় না কিন্তু পরবর্ত্তী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাধজ্ঞান এবং অনুপপত্তিজ্ঞান (এখানে রজত থাকিতে পারে না এইরূপ জ্ঞান) দ্বারা সাধিত হয়। (১০)

শুক্তিরজত যেমন মিথ্যা তদ্রূপ উহার সম্বন্ধও মিথ্যা। "ইহা রজত" এইরূপ ভান হওয়ায় প্রতিভাসানুরূপ মিথ্যারজত এবং উহার তাদাত্ম্য পুরোবর্ত্তী অধিষ্ঠানে মানিতে হইবে। শুক্তিজ্ঞানের উত্তরকালে নেদং রজতং

---

(১০) (ক) তস্মাৎ ইদংরজতং ইতি প্রত্যয়ানুরোধাৎ বাধকজ্ঞান-নিরসনযোগ্যং প্রতিভাসসমানকালীনং মিথ্যারজতং অঙ্গীকর্ত্তব্যং বাধকপ্রত্যয়ানুরোধাচ্চ ত্রৈকালিকরজতাভাবঃ তথাচানুভব নাস্ত্যত্র রজতং মিথ্যৈব রজতং অভাৎ ইতি।

(বোধেন্দ্রসংযমীকৃত অদ্বৈতভূষণং—পঞ্চপাদিকাবিবরণসংগ্রহ অমুদ্রিত)

(খ) নাস্ত্যত্র রজতং ইতি কালত্রয়েঽপি রজতস্যাসত্ত্বমেব গম্যতে, মিথ্যৈব রজতমভাৎ ইতি ভ্রান্তিসময়ে রজতস্য বিদ্যমানতাবসীয়তে তেন উভয়সংবিদনুরোধাৎ কালত্রয়নিষেধস্য পরমার্থরজতবিষয়ত্বং শুক্তি-অজ্ঞানবিবর্ত্তপুরোবর্ত্তিরজতবিষয়ত্বং চ ভ্রান্তিকালীন রজতবিদ্যমানতানু-ভবস্য কল্পনীয়ং।

(চিৎসুখাচার্য্য বিরচিত বিবরণভাবদ্যোতনিকা—অমুদ্রিত)

(গ) ব্যাবহারিকরজতাভাব এব নেদং রজতং ইত্যুল্লিখ্যতে...ন চ পারমার্থিকস্যাত্রাপ্রসক্তির্দোষঃ, তস্য ভ্রমাবিষয়ত্বেঽপি অধিষ্ঠানসাক্ষাৎ-কারানন্তরং স্মৃত্যুপস্থিতস্য নিষেধোপপত্তেঃ। প্রতিযোগিজ্ঞানাপেক্ষ-ত্বাদভাববুদ্ধেঃ। তৎস্মারকং চাধিষ্ঠানজ্ঞানমেব।

(মধুসূদন সরস্বতী প্রণীত অদ্বৈতরত্নরক্ষণং)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এইরূপ বাধের বাধ্য ইদংপদার্থগত রজততাদাত্ম্য হইয়া থাকে। ভ্রমকালে ইদংপদার্থে রজতের তাদাত্ম্য ভান না হইলে বাধ নির্ব্বিষয় হইবে। পক্ষান্তরে কেবল রজতত্বের সমবায়ই শুক্তিতে প্রতিভাত হয় বলিলে "নাত্র রজতত্বং" এইরূপ বাধ হওয়া উচিত। সুতরাং শুক্তিতে রজতের তাদাত্ম্যই ভাসমান হয়। এই শুক্তিরজতের তাদাত্ম্য উভয়-সাপেক্ষ, অন্যত্র প্রসিদ্ধ নহে। এই রীতিতে অনির্ব্বচনীয় তাদাত্ম্যের উৎপত্তি আবশ্যক। (১১) ইদং এবং রজত এই দুইয়ের সংসর্গরূপে প্রতীয়মান যে তাদাত্ম্য উহার সদ্‌রূপতা হইতে পারে না যেহেতু শুক্তি রজতরূপ নহে। এস্থলে প্রতীয়মান যে রজত উহার তাদাত্ম্য অর্থাৎ উভয়নিরূপিতত্বরূপে প্রতীয়মান তাদাত্ম্য অন্যত্র আছে এ বিষয়ে প্রমাণ নাই। যদি অপূর্ব্ব সমবায়ত্বাদি অথবা রজতের ধর্ম্ম রজতত্বাদি এই উভয়ের উৎপত্তি অঙ্গীকার করিবে তবে পূর্ব্বানুভূত সমবায়ত্বাদিধর্মবিশিষ্টসম্বন্ধে রজতত্বাদিবিশেষণবিশিষ্ট বস্তুর ইচ্ছাবানের তথা পূর্ব্বানুভূত রজতত্ববিশিষ্টের ইচ্ছাবান পুরুষের ভ্রমস্থলে প্রবৃত্তি হইবে না। (১২) যদি উভয়ের (পূর্ব্বানুভূত সমবায়ত্ব

---

(১১) বেদান্তিমতে রজততৎসংসর্গয়োঃ মিথ্যাত্বং অন্যথাখ্যাতৌ চ সংসর্গস্যাসত্বাৎ রজতস্য দেশান্তরস্থত্বাৎ সংপ্রয়োগানুপপত্তিঃ। (আনন্দপূর্ণ বিদ্যাসাগরকৃত টীকারত্ন=বিবরণ ব্যাখ্যা—অমুদ্রিত)

(১২) অপূর্ব্বস্য সমবায়ত্বাদেঃ রজতত্বাদের্বা ধর্মস্যোৎপত্ত্যঙ্গী-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং রজতত্ব তথা এতৎকালানুভূতসমবায়ত্ব এবং রজতত্বের) ঐক্য মানিবে তবে অনির্ব্বচনীয়তা সিদ্ধ হইবে। অতএব শুক্তিরজতের মিথ্যা তাদাত্ম্য (আধ্যাসিকতাদাত্ম্য-সম্বন্ধ) স্বীকার্য্য। উক্ত দৃষ্টান্তানুসারে সকল ভ্রান্তিস্থলে বুঝিতে হইবে। (১৩)

(ঞ) মিথ্যা পদার্থের পরিচয়। উল্লিখিত বিচার দ্বারা মিথ্যা পদার্থের পরিচয় পাওয়া গেল। এ বিষয়ে আরও বলা হইতেছে। এই স্পষ্টীকরণ দ্বারা পরবর্ত্তী অধ্যায়ের বিচার্য্যবিষয় সুবোধ হইবে। শুক্তিরজতাদি ভ্রান্তিদৃশ্যকে মিথ্যা বলিবার হেতু এই যে, উহাদের স্বতন্ত্র অস্তিত্ব নাই, উহারা পরতন্ত্র। উহাদের অস্তিত্ব যদি স্বতন্ত্র হয় তবে উহারা সত্য হইবে, মিথ্যা হইবে না। পরতন্ত্র অর্থ—যাহা অপর সত্তাতে সত্তাবান। অপরের সত্তাতে সত্তাবান না হইলে উহাকে পরতন্ত্ররূপে

কারে পূর্ব্বানুভূতসমবায়ত্বাদিবিশিষ্টসম্বন্ধেন রজতত্বাদি বিশেষণ-বিশিষ্টং পূর্ব্বানুভূতরাজতত্বাদিবিশিষ্টমেবেচ্ছতাং ভ্রমস্থলেপ্রবৃত্ত্যনুপপত্তেঃ। (অনির্ব্বচনীয়বাদার্থ অমুদ্রিত)

(১৩) কাদাচিৎক শুক্তিরজতাদি ভ্রান্তিদৃশ্যের এবং তৎসমকালীন উৎপন্ন ভ্রান্তিজ্ঞানের উপাদান কারণ (পরিণামি এবং বিবর্ত্তোপাদান) গ্রন্থবিস্তারভয়ে প্রতিপাদিত হইল না।

"যস্মাৎ ভ্রান্তিত্বব্যবহার সদসদ্জ্ঞানয়োরনুপপন্নে', যতশ্চ পক্ষান্ত-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নির্দ্দেশ করা যাইতে পারে না। ঐ পরতন্ত্র পদার্থের অস্তিত্ব যদি ঐ অপর সত্তার সম হয় তবে উহা পরতন্ত্র হইবে না, উহাও ঐ অপরের ন্যায় হইয়া পড়িবে। এরূপ হইলে স্বাতন্ত্র্য এবং পারতন্ত্র্যের ভেদ থাকিবে না। অতএব উহাই পরতন্ত্র হইয়া থাকে যাহা অধিষ্ঠানের সত্তা হইতে বি+সম সত্তাবান হয়। অতএব পরতন্ত্রের (appearance) লক্ষণ এই যে—যাহা অসৎ নহে কিন্তু সৎ, এই সত্তা সতঃসিদ্ধিরূপ নহে কিন্তু অপর সত্তাতে সত্তাবান অথচ ঐ অপরসত্তার সমসত্তাক নহে কিন্তু বিষমসত্তাক। শুক্তি-রজতাদি ভ্রান্তিদৃশ্য পরতন্ত্র যেহেতু উহারা অসৎ নহে (শুক্তিআদি অধিষ্ঠানে অপরোক্ষরূপে ভাসমান রজতাদির

ষেষু অনুভববিরোধঃ, যতশ্চ জ্ঞানদ্বয়—পারোক্ষ্য—স্মৃতিত্ব—স্মরণাভিমানপ্রমোষঃ—তদ্‌হেতুরবিবেকঃ তন্নিমিত্তপ্রবৃত্তয়ো ইতি অপ্রতিপন্নমপূর্ব্বং বহুকল্পনীয়ংঅখ্যাতৌ, অন্যথাখ্যাতৌ চ অন্যত্র প্রতিপন্নস্য অন্যত্র সত্ত্বং ইন্দ্রিয়স্য চ জন্মান্তরানুভূত দেশকাল ব্যবহিতার্থগ্রাহিত্বং, দোষস্য চ তথাবিধাদৃষ্টসামর্থ্যং, সংসর্গস্য চ শূন্যস্য প্রত্যক্ষতা ইতি প্রমাণবিরুদ্ধং বহু কল্পনীয়ং, অতঃ সর্ব্বদোষপরিহারায় যথাপ্রতিপন্নস্য মিথ্যাত্বং নাস্মৈকঃ স্বভাবঃ "নাস্তি রজতং মিথ্যৈব রজতমভাত" ইত্যনুভবসিদ্ধঃ সমাশ্রয়নীয়ো, অবিদ্যোপাদান কল্পানায়াশ্চ অন্বয়ব্যতিরেকসিদ্ধত্বাৎ। সত্যস্য বস্তুনো মিথ্যাবস্তুসম্ভেদাবভাসমানো মায়ামিথ্যাহনির্ব্বচনীয়খ্যাতিরধ্যাস এবায়ং।

(পঞ্চপাদিকা বিবরণ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বরূপতঃ অসত্ব হইতে পারে না), উহারা স্বতঃসিদ্ধও নহে (উহারা শুক্তি আদি অধিষ্ঠানের সত্তাতে সত্তাবান হয়) অথচ অধিষ্ঠানের যেরূপ সত্তা সেইরূপ সত্তা উহাদের থাকে না, অতএব উাহারা অধিষ্ঠানের বিষম-সত্তাক হয়। প্রতীতিমাত্রস্বরূপ ভ্রান্তিদৃশ্য ব্যাবহারকালে বাধিত হওয়ায় ব্যাবহারিক নহে কিন্তু প্রাতিভাসিক। ভ্রান্তির সত্তা এবং অপর জাগ্রৎপদার্থের সত্তা যদি পৃথক (সর্ব্বথাস্বতন্ত্র নহে) না হইত তবে ভ্রান্তিই অপ্রসিদ্ধ হইত এবং উহার উচ্ছেদও হইত না। জ্ঞানের পূর্ব্বে ব্যাবহারিক পদার্থ অজ্ঞাত থাকে। ভ্রান্তিদৃশ্য অজ্ঞাত থাকে না উহারা প্রতীতি-কালেই অবস্থিত হয়। প্রাতিভাসিক পদার্থের পূর্ব্বেও অধিষ্ঠানের সত্তা বিদ্যমান থাকে। প্রতিভাসকালে এবং প্রাতিভাসিক পদার্থের নিবৃত্তিকালেও ঐ অধিষ্ঠানের সত্তা থাকে। প্রমা এবং ভ্রমাত্মক জ্ঞানের বিষয় ভিন্ন হয়। ব্যাবহারিক পদার্থ (যথার্থ জ্ঞানের বিষয়) দ্বারা অনুগত হইয়া প্রাতিভাসিক পদার্থের প্রতীতি হইয়া থাকে যথা ইদং অংশ (ব্যাবহারিক) দ্বারা অনুগত হইয়া প্রাতিভাসিক রজতাদির ইদং রজতং এতাদৃশ প্রতীতি হয়, ঐ রজতাদির পৃথক স্বতন্ত্র অস্তিত্ব থাকে না। পূর্ব্বে অনির্ব্বচনীয়খ্যাতি স্থলে অনির্ব্বচনীয় পদার্থের উৎপত্তি প্রতিপাদন দ্বারা এবিষয় নির্ণীত হইয়াছে। যাহা যথায় অনারোপিত উহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উহার সমসত্তাক হইয়া থাকে। উক্তস্থলে সত্তা সম না হওয়ায় উহাদের সংজ্ঞা দিতে হইলে বলা যাইতে পারে যে, একটীর সত্তা অধিক, অপরের সত্তা ন্যূন। অতএব প্রাপ্ত হইল যে অধিষ্ঠানের বিষমসত্তাকাবভাস হওয়াই পরতন্ত্রতার পরিচয় এবং ইহাই মিথ্যাত্বের লক্ষণ। (১৪)

এইরূপ পরতন্ত্র অবভাসকেই অদ্বৈতবেদান্তশাস্ত্রে মিথ্যা বলা হয়। যদি অধিষ্ঠানসত্তা না থাকে তবে অধ্যস্ত প্রতিভাসকে স্বতঃ সত্তাবান বা অসৎ বলিতে হইবে। স্বতঃসত্তাবান হইলে উহার সত্যত্বাপত্তি হইবে, উহা মিথ্যা হইবে না। উহা অসংও নহে। অসৎ হইলে উক্ত প্রতিভাসই সম্ভব হইত না। (১৫) অসৎ হইলে পৃথকত্বধর্ম্মের অনাশ্রয় হওয়ায় উহাকে মিথ্যারূপে অভিহিত

---

(১৪) অধিষ্ঠানে অপরোক্ষতয়াভাসমানস্য স্বরূপতোঽসত্ত্বা-যোগাৎ অধিষ্ঠানস্য যাদৃশং সত্ত্বং তাদৃশ সত্ত্বরাহিত্যে প্রতিপাদিতে অধিষ্ঠানবিষমসত্তাকাবভাসত্বং লক্ষণং পর্য্যবস্যতি...লক্ষণে সত্তাশব্দেন তারতম্যাদিবৎউৎকর্ষবিশেষাত্মকাকেচনাথণ্ডোপাধিভূতা+বিবক্ষিতাঃ। (ব্রহ্মবিদ্যাভরণং = ব্রহ্মসূত্রশাঙ্করভাষ্যব্যাখ্যা)।

(১৫) (a) They must exist in order to be false. (Bosanquet's " Essentials of Logic ")

(b) To hold that appearances have no reality is to deny that they are appearances. (Eaton's " Symbolism and Truth ")

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করা যাইতে পারে না। মিথ্যাবস্তুরও সত্য হইতে পৃথকত্বধর্ম্মের যোগ হইলে অতুচ্ছরূপ সত্যত্ব প্রসক্ত হইবে। অতএব যে পদার্থ মিথ্যা হয় উহা অসৎ বা স্বতঃসিদ্ধ নহে। উহার কোন প্রকার সত্তা থাকা আবশ্যক। উহার সত্তা যদি অধিষ্ঠানসত্তা হইতে স্বতন্ত্র পৃথক হয় তবে উহার কখনও বাধ হইবে না, উহা অধিষ্ঠানের প্রতি-ভাসরূপ এরূপও নিশ্চয় হইবে না, উহাকে মিথ্যা রূপেও অভিহিত করা যাইতে পারিবে না। উহার সত্তা যদি অধিষ্ঠানরূপই হয় তাহা হইলে উহা মিথ্যাপদবাচ্য হইবে না। সত্য—অভিন্ন মিথ্যা হইতে পারে না। মিথ্যা যদি সত্য—অভিন্ন হয় তবে তদভিন্ন সত্যেরও মৃষাত্বপ্রাপ্তি হইবে। উহা যদি অধিষ্ঠানরূপ হয় তবে ভ্রান্তিপ্রতিভাস অসৎ হইবে। উহার সত্তা যদি অধিষ্ঠানের সমসত্তাক হয় তবে উহাকে মিথ্যা বলা যাইবে না, উহার অধি-ষ্ঠানই (যদ্‌গতং প্রতিভাস্যং তৎ অধিষ্ঠানং) অপ্রসিদ্ধ হইবে, জগতে ভ্রম এবং বাধের ব্যবস্থা থাকিবে না। অতএব সিদ্ধ হইল যে, উহাই মিথ্যা হয় যাহা স্বতঃসিদ্ধ বা অসৎ নহে, যাহার অস্তিত্ব অধিষ্ঠানসত্তা হইতে স্বরূপতঃ পৃথক না হইলেও যেন পৃথকরূপে (ন্যূনসত্তাকরূপে) প্রতিভাত হয়। উহা যদি সত্য (অধিষ্ঠান) হইতে পৃথক হয় তবে উহা সত্যই হইয়া পড়িবে, অন্যথা তাত্ত্বিক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্যভেদের আশ্রয় হইবে না, পৃথক হইলে উহাদের তাদাত্ম্যও উপপন্ন হইবে না। অতএব অধিকসত্তাক অধিষ্ঠানে (অর্থাৎ ঐ সত্তাতে সত্তাবান হইয়া) ন্যূন-সত্তাক প্রতিভাসই মিথ্যা হইয়া থাকে। ইহাকেই অধ্যাস বলা হয়। অধিষ্ঠানে অধ্যস্তপদার্থ স্বরূপতঃ থাকে না। অতএব অধিষ্ঠান উহার অত্যন্তাভাবযুক্ত হয়। সুতরাং অধিষ্ঠান এবং অধ্যস্তের সমসত্তা হয় না কিন্তু উহাদের বিষম সত্তাই স্বভাব হয়।

অধিষ্ঠানের অসমানসত্তাক প্রতিভাসই (মিথ্যাপদার্থই) অধিষ্ঠান হইতে ভিন্নরূপে বা অভিন্নরূপে বা ভিন্নাভিন্ন-রূপে নির্ব্বচনীয় হয় না। এইরূপ মিথ্যাপদার্থ সৎ বা অসৎ বা সদ্‌সৎরূপ হয় না। উহা সদ্‌বিলক্ষণ, অসদ্‌-বিলক্ষণ, সদসদ্‌উভয়বিলক্ষণ হইয়া থাকে।

পূর্ব্বপক্ষী—একের সদসদাত্মকত্ব যেমন বিরুদ্ধ তদ্রূপ তদ্‌বিলক্ষণত্বও বিরুদ্ধ।

সিদ্ধান্তী—সৎবিলক্ষণত্ব এবং অসৎবিলক্ষণত্ব এই যে দুইধর্ম্ম ইহারা বিরুদ্ধ হইলেও ইহাদের মিথ্যাতাদাত্ম্য উপপন্ন হইয়া থাকে। তাৎপর্য্য এই যে, সৎবিলক্ষণত্ব এবং অসৎবিলক্ষণত্ব এই যে দুই পদার্থ ইহাদের মিথ্যা তাদাত্ম্য মান্য হওয়ায় একের সদসদ্‌বিলক্ষণত্বরূপ অনির্ব্ব-চনীয়ত্ব হইতে পারিবে। সদসৎবাদীর মতে উক্ত উভয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পদার্থ বাস্তব হওয়ায় উহাদের তাদাত্ম্য সত্য হইবে অতএব বিরোধ হইবে।

পূ—(সদসৎবাদী)—আমিও সৎ ও অসতের মৃষাতাদাত্ম্য স্বীকার করিব।

সি—মৃষা শব্দের অর্থই "অনির্ব্বচনীয়"। অতএব সদসৎবিলক্ষণত্বরূপ অনির্ব্বচনীয়ত্ব সিদ্ধ হয়। তাৎপর্য্য এই যে, যদি তুমি মৃষা মানিবে তবে মৃষাতাদাত্ম্যই সৎ বা অসৎ না হওয়ায় সদসৎবিলক্ষণরূপ অনির্ব্বচনীয়ত্ব সিদ্ধ হইয়া যাইবে।

সদসৎবিলক্ষণত্ব কেবল সৎ বা কেবল অসৎ বা সদ্‌-সৎরূপে অনির্ব্বচনীয় হইয়া থাকে। এই যে উভয় বৈলক্ষণ্য, তাহা তাত্ত্বিক নহে। তাত্ত্বিক হইলে বিরোধ হইবে। এই যে "বিলক্ষণ" বলা হইয়াছে ইহার তাৎপর্য্য ইহা নহে যে সেই পদার্থের "বৈলক্ষণ্য" পার-মার্থিক ধর্ম্ম হয় পরন্তু সেই ধর্ম্ম যুক্তিসিদ্ধ ইহা প্রকট করিবার জন্য এইরূপ বলা হইয়াছে। আরোপনীয় পদার্থ স্বরূপতঃই অতাত্ত্বিক হওয়াতে উহার কোন তাত্ত্বিক ধর্ম্ম (সদসৎবিলক্ষণত্বাদি) হইতে পারে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চম অধ্যায়

সিদ্ধান্তনিরূপণ।

(ক) কেবলাদ্বৈত সিদ্ধান্ত প্রতিপাদনের প্রকার—কেবলাদ্বৈত সিদ্ধান্ত প্রতিপাদ্য হইলে ইহা প্রদর্শিত হওয়া আবশ্যক যে দ্বৈতপ্রপঞ্চ একের অন্তর্গত, তদনন্তর দ্বৈত-মিথ্যাত্বসিদ্ধি করা প্রয়োজন। পূর্ব্ববিচারানুসারে জ্ঞান এবং জ্ঞেয়, দ্রষ্টা এবং দৃশ্য এইরূপ পদার্থ স্বীকৃত হইলেও দ্বৈতসিদ্ধি বা বহুত্বসিদ্ধি হয় না যেহেতু জ্ঞেয় পদার্থ জ্ঞানের অধীন। যাহা যাহার অধীন হয় সেই পদার্থ যাহার অধীন ঐ সত্তার ভেদক বা পরিচ্ছেদ হয় না। জ্ঞেয় পদার্থ, সত্তা এবং ভানের জন্য, জ্ঞানের অধীন হওয়ায় তথা ঐ জ্ঞান ক্রিয়ারূপ না হওয়ার দরুণ উহার নিরাশ্রয়ত্ব সিদ্ধ হওয়ায় তথা উহার সর্ব্বানুস্যূততা প্রতিপাদিত হওয়ায় জ্ঞানের অদ্বৈতত্ব সিদ্ধ হয় (১) এক্ষণে জ্ঞেয়ের মিথ্যাত্ব সিদ্ধ হইলেই কেবলাদ্বৈতসিদ্ধান্ত প্রতিষ্ঠিত হইবে।

---

(১) ন হি জ্ঞানং জ্ঞানান্তরমবিষয়ীকৃত্য ততঃ স্বস্য ভেদং বিষয়ী-কর্ত্তুং শক্নোতি, ন বা জ্ঞানং জ্ঞানান্তরং বিষয়ীকর্ত্তুং, বিষয়স্য জড়ত্বা-পত্তের্বিষয়বিষয়িণোর্বস্তুতঃ সম্বন্ধাসম্ভবাচ্চ। বিষয়িণি তস্য কল্পিতত্বে চ বিষয়স্যৈব জ্ঞানমিতি ন জ্ঞানভেদসিদ্ধিরতশ্চিদ্রূপস্য প্রতীচশ্চিদ্রূপ-ব্রহ্মতা নিত্যসিদ্ধেত্যাশয়ঃ। (সংক্ষেপশারীরক মধুসূদনটীকা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(খ) পদার্থ বিভাগ :—পদার্থ দ্বিবিধ—জ্ঞান এবং জ্ঞেয়। এরূপ বিভাগের সমীচীনতা প্রতিপন্ন হয়, যেহেতু ইহা হইতে ন্যূন বা অধিক ভাবা যায় না। ইহা হইতে ন্যূন হইলে জগতের অপ্রসিদ্ধি হইত। অধিকও নহে। অশেষ পদার্থ উহারই অন্তর্গত হয়, এতদতিরিক্ত হইতে পারে না, অন্যথা তুচ্ছতা হইবে। জ্ঞান স্বপ্রকাশ হওয়ায় কাহারও আশ্রিত নহে এতএব জ্ঞানই জ্ঞেয় সম্বন্ধে জ্ঞাতারূপে উপচরিত হয়। নিত্য উপলব্ধিমাত্রই উপলব্ধা অন্য উপলব্ধি, অন্য উপলব্ধা, এরূপ নহে।

(গ) বেদান্তশাস্ত্রের বিচার প্রণালী :—বেদান্তশাস্ত্রে জ্ঞানের দিক হইতে জ্ঞেয়ের বিচার করা হয়, যেহেতু জ্ঞানই জ্ঞেয়ের সিদ্ধপ্রদ, জ্ঞেয় পদার্থ স্বতঃসিদ্ধজ্ঞানের অধীন, উহার সহিত তাদাত্ম্যপ্রাপ্ত। জড়পদার্থকে জ্ঞানব্যতিরিক্ত-রূপে বিবেচন করিলে উহাকে স্বতন্ত্র বলিতে হয় অথবা জ্ঞান স্বস্বরূপ পরিত্যাগ পূর্ব্বক সর্ব্বথা জ্ঞেয়রূপে পরিণত হয় এইরূপ মানিতে হয়। পরন্তু এই উভয় পক্ষই অসঙ্গত। অতএব জ্ঞানেরদিক হইতে জ্ঞেয়ের বিচার করিতে হইবে।

(ঘ) জ্ঞেয় প্রপঞ্চ মিথ্যা যেহেতু উহা সদ্‌ভিন্ন চিদ্‌ভিন্ন—স্বতঃসিদ্ধ স্বপ্রকাশ জ্ঞানের দিক হইতে জ্ঞেয়ের বিচার করিলে জ্ঞেয়কে সৎ বলা যাইতে পারে না, যেহেতু সৎস্বরূপ স্বতঃসিদ্ধ স্বপ্রকাশ। এই সিদ্ধান্তানুসারে জ্ঞেয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রপঞ্চ সৎ হইতে পারে না। সর্ব্বত্র অনুগত সৎবুদ্ধি-গোচর সৎব্যক্তি এক হওয়ায় বিভক্ত জড়প্রপঞ্চের সদ্রূপত্ব অযুক্ত। অতএব (প্রকারান্তরের অভাব দরুণ) উহা অসৎ বা মিথ্যা হইবে। উহা অসৎ নহে। কূর্ম্মরোম বন্ধ্যা-পুত্র আকাশকুসুম ইত্যাদি অসৎবিষয়ক শব্দজ্ঞানানুপাতী বস্তুশূন্য বিকল্পাত্মকজ্ঞান বা জ্ঞানাভাস হইলেও উহা জ্ঞেয়-রূপে অপরোক্ষগোচর হয় না। বিষয় ব্যতিরেকেই শব্দাদি দ্বারা শক্যাদিভ্রম হওয়ার দরুণ ঐরূপ জ্ঞানবিশেষ উৎপন্ন হয়। কেবল শব্দপ্রয়োগ এবং বিকল্পজ্ঞান অলীক পদার্থের হইয়া থাকে, অলীক পদার্থ দ্বারা কোন ব্যবহার সম্ভব নহে। অলীক পদার্থে কারণতা কার্য্যতা নিত্যতা অনিত্য-ত্বাদি কোনও ব্যবহার হয় না। অতএব জ্ঞেয়প্রপঞ্চকে অসৎ বলা যাইতে পারে না। অসতের সহিত অসতের কিম্বা সতের সহিত অসতের ঐরূপ জ্ঞাতৃজ্ঞেয় সম্বন্ধ হয় না। সম্বন্ধ দ্ব্যাশ্রয় হওয়ায় এবং অসতের আশ্রয়ত্ব অযুক্ত হওয়ায় অসতের সম্বন্ধ সিদ্ধ হয় না। সম্বন্ধ দ্বিনিষ্ঠ হওয়ায় উক্ত সম্বন্ধিদ্বয় সৎ হইবে এরূপও বলা যাইতে পারে না যেহেতু সৎ একমাত্র। অবশেষে জ্ঞেয় প্রপঞ্চকে মিথ্যা বলিতে হইবে যেহেতু উহা সদ্‌ভিন্ন চিদ্‌ভিন্ন। প্রপঞ্চের অন্তর্গত প্রত্যেকবস্তু সদ্রূপ না হইলেও সর্ব্বপ্রপঞ্চানুগত এক ব্যাপক সদ্রূপতার দ্বারাই সর্ব্বত্র সৎপ্রতীতি এবং সদ্রূপে ব্যবহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপপন্ন হইতে পারে। সুতরাং প্রপঞ্চের সদ্রূপতাতে বাধক থাকায় প্রপঞ্চকে সদ্রূপ সত্য বলা যায় না।

(ঙ) জগৎ মিথ্যা যেহেতু উহা সত্তা এবং ভানের জন্য সাপেক্ষ। সৎ স্বপ্রকাশস্বরূপ হওয়ায় সাপেক্ষ নহে। জ্ঞেয়প্রপঞ্চ কিন্তু সাপেক্ষ। জ্ঞেয়পদার্থ যদি সৎ (সত্য) হইবে তবে উহা সাপেক্ষ হইত না। অথচ সাপেক্ষ না হইলে উহার জ্ঞেয়ত্বই অপ্রসিদ্ধ হইত। অতএব সাপেক্ষ (সত্তা ও ভানের জন্য সাপেক্ষ) হওয়ায় জ্ঞেয়প্রপঞ্চ সত্য নহে। সৎ নিরপেক্ষস্বরূপ হওয়ায় সাপেক্ষপ্রপঞ্চ মিথ্যা হইবে।

(চ) জড়প্রপঞ্চ মিথ্যা যেহেতু উহা চেতনের সহিত অযথার্থ তাদাত্ম্যসম্বন্ধে সম্বদ্ধ।

সৎ বিশেষ্যরূপে প্রতিভাত হইয়া থাকে, উহাতে ঘটাদির তাদাত্ম্য হয়। সচ্চিৎতাদাত্ম্যাভাবে দৃশ্যত্ব অনুপপন্ন। বিচারদৃষ্টিতে এই তাদাত্ম্যকে যথার্থ বলা যাইতে পারে না। সৎ স্বপ্রকাশ জ্ঞানস্বরূপ হওয়ায় উহার সহিত জড়পদার্থের বাস্তব তাদাত্ম্য সম্ভব নহে। যেস্থলে বাস্তব তাদাত্ম্য হয় তথায় আধার পরিণাম প্রাপ্ত হয়। "উপয়ন্ অপয়ন্ ধর্ম্মো বিকরোতি হি ধর্ম্মিণং" প্রকৃতস্থলে সাক্ষিরূপ সচ্চিৎস্বরূপ অপরিণামী হওয়ায় উহার সহিত জ্ঞেয়প্রপঞ্চের বাস্তবতাদাত্ম্য সম্ভব নহে। অবশেষে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বপ্রকাশ অপরিণামি চেতনের সহিত জড়প্রপঞ্চের আধ্যাসিক (অযথার্থ) তাদাত্ম্য মানিতে হইবে। এইরূপ তাদাত্ম্য ভ্রান্তিস্থলে প্রসিদ্ধ। অনির্ব্বচনীয় ভ্রান্তিদৃশ্য এবং উহার অধিষ্ঠানের আধ্যাসিক তাদাত্ম্য হইয়া থাকে। আধ্যাসিক তাদাত্ম্যস্থলে অধিষ্ঠান এবং অধ্যস্ত এই সম্বন্ধিদ্বয় স্বরূপতঃ মিথ্যা কিম্বা উভয়ই সত্য হয় না পরন্তু এক (অধিষ্ঠান) সত্য হয়, অপর মিথ্যা হয়। প্রকৃতস্থলে জড় এবং চেতনের পৃথকসত্ত্ববিষয়ে প্রমাণ না থাকায় উহাদের এক কল্পিত হইবে। অন্যতর কল্পনা বিনা কল্পিততাদাত্ম্য বা অধ্যস্ত-অধিষ্ঠান ভাব সম্ভব নহে। চৈতন্য যদি কল্পিত হয় তবে জড় হওয়ার দরুণ জগতের অপ্রসিদ্ধি হইয়া পড়িবে। সর্ব্বাবধি স্বপ্রকাশস্বরূপ হওয়ায় সচ্চিৎ-স্বরূপ মিথ্যা নহে। ব্যাবৃত্ত সর্ব্ব বস্তুতে সত্তারূপে সদা অনুবর্ত্তমান হওয়ায় অধিষ্ঠানের পরমার্থসত্যতা প্রতিপন্ন হয়। অবশেষ জড়প্রপঞ্চকে মিথ্যা বলিতে হইবে।

(ছ) জগৎ মিথ্যা যেহেতু উহা অনির্ব্বচনীয়।

"ঘটঃসন্" এস্থলে সত্তা এবং ঘট ভাসিত হয়। সত্তা এবং ঘট একপদার্থ নহে। ঘটোৎপত্তির পূর্ব্বে সৎস্বরূপ থাকে। ঘটবিনাশে সত্তার বিনাশ হয় না। অতএব ঘটের ব্যভিচারী হওয়ায় সত্তা ঘটের ধর্ম্ম নহে। "পটঃসন্" ইত্যাদিস্থলে সৎ দ্বারা পট অনুবিদ্ধ প্রতীত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়। এরূপস্থলে ঘবিষয় টনহে। ইহা দ্বারা ঘটের সদ্‌বিলক্ষণত্ব অবগত হওয়া যায়। অনুভবসিদ্ধ হওয়াতে ঘট অসৎও নহে। অতএব ঘটের সদসদ্‌বিলক্ষণত্বরূপ অনির্ব্বচনীয়ত্ব প্রতিপন্ন হয়। ইহাই মিথ্যাত্ব। ঘটদৃষ্টান্ত অনুসারে অপরস্থলও বুঝিতে হইবে। ব্যাভিচারী পদার্থমাত্রেই অনির্ব্বচনীয় হইয়া থাকে। সৎ বা অসতের আগমাপায়ীত্ব অসম্ভব হওয়ায় উহাদের অনির্ব্বচনীয়ত্ব আবশ্যক।

(জ) অনির্ব্বচনীয়তা সম্বন্ধে প্রত্যক্ষ প্রমাণ প্রদর্শন।

অনির্ব্বচনীয়ত্ব বিষয়ে প্রমাণ নাই, এরূপ নহে। "এই রজত (শুক্তিরজত) সৎ" এইরূপ প্রত্যক্ষই অনির্ব্বচনীয়ত্বে প্রমাণ। এস্থলে রজতস্বরূপই সৎ নহে। সৎ শব্দ রজতের পর্য্যায়রূপে প্রসিদ্ধ নহে। প্রপঞ্চমাত্রে অনুগত সৎবুদ্ধির রজতবিষয়ত্ব উপপন্ন নহে। সত্তা ঐ রজতের ধর্ম্মও নহে। চৈতন্য অতিরিক্ত সত্তারূপ ধর্ম্ম আছে এ বিষয়ে কোন প্রমাণ নাই। সত্তাজাতি সর্ব্বত্র অসিদ্ধ বলা হইয়াছে। ঐ সৎবুদ্ধি ত্রৈকালিক অস্তিত্বকে বোধন করে এরূপও নহে; শুক্তিরজতাদির বাধ প্রত্যক্ষসিদ্ধ। অবশেষ বলিতে হইবে যে, অধিষ্ঠান সত্বের সহিত তাদাত্ম্যপ্রাপ্ত হইয়া "রজত সৎ" ইত্যাদি সর্ব্ব প্রত্যয় হইয়া থাকে। অতএব সদন্যপদার্থ প্রত্যক্ষসিদ্ধ। প্রত্যক্ষসিদ্ধ হওয়াতেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসৎ হইতেও অন্য। অতএব পদার্থের সদসদ্‌বিলক্ষণত্ব প্রত্যক্ষাদিপ্রমাণসিদ্ধ।

এস্থলে ইহা প্রণিধানযোগ্য যে (১) সত্ত্ব অবং অসত্ত্ব যদি পরস্পর বিরহস্বরূপ (সত্ত্বের অভাব অসত্ত্ব এবং অসত্ত্বের অভাব সত্ত্ব) কিম্বা (২) পরস্পরবিরহব্যাপকস্বরূপ (পরস্পর বিরহের ব্যাপকতা, সত্ত্বাভাবের ব্যাপক অসত্ত্ব এবং অসত্ত্বাভাবের ব্যাপক সত্ত্ব) হয় তাহা হইলে সৎ এবং অসৎ এই বিভাগদ্বয় সিদ্ধ হইবে, সদসদ্‌বিলক্ষণরূপ তৃতায় বিভাগ সিদ্ধ হইবে না যেহেতু "পরস্পরবিরোধে হিন প্রকারান্তরস্থিতিঃ"। পরন্তু অদ্বৈতসিদ্ধান্তানুসারে তৃতীয় বিভাগ সিদ্ধ হয়।

(১) এই মতে "ত্রিকালাবাধ্যত্বই সত্ত্ব"; ইহার অভাব অসত্ত্ব নহে যেহেতু শুক্তিরূপ্যাদিস্থলে সত্ত্বের অভাব থাকিলেও অসত্ত্বের অভাব হয় না। অসৎখ্যাতি খণ্ডিত হইয়াছে। এই মতে অসত্ত্ব অর্থ "কিঞ্চিদ্‌ধর্ম্মিনিষ্ঠ সত্ত্বপ্রকারক প্রতীতি-বিষয়ত্বাভাব"। যাহা কোন স্থলেই সদ্রূপে প্রতীয়মান (সদ্রূপ অধিষ্ঠানে তাদাত্ম্যসম্বন্ধে আরোপিত) হয় না তাহাই অসৎ যথা শশবিষাণ আদি। ব্যাবহারিক প্রপঞ্চ এবং প্রাতিভাসিক পদার্থ সৎ নহে যেহেতু একমাত্র অধিষ্ঠানচৈতন্যই সৎ, আর সদ্রূপে প্রতীত হইবার অযোগ্যও নহে সুতরাং অসৎও নহে। অতএব সদসদ্‌বিলক্ষণরূপ তৃতীয়বিভাগ সিদ্ধ হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২) সত্ত্বাভাবের ব্যাপক অসত্ত্ব নহে। যে যে স্থলে সত্ত্বাভাব সেই স্থলে অসত্ত্ব এরূপ নিয়ম সিদ্ধ হয় না। শুক্তিরজতে সত্ত্বের অভাব থাকিলেও অসত্ত্ব নাই যেহেতু উহা সদ্রূপে প্রতীতই হইয়া থাকে। অসত্ত্বের অভাব-বিশিষ্ট শুক্তিরজতে সিদ্ধান্তিসম্মত সত্ত্বধর্ম না থাকায় অসত্ত্বা-ভাবের ব্যাপক সত্ত্ব নহে। সত্ত্ব এবং অসত্ত্ব পরস্পরের অত্যন্তাভাবের ব্যাপক না হওয়ায় সৎ এবং অসৎ এই ভাগদ্বয়ব্যতিরিক্ত সদসদ্‌বিলক্ষণরূপ তৃতীয় বিভাগ সম্ভব হয়। অলীক পদার্থ ব্যতিরিক্ত অপর অশেষ জ্ঞেয়প্রপঞ্চ এইরূপ সদসদ্‌বিলক্ষণ অনির্ব্বচনীয়।

(ঝ) <u>জড় এবং চেতনের পরস্পরাধ্যাসনিরূপন</u>।

ঘট সন্ পট সন্ ইত্যাদি প্রতীতি দ্বারা ঘটাদির সত্যত্ব বলিতে পারা যায় না, কেন না "সৎ" পদের অর্থ স্বপ্রকাশ। ঐ প্রতীতি দ্বারা স্বপ্রকাশে ঘটাদি আরোপিত বা কল্পিত (আধ্যাসিকতাদাত্ম্যপ্রাপ্ত) ইহা অবগত হওয়া যায়। অন্য-স্বরূপের অন্যত্র ভানের হেতু অন্যের সহিত তাদাত্ম্যাধ্যাস হইয়া থাকে। ঐ অধ্যাসের অধিষ্ঠান সচ্চিৎস্বরূপ হইয়া থাকে। যাহা দ্বারা অনুবিদ্ধ হইয়া আরোপিত পদার্থ প্রতিভাত হয় উহা অধিষ্ঠান হয় এবং উহাই আরোপিতের অবধি হয়। ঘটসন্ এস্থলে সত্তা এবং ভেদ ভাসিত হয়। অস্তিত্ব এবং ভেদ এক পদার্থ নহে। অতএব উভয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যবহারের একজাতীয় প্রত্যক্ষবিষয়তা দ্বারা একের অধিষ্ঠানত্ব এবং অপরের আরোপত্ব অবগত হওয়া যায়। সংঅবচ্ছেদে ঘটাদির এবং ঘটত্বাদির তাদাত্ম্য তথা ঘটত্বাদির সংসর্গ আর ঘটাদিঅবচ্ছেদে সতের তাদাত্ম্য, সত্তাদিধর্ম্মের সংসর্গ প্রতিভাত হয়। অতএব ইহাদের পরস্পর অধ্যাস বিদ্যমান আছে ইহা জানা যায়। যেমন আরোপ্যের অধিষ্ঠানসামান্যের সহিত তাদাত্ম্যানুভব হয় তদ্রূপ উহারও আরোপ্যের সহ তাদাত্ম্যানুভব আছে। ইহাই ইতরেতরাধ্যাসে প্রমাণ। একতরের অধ্যাস অঙ্গীকার করিলে অপরের স্ফুরণ হইত না অতএব পরস্পরাধ্যাস স্বীকার্য্য। অথচ সংস্বরূপ পূর্ব্বসিদ্ধ হওয়ায় ইতরেতাশ্রয়দোষ হয় না। সুতরাং সিদ্ধ হইল যে, সংচিৎস্বরূপেতে নামরূপের সম্বন্ধ এবং প্রপঞ্চে সদাদিভাব পরস্পর অধ্যাসজনিত হইয়া থাকে। ইতরেতরাধ্যাসরূপ সিদ্ধান্তের তাৎপর্য্য এই যে, অধিষ্ঠানের তাদাত্ম্য সম্বন্ধে আরোপ হইয়া থাকে; উভয়ই পরস্পর অধীন, এরূপ অর্থ বুঝিতে হইবে না। এরূপ হইলে উভয়েরও পরস্পরাধীন সিদ্ধি হওয়ায় উভয়াসিদ্ধি প্রসঙ্গ হইবে। অধিষ্ঠানে অধ্যস্তভেদবত্তা থাকিলেও অধ্যস্তে অধিষ্ঠানভেদের অভাব হয় অতএব অন্যতর-নিরূপিত তাদাত্ম্যগ্রহণপূর্ব্বকও সামানাধিকরণ্য প্রতীতি উপপন্ন হয়। যদ্যপি চেতন এবং জড়ের পরস্পরে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরস্পর তাদাত্ম্যাধ্যাস সমান বটে তথাপি চেতনের সংসৃষ্ট-রূপেই অধ্যাস (আত্মতাদাত্ম্যসম্বন্ধমাত্র অধ্যাস) হইয়া থাকে, স্বরূপতঃ নহে, অন্যথা নিরধিষ্ঠান ভ্রমাপত্তি হইত। অতএব চেতনের সত্যত্ব হইয়া থাকে। জড় পদার্থের স্বরূপতঃ অধ্যাস হয় অতএব উহার অনৃতত্ব হইয়া থাকে। সুতরাং জড়পদার্থ স্বরূপতঃ কল্পিত, চেতন সংসৃষ্টরূপে কল্পিত, শুদ্ধরূপে নহে। (২)

(ঞ) জগৎমিথ্যা যেহেতু উহা চেতনরূপ অধিষ্ঠানে ন্যূনসত্তাক প্রতিভাস।

পূর্ব্বোক্ত লক্ষণানুসারেও জড়প্রপঞ্চকে মিথ্যা বলিতে হইবে। ভ্রান্তিদৃশ্যকে কিহেতু মিথ্যা বলা হয় তাহা নিরূপন করা হইতেছে। উহাদের স্বতন্ত্র সত্তা নাই, উহারা যে অধিষ্ঠানে প্রতীত হয় ঐ অধিষ্ঠানের সত্তাতে সত্তাবান হইয়া প্রতিভাত হয়। প্রতিভাত হইতে হইলে উহারও একপ্রকার অস্তিত্ব থাকা আবশ্যক। অতএব যাহার স্বতন্ত্র সত্তা নাই কিন্তু অধিষ্ঠান সত্তাতে সত্তাবান

(২) (ক) আত্মানাত্মনোশ্চিদচিত্ত্বেন বাস্তবাভেদাসিদ্ধৌ সামানাধিকরণ্যাং তদভেদধীরধ্যাসসম্ভাবনাং গময়তি। (চিৎসুখাচার্য্যকৃত ব্রহ্মসূত্র ভাষ্যভাবপ্রকাশিকা—অমুদ্রিত)

(খ) মিথ্যাত্বং অধ্যাসবিষয়ত্বং অধ্যাসশ্চ তচ্ছূন্যে তদবভাসঃ তদসম্বন্ধিনি তদ্‌প্রতীতিঃ। (প্রপঞ্চমিথ্যাত্বভূষণং—অমুদ্রিত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়া ন্যূনসত্তাবানরূপে প্রতিভাত হয় উহাই মিথ্যা হইয়া থাকে। এই ব্যাবহারিক বিশ্বপ্রপঞ্চ স্বপ্রকাশস্বরূপ নহে অথচ অসৎও নহে। একমাত্র স্বপ্রকাশ সৎস্বরূপের সত্তাতে ইহার সত্তা হয় অথচ অসৎ না হওয়ায় ইহার সত্তা ঐ অধিষ্ঠান সত্তা হইতে বিষম (ন্যূন) হয়, যেহেতু কেবল নিরংশ পরিপূর্ণ নির্ব্বিকার সত্তাতে প্রপঞ্চভাব সম্ভব নহে। অতএব স্বতন্ত্রসত্তারহিত ব্যাবহারিক প্রপঞ্চ, সচ্চিৎস্বরূপ অধিষ্ঠান সত্তাতে সত্তাবান অথচ ঐ অধিষ্ঠানে ন্যূন সত্তাবানরূপে প্রতিভাত। ইহাই মিথ্যাত্বের লক্ষণ। ভ্রান্তি-দৃশ্য মিথ্যা, যেহেতু উহা ব্যাবহারিক অধিষ্ঠান সত্তার সত্তাতে সত্তাবান হইয়া ন্যূনসত্তাক (প্রাতীতিক বা প্রাতি-ভাসিক) হইয়া থাকে। ভ্রান্তিস্থলে যেমন ভ্রান্তিদৃশ্যতদ্-ব্যতিরিক্ত ইদং রূপ দ্বারা অনুগত হইয়া প্রতিভাত হয় তদ্রূপ ব্যাবহারিক প্রপঞ্চও স্বব্যতিরিক্ত সচ্চিৎস্বরূপ দ্বারা অনুগত হইয়া প্রতিভাত হয়, উহাও (ব্যাবহারিক প্রপঞ্চও) পারমার্থিক চেতনের সত্তাতে সত্তাবান উহারই ভানে ভাসিত অথচ ন্যূনসত্তাক (ব্যাবহারিক)। (৩) অতএব

(৩) যদ্যপি বেদান্তমতে চেতনস্বরূপই সকলেরসত্ত্ব অতএব সত্ত্বস্বরূপে ভেদ নাই তথাপি তৎতৎ অবচ্ছিন্নচৈতন্য তৎতৎসত্ত্ব হওয়ায় অবচ্ছেদস্বরূপের বৈষম্যদরুণ তৎতৎসত্ত্বও বিলক্ষণ, সুতরাং সত্ত্ববৈচিত্র্য অনুপপন্ন নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বপ্রকাশ সচ্চিৎস্বরূপ পারমার্থিক অধিষ্ঠানে ব্যাবহারিক-সত্তাবান জড়প্রপঞ্চের প্রতিভাস মিথ্যা। ঘটাদিবস্তু ব্যাবহারিকরূপে থাকিলেও পারমার্থিকরূপে নাই সুতরাং মিথ্যা। যে সম্বন্ধে যদবচ্ছেদে যে স্থানে যাহা যেরূপে থাকে, সেই সম্বন্ধে সেই অবচ্ছেদে সেই স্থানে পারমার্থিকরূপে তাহার না থাকাই মিথ্যাত্ব।

(ট) অনির্ব্বচনীয়তা প্রতিপাদন।

এইরূপ প্রতিভাসই অনির্ব্বচনীয় হইয়া থাকে যাহা অধিষ্ঠান হইতে ভিন্ন বা অভিন্ন বা ভিন্নাভিন্নরূপে নির্ব্বচনার্হ হয় না। উহা সৎ বা অসৎ বা সদসদ্রূপে নির্ব্বচনীয় হয় না। জড়প্রপঞ্চ সৎ বা অসদ্রূপে নির্ব্বচনার্হ নহে, ইহা পূর্ব্বেই প্রদর্শিত হইয়াছে। উভয়রূপেও উহা নির্ব্বচনীয় নহে। একেতে সত্ত্বাসত্ত্বরূপ বিরুদ্ধধর্ম অসম্ভব। সত্ত্বাসত্ত্বউভয়রূপ হইতে হইলে উহাকে বস্তুর স্বরূপ বা বস্তুর ধর্ম বলিতে হইবে। পরন্তু উভয় পক্ষই সঙ্গত নহে। সত্ত্বাসত্ত্ব যদি বস্তুধর্ম হয় তবে অসত্ত্বদশাতেও

প্রাতীতিক ব্যাবহারিক পারমার্থিক সত্তানাং পূর্ব্বাপূর্ব্বাপেক্ষয়া উত্তরোত্তরস্যাধিক্যং পল্লবাবিদ্যাবচ্ছিন্নং চৈতন্যং আদ্যা মূলাবিদ্যাবচ্ছিন্নং দ্বিতীয়া শুদ্ধং তৎ তৃতীয়া অথবা অজ্ঞানবিষয়তাবচ্ছেদকত্বং দ্বিতীয়া শুদ্ধচিদন্যত্বে সতিতদভাব আদ্যা।

(অদ্বৈতচন্দ্রিকা—অদ্বৈতসিদ্ধিব্যাখ্যা—অমুদ্রিত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্ত্বের অনুবৃত্তি প্রসঙ্গ হইত, যেহেতু অসত্ত্বের ন্যায় সত্ত্বেরও বস্তুধর্ম্মত্ব মানা হইতেছে। আশ্রয় ব্যতিরেকে ধর্ম্ম অবস্থিত হয় না অতএব অসত্ত্বকালেও পদার্থের সদ্ভাব হইয়া আরও ধর্ম্ম হইলে উহা অসত্ত্ব হইতে পারে না। আর সত্ত্ব এবং অসত্ত্ব যদি বস্তুর স্বরূপ হয় তবে সর্ব্বদা এক বস্তুতে উক্তদ্বয়ের (সত্ত্বাসত্ত্বের) প্রসঙ্গ হইত। পরন্তু ইহা অনুভববিরুদ্ধ। কেহই সৎ এবং অসৎ এইদ্বয়কে একত্র অনুভব করে না। কাল এবং দেশভেদে ঐরূপ অনুভব হইলেও বস্তুর দ্বৈরূপ্য হয় না। দেশান্তরে এবং কালান্তরে অসৎ হইলে স্বদেশে এবং স্বকালে অসৎ হইয়া থাকে এরূপ নহে। ইহা প্রত্যক্ষবিরুদ্ধ। আরও সত্ত্বাসত্ত্ব যদি বস্তুস্বরূপ হয় তবে সর্ব্বদা সত্ত্বাসত্ত্ব প্রসঙ্গের ন্যায় ভগ্নঘট দ্বারাও মধুধারণাদি প্রসঙ্গ হইবে। অতএব এক ধর্ম্মিতে যুগপৎ সত্ত্বাসত্ত্বাদি বিরুদ্ধধর্ম্মের সমাবেশ সম্ভব নহে। সুতরাং অখিল জড়প্রপঞ্চে সত্ত্বাসত্ত্ব উভয়রূপ অনুমিত হইতে পারে না। অতএব জড়প্রপঞ্চকে সদ্ বা অসদ্ বা সদসদ্রূপে নির্দ্ধারণ করিতে পারা যায় না। স্বরূপতঃ দুর্নিরূপের কোনওরূপ বাস্তব সম্ভব নহে। সত্ত্ব বা অসত্ত্ব বা সত্ত্বাসত্ত্বরূপে বিচারাসহত্বই মিথ্যাত্ব। যুক্তিবিরুদ্ধত্ব জ্ঞাপন দ্বারা কোনরূপে নির্ব্বচনাভাব হওয়ায় সদ্বিলক্ষণত্ব (মিথ্যাত্ব) জ্ঞাপিত হয়। (৪)

---

(৪) (ক) দুর্নিরূপত্বাৎ পরমার্থসত্যত্বপ্রয়োজক চিৎস্বভাবত্ববিরহাচ্চ মায়াময়ত্বং। (বিদ্যাশ্রী—ব্রহ্মসূত্রশাঙ্করভাষ্যব্যাখ্যা—অমুদ্রিত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(ঠ) ব্যবহার কালীন সত্যত্ব মিথ্যাত্ব বিভাগ।

উল্লিখিত বিচার দ্বারা ভ্রান্তির ন্যায় জাগ্রৎব্যাবহারিক প্রপঞ্চেরও মিথ্যাত্ব প্রতিপাদিত হইল। মিথ্যাত্ব অবিশেষ হইলেও অবান্তর বৈলক্ষণ্যবশে অর্থক্রিয়াসামর্থ্যরূপ বিশেষ উপপন্ন হয়। মিথ্যা ভ্রান্তিদৃশ্য হইতে ব্যাবহারিক পদার্থের বৈষম্য স্বীকৃত হইলে সত্যত্বাপাত হইবে, এরূপ বলা উচিত নহে। পরমতে (সর্ব্বসত্যত্ববাদীর মতে) সর্ব্বপদার্থের সত্ত্ব হইলেও যেমন সুখাদির অজ্ঞাতসত্ত্বরাহিত্য (ঘটাদি-পদার্থের ন্যায় স্বকীয় সুখদুঃখ আদি পদার্থ অজ্ঞাতাবস্থায় বর্ত্তমান থাকে না) এবং অনন্যবেদ্যত্ব ইত্যাদি বৈষম্য হয় তদ্বৎ মিথ্যাত্ব হইলেও অবান্তর ভেদ উপপন্ন হয়। সর্ব্ব-সত্যত্ব মতে যেমন স্বরূপ বিশেষ দরুণই ঘটাদির চির-

---

(থ) তস্মাৎ বিশ্বস্য মিথ্যাত্বং অনাত্মত্বাদিহেতুভিঃ ভেদসম্বন্ধ-সম্বন্ধা ভেদবচ্চ প্রসিধ্যতি। (বিদ্যাসাগরকৃত ন্যায়চন্দ্রিকা অমুদ্রিত)

(a) The empirical *inscrutableness* of all natural things is a proof *a posteriori* of the ideality and merely phenomenal actuality of their empirical existence. (Schopenhauer's "The World as Will and Idea Vol. II.)

(b) If we are to speak of phenomenal truth it is essential to remember that what is phenomenally true is not really true, but really false.

(Mc. Taggart's "The Nature of Existence" Vol. II.)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্থায়িত্ব এবং সুখদুঃখাদির নিয়ম পূর্ব্বক আশুতর বিনাশিত্ব হয় তদ্রূপ মিথ্যাত্ববাদির মতেও স্বরূপবিশেষ দরুণই কাহারও চিরস্থায়িত্ব এবং ভ্রান্তিদৃশ্যের স্বপ্রতিভাসকালেই বিদ্যমানত্ব হয়। মিথ্যাত্ব অবিশেষ হইলেও ব্যাবহারিকত্ব এবং প্রাতীতিকত্বরূপে অবান্তর বিশেষ থাকায় প্রপঞ্চের সর্ব্বসম্মত সত্যমিথ্যাত্ববিভাগ সম্ভব হয়। প্রাতিভাসিক অপেক্ষা ব্যাবহারিক পদার্থের বিলক্ষণসত্তা গৃহীত হওয়ায় উহাকে আপেক্ষিকবোধে সত্য বলা হয়। প্রাতিভাসিক পদার্থের অস্তিত্ব থাকাতেই ব্যবহারকালে ভ্রম-প্রমা বিভাগের উচ্ছেদ হয় না।

(ড) মিথ্যাত্ব অবগত হইবার উপায়—

অনুমানদ্বারা ব্যাবহারিক প্রপঞ্চের মিথ্যাত্ব সিদ্ধ করিতে হইলে প্রকৃত অনুমানের পূর্ব্বে দৃষ্টান্তসিদ্ধির জন্য কোথাও (যথা প্রাতিভাসিকরজ্জু সর্পাদিস্থলে) মিথ্যাত্ব সাধন করিতে হইবে। সর্ব্বদৃশ্যের মিথ্যাত্ব নিশ্চয়ের পূর্ব্বেই প্রাতিভাসিক পদার্থের মিথ্যাত্ব নিশ্চিত হওয়ায় তদ্‌দৃষ্টান্তানুসারে ব্যাবহারিক প্রপঞ্চের মিথ্যাত্ব অবগত হওয়া যায়। যদি প্রাতীতিক (মিথ্যা) পদার্থের জ্ঞান না হইত তাহা হইলে ব্যাবহারিক (প্রসিদ্ধসত্য) প্রপঞ্চের মিথ্যাত্ব বোধগম্য হইত না। (৫)

(৫) (ক) স্বপ্নাদৌ যদ্‌যদ্‌দৃশ্যং তত্তৎ মিথ্যা ইতি ব্যাপ্তিং নিশ্চিত্য বিশ্বগতদৃশ্যত্বেন ব্যাপ্তিং স্মরতি যদ্‌দৃশ্যং তত্তৎ মিথ্যেতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(চ) অদ্বৈতসিদ্ধি।

এইরূপে সৎবস্তুঅধিষ্ঠিত দ্বৈতমিথ্যাত্বসিদ্ধিপুর্ব্বক অদ্বৈত-সিদ্ধি প্রদর্শিত হইল। সিদ্ধান্ত হইল, দ্বৈতঅবাস্তব, অদ্বৈত বাস্তব, উভয় অবাস্তব (শূন্যবাদ) বা উভয় বাস্তব (দ্বৈতাদ্বৈতবাদ) নহে। কল্পিত (ন্যূনসত্তাক) দ্বৈতসাধকের বাস্তবাদ্বৈতত্ব অবিরুদ্ধ। (৬)

(ণ) পূর্ব্বপক্ষিসম্মত অদ্বৈত প্রতিপাদনের রীতি।

পুর্ব্বপক্ষী—অদ্বৈতসিদ্ধিউদ্দেশ্যে জড়প্রপঞ্চের অনির্ব্বচনীয়ত্ব (মিথ্যাত্ব) সিদ্ধিকরার আবশ্যকতা নাই। অদ্বৈতসিদ্ধান্ত নিরূপন করিতে হইলে এইরূপ বিচার প্রকটিত হওয়া

তদৈব মিথ্যাত্বব্যাপ্য দৃশ্যত্ববদ্বিশ্বমিতি জ্ঞানং লিঙ্গপরামর্শরূপমুৎপদ্যতে ততো বিশ্বং মিথ্যেতি জ্ঞানমনুমিতিরূপমুৎপদ্যতে। (বেদান্তানুমিতি —অমুদ্রিত)

(খ) তুলাজ্ঞানকল্পিতভিন্নত্বে সতি সত্বেন প্রতীত্যর্হং চিদ্ভিন্নং মিথ্যা দৃশ্যত্বাৎ জড়ত্বাৎ পরিচ্ছিন্নত্বাৎ শুক্তিরূপ্যবৎ। (বেদান্তার্থ-নিরূপণ—অমুদ্রিত)

(গ) মিথ্যাত্বমপি মিথ্যৈব দৃশ্যত্বাবিশেষাৎ। (বেদান্তসর্ব্বস্বসংগ্রহ —অমুদ্রিত)

(৬) তাত্ত্বিকদ্বৈতবিধুরং সদ্বস্তু অদ্বৈতং। (বেদান্তকৌমুদী —অমুদ্রিত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উচিত যে, (১) ব্রহ্মের সত্তা এবং জগতের সত্তা একই। জগৎ মিথ্যা নহে।

(২) যিনি নির্গুণ তিনিই সগুণ। এ বিষয়ে নিস্তরঙ্গ এবং সতরঙ্গ সমুদ্র দৃষ্টান্ত।

(৩) অচিন্ত্য শক্তিযুক্ত চেতন জগৎরূপে পরিণাম প্রাপ্ত হয়।

(ত) পূর্ব্বপক্ষখণ্ডন জগৎ সত্য নহে।

সিদ্ধান্তি—উক্ত পক্ষ বিচারসহ নহে ইহা ক্রমশঃ বলা হইতেছে :—

(১) স্বপ্রকাশ অদ্বৈতচৈতন্যরূপত্বই ব্রহ্মনিষ্ঠ সত্তা। উহাই যদি জড়রূপ জগন্নিষ্ঠ সত্ত্ব হয় তাহা হইলে শুক্তিতে আরোপিত রজতস্থলে রজতত্বের বিরোধিনী শুক্তির সত্তাতে যেমন রজতের মিথ্যাত্ব উপপন্ন হয় তদ্রূপ জড়বিরোধী স্বপ্রকাশ সত্তাতে জগন্নিষ্ঠ স্বরূপতঃ মিথ্যাত্ব উপপন্ন হইবে। তাৎপর্য্য এইযে, বস্তুগত্যা স্বপ্রকাশ অদ্বিতীয় অবাধ্যত্ব উপলক্ষিত (অবাধ্যত্বরূপ ধর্ম্ম যাহাতে প্রবিষ্ট নহে এইরূপ) যে শুদ্ধচিদ্রূপ সেই শুদ্ধচিদ্রূপই সদ্রূপ ব্রহ্ম নিষ্ঠ ধর্ম্মরূপে কল্পিত হইয়া সত্ত্বরূপে কথিত হয় অর্থাৎ ব্রহ্মের সত্তা এইরূপে অভিহিত হয়। ঐ চিদ্রূপই যদি জগতের সত্ত্ব হয় তাহা হইলে ঐ চিদ্রূপ, জড় হইতে অত্যন্ত ভিন্ন হওয়ায় উহাতে জড়ধর্ম্মতা হইতে পারে না, যেহেতু অত্যন্তভিন্ন পদার্থের ধর্ম্মধর্ম্মিভাব হয় না। অতএব জড়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতে অত্যন্ত ভিন্ন হওয়ার দরুণ, জড়ত্বের বিরোধী হইলেও ঐ সত্ত্ব, (কল্পিতভেদমূলক ব্রহ্মনিষ্ঠ সত্ত্ব) জড়ের সহিত কল্পিততাদাত্ম্যদরুণ জড়ের ধর্ম্ম হইয়া থাকে এইরূপ স্বীকার করিতে হইবে। যেমন শুক্তির কল্পিততাদাত্ম্যযুক্ত রজতে শুক্তিনিষ্ঠ ধর্ম্মের প্রতীতি হইয়া থাকে। সুতরাং ইহাই প্রতিপন্ন হইবে যে, ব্রহ্ম হইতে অত্যন্ত অভিন্ন হইলেও ঐ স্বরূপ (সত্ত্বস্বরূপ) যেমন কল্পিত ব্রহ্মাভেদে ব্রহ্মের ধর্ম্ম হয় তদ্রূপ জড় হইতে অত্যন্ত ভিন্ন হইলেও ঐ স্বরূপ, জড়ের সহিত কল্পিত তাদাত্ম্যপ্রাপ্ত হওয়ায় জড়ের ধর্ম্ম হইয়া থাকে। তাৎপর্য্য এই যে, ধর্ম্মধর্ম্মি-ভাব অত্যন্তভেদস্থলে বা অত্যন্ত অভেদস্থলে হয় না কিন্তু ধর্ম্মধর্ম্মিভাবে ভেদাভেদ উভয় আবশ্যক হয়। ব্রহ্মেতে সত্ত্বার অত্যন্তঅভেদ হওয়ায় উহাতে কল্পিত ভেদমূলক ধর্ম্মধর্ম্মিভাব হইয়া থাকে। উক্ত চিদ্রূপরূপ সত্ত্ব জড় হইতে অত্যন্তভিন্ন হইলেও কল্পিততাদাত্ম্যে জড়ধর্ম্ম হইয়া থাকে। অর্থাৎ ব্রহ্মেতে অত্যন্তাভেদ থাকা সত্ত্বেও কল্পিতভেদে ব্রহ্মের ধর্ম্ম সত্ত্ব হইয়া থাকে আর জড়প্রপঞ্চ হইতে অত্যন্ত-ভিন্ন হইলেও কল্পিতজড়তাদাত্ম্যে (জড়াভেদে) উক্ত সত্ত্ব জড়ের ধর্ম্ম হয়। উক্ত সত্ত্ব কাহারও (জড়ের বা ব্রহ্মের) বাস্তবিক ধর্ম্ম নহে। পরন্তু যে পদার্থ ব্রহ্মে আরোপিত হইবে উহাতেই ব্রহ্মের ধর্ম্মরূপ যে উক্ত চিদ্রূপরূপ সত্ত্ব

৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উহার সংসর্গের আরোপ হইবে, যেমন শুক্তিতে আরোপিত যে রজত উহাতে শুক্তিনিষ্ঠ সত্ত্ব এবং ইদংতারূপ ধর্ম্মের আরোপ হইয়া থাকে। ফলতঃ রজতত্ববিরোধী যে শুক্তিগত সত্ত্বাদিধর্ম্ম সেই ধর্ম্মাদির সংসর্গারোপের অন্যথানুপপত্তিদরুণ যেমন শুক্তিতে রজত আরোপিত ইহা সিদ্ধ হয় তদ্রূপ জড়পদার্থে জড়ত্ববিরোধী ব্রহ্মসত্তার আরোপের অন্যথা উপপত্তি না হওয়ায় জড়পদার্থ ব্রহ্মে আরোপিত ইহা সিদ্ধ হয়। অতএব জগন্নিষ্ঠ মিথ্যাত্বই প্রতিপন্ন হয়। তাৎপর্য্য এই যে, কোনও পদার্থের সত্তা স্বীকার করিতে হইলে সেই পদার্থ ব্রহ্মে আরোপিত এরূপ মানিতে হইবে। সত্তা ব্রহ্মধর্ম্মস্বরূপ হওয়ায় উক্ত পদার্থের ব্রহ্মেতে আরোপ হইলেই ব্রহ্মনিষ্ঠসত্তাতে সেই পদার্থ সত্তাবান হইবে। অতএব সত্তাপ্রতীতি অনুসারে সর্ব্বপদার্থ ব্রহ্মেতে আরোপিত ইহা অবগত হওয়া যায়। সুতরাং সর্ব্ব পদার্থের মিথ্যাত্ব সিদ্ধ হয়। অতএব জড় এবং চেতনের সত্তা এক হইলেও জগৎ সত্য নহে কিন্তু মিথ্যা। ঘটঃসন্ ইত্যাদি প্রত্যক্ষ অধিষ্ঠানসত্তা বিষয়ক হওয়ায় দৃশ্য সত্যত্বে প্রমাণ নাই।

(থ) যিনি নির্গুণ তিনিই সগুণ এই মতের অসমীচীনতা প্রদর্শন :—

একই নিরংশের কর্ত্তৃত্ব এবং কর্ম্মত্ব, গুণত্ব এবং প্রধানত্ব, সিদ্ধত্ব এবং সাধ্যত্ব, সাপেক্ষত্ব এবং নিরপেক্ষত্ব, বিষমত্ব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং সমত্ব—এই সকল দ্বন্দ্বরূপে অবস্থান যুক্তিযুক্ত নহে। সমুদ্রের দৃষ্টান্ত সঙ্গত নহে। সমুদ্র সাবয়ব পদার্থ। ব্রহ্ম নিরবয়ব। ব্রহ্মেতে একত্ব অনেকত্ব অংশাংশীভাব প্রভৃতি সমস্তই অনুপপন্ন। অতএব যিনি নিগুর্ণ তিনি সগুণ এরূপ বচন বিচারসহ নহে। একের উভয়াত্মকত্ব বিরুদ্ধ।

পূর্ব্বপক্ষ—একই বস্তু অনেকাকার হয়। ঐ আকারমধ্যে কোনও আকার অনুবৃত্তিবুদ্ধিগ্রাহ্য, কোনও আকার ব্যাবৃত্তিবুদ্ধিগ্রাহ্য। ঐস্থলে যাহা অনুবৃত্তিবুদ্ধিগ্রাহ্য উহা অনুবৃত্ত হওয়ায় সামান্যরূপে কথিত হয় আর যাহা ব্যাবৃত্তিবুদ্ধিগ্রাহ্য তাহা ব্যাবৃত্ত হওয়ায় বিশেষরূপে কল্পিত হয়। অতএব বস্তুর দ্ব্যাত্মকত্ব হইতে পারে।

সিদ্ধান্ত—এস্থলে প্রষ্টব্য, যাহা সামান্য উহাই বিশেষ অথবা সামান্য অন্য, বিশেষ অন্য? প্রথমপক্ষে সামান্য এবং বিশেষের পরস্পর স্বভাবত্ব হওয়ায় সাংকর্য্য হইবে। অতএব ইহা সামান্য ইহা বিশেষ এইরূপ বিভাগাভাব-দরুণ পরমার্থতঃ একই বস্তুর দ্বৈরূপ্য উপপন্ন হইবে না। দ্বিতীয়পক্ষ স্বীকার করিলে নানাত্ব হওয়ায় বস্তুদ্বয় হইবে, একবস্তুর দ্বৈরূপ্য হইবে না। কিঞ্চ—একবস্তু হইতে সামান্য বিশেষের অভেদ অঙ্গীক্রিয়মান হইলে উহাদের পরস্পর স্বভাবের বিবেক সিদ্ধ হইবে না, যেহেতু এক হইতে অভেদ হওয়ায় ঐ উভয়েরও একবস্তুস্বভাবেরন্যায় অভেদ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রসঙ্গ হইবে। যদি সামান্য এবং বিশেষের পরস্পর স্বভাবভিন্নতা অঙ্গীকৃত হয় তবে উহাদের অভেদযুক্ত একবস্তু সিদ্ধ হইবে না। ঐ উভয়ের সহিত অভিন্ন হওয়ায় ঐ একত্বরূপে অভিমত পদার্থেরও সামান্যবিশেষ স্বরূপের ন্যায় দ্বিত্ব প্রসঙ্গ হইবে। অতএব এক উভয়াত্মক ইহা পরস্পরব্যাহত। একরূপত্ব হইলে ধর্ম্মভেদ সিদ্ধ হইবে না। বস্তুর একত্ব স্বীকৃত হওয়ায় অকল্পিত ধর্ম্মভেদ সিদ্ধ হইবে না, যেহেতু একবস্তুর ভেদ বিরূদ্ধ। অকল্পিত ভেদ অর্থ নানাত্ব বুঝায়। যাহা নানা উহা কিরূপে এক হইবে? বিধি এবং প্রতিষেধ একত্র অযুক্ত হওয়ায় এক এবং নানাত্ব পরস্পর বিরুদ্ধ। একত্ব এবং অনেকত্বের পরস্পর পরিহারস্থিতিলক্ষণ বিরোধ হওয়ায় একের বহু আকার সম্ভব হয় না। অতএব একের ধর্ম্মভেদ কল্পিত হইবে। সুতরাং, যেহেতু কল্পিত অনেকতা সম্ভব সেইহেতু একের বাস্তবদ্বৈরূপ্য সম্ভব নহে। আরও ধর্ম্মধর্ম্মিভাব সত্য এইরূপ মতানুসারীগণের অত্যন্ত ভিন্ন পদার্থদ্বয়ের গবাশ্বাদির ন্যায় ধর্ম্মধর্ম্মিভাব অনুপপন্ন হওয়ায় ঐ উভয়ের অভেদকে বাস্তব বলিতে হইবে আর সেইহেতু একের অনুবৃত্তিতে অপরের ব্যাবৃত্তি দুর্ঘট হইবে।

পূ—চিৎলক্ষণ আত্মা, দ্রব্যরূপে সর্ব্বাবস্থাতে অভিন্ন হওয়ায় অনুগমাত্মক, পর্য্যায়রূপে প্রতি অবস্থায় ভিন্ন হওয়ায় ব্যাবৃত্তাত্মক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সি—এস্থলে প্রষ্টব্য—চৈতন্যাত্মক দ্রব্য তৎপর্য্যায়ের সহিত কদাচিৎ অবিকৃত হইয়া সম্বন্ধ প্রাপ্ত হয় অথবা পূর্ব্বরূপ ত্যাগ পূর্ব্বক সম্বন্ধ প্রাপ্ত হয় ? যদি অনন্তরপক্ষ স্বীকৃত হয় তাহা হইলে অবস্থাবান পদার্থেরই অভাব হইবে এবং নিত্যত্বহানি প্রসঙ্গ হইবে। যদি প্রথমপক্ষ স্বীকৃত হয় তবে পূর্ব্বোত্তব অবস্থার বিশেষ (অন্যথাত্ব) হইবে না। অবিকৃত নিত্য পদার্থের ক্রমিক বা যুগপৎ অর্থক্রিয়া হইতে পারে না। যাহা পূর্ব্বোত্তর অবস্থাতে বিশেষতাপ্রাপ্ত হয় না উহা পরিণামি হয় না। যদি দ্রব্য এবং পর্য্যায়ের অভেদ অঙ্গীকৃত হয় তবে সর্ব্বথাই অভেদ হইবে তদ্‌বিপরীত ভেদ হইবে না। একের একদা পরস্পরবিরূদ্ধ বিধিপ্রতিষেধ যুক্তিযুক্ত নহে অন্যথা একত্বহানি হইবে। বিরুদ্ধ ধর্ম্মযুক্তেরও যদি একত্ব হয় তবে ভেদব্যবহারের উচ্ছেদ হইবে। এক এবং অনেক ইহারা পরস্পর পরিহারস্থিত লক্ষণ হইয়া থাকে। একের স্বভাবদ্বয় যুক্ত নহে, এরূপ হইলে একত্বহানি প্রসঙ্গ হইবে। অতএব প্রতিপন্ন হইল যে, এক আত্মাতে ব্যাবৃত্তি এবং অনুগম সম্ভব নহে। নিত্য অথচ অবস্থাবান এরূপ হইতে পারে না। অবস্থা অবস্থাবান হইতে অনন্য হওয়ায় অবস্থার ন্যায় অবস্থাবানেরও উৎপত্তিবিনাশ হইবে অথবা অবস্থাবানের ন্যায় অবস্থার ও নিত্যত্ব হইবে কিম্বা উপকারের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভাবদরুণ অবস্থাসমূহ তদ্‌সম্বন্ধীয় এইরূপ সিদ্ধ হইবে না। অবস্থা হইলে নিত্য এক চেতন স্বীকার করা যাইতে পারে না। (৭)

এক্ষণে শক্তিযুক্ত চেতন জগৎরূপে পরিণত হয় এই পক্ষের পরীক্ষা করা হইতেছে। প্রথমতঃ পরিণাম সম্বন্ধে বলা হইতেছে।

(দ). ব্রহ্মপরিণাম খণ্ডন—

সৎচিৎস্বরূপ নিরবয়ব, উহার সম্পূর্ণ বা একদেশস্থ পরিণাম অনুপপন্ন। অংশতঃ পরিণামে সম্ভব নহে যেহেতু উহা নিরবয়র। উপচয় অপচয় সাবয়বব্যাপ্ত হয়। অবয়বের অন্যথাবিন্যাস ব্যতীত পরিণাম দৃষ্ট নহে। সাবয়ব বস্তুই পরিণাম প্রাপ্ত হয়, সাবয়বত্ব নিরবয়বত্ব পরস্পরবিরুদ্ধ, একই বস্তু এক সময়ে সাবয়ব এবং নিরবয়ব হইবে ইহা অসম্ভব। যাহা নিরবয়ব উহা কারণরূপে তথা কার্য্যরূপে থাকিবে এরূপ হইতে পারে না। এক নিরবয়বের দ্বিধা সত্ত্ব হইতে পারে না। যাহা দ্বিধাভূত উহা সাবয়ব

(৭) এইহেতু বৌদ্ধগণ, জৈন এবং মীমাংসকের (জৈমিনীর) ন্যায় অনুগতব্যাবৃত্ত্যাত্মক আত্মা কিম্বা নৈয়ায়িকবৈশেষিকপ্রভাকরের ন্যায় অনুগত আত্মারূপ দ্রব্য মানেন না। অদ্বৈতবেদান্তিগণ অনুভবের অন্যথাঅনুপপত্তিদরুণ সাক্ষী স্বীকার করতঃ উহাতে পরিণাম না মানিয়া পরিণাম এবং তদাশ্রয়ের অনির্ব্বচনীয়ত্ব অঙ্গীকার করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইবে। অতএব চেতনের অংশত পরিণাম হইতে পারে না। উহার সম্পূর্ণ পরিণামও সম্ভব নহে। এরূপ হইলে জগৎব্যতিরেকে চেতনের অসত্ত্ব হইত, যেহেতু পূর্ব্বরূপের সম্পূর্ণ ত্যাগপূর্ব্বক রূপান্তরের উৎপত্তি হওয়ায় এই উৎপন্ন পদার্থের প্রাক্তনরূপত্ব থাকিতে পারে না। অথচ জগতের প্রকাশকরূপে চেতনতত্ত্ব প্রতিভাত হইতেছে। সর্ব্বাবধি সাক্ষিরূপ হওয়ায় চেতন নির্ব্বিকার (পরিণাম-রহিত)। পরিণাম নিয়মপূর্ব্বক পরিণামীর আশ্রিত হয়। অবিকারিচৈতন্য পরিণামিরূপে বিকারের আশ্রয় হইতে পারে না। চেতনের কার্য্যাকারে পরিণাম অথচ অপরিণত স্বপ্রকাশ সাক্ষিরূপে অবস্থান এই উভয় পরস্পর-বিরুদ্ধ। এক সময়ে একবস্তুর পরিণাম অথচ অপরিণাম এরূপ হইতে পারে না। স্বরূপ হইতে অপ্রচ্যুতস্বভাবের সর্ব্বপ্রকার তদ্‌বিপরীত কার্য্যাকার পরিণাম সম্ভব নহে। নিরংশ কারণের অনেকরূপতা বিরুদ্ধ।

নিত্যস্বরূপ চেতনের পরিণাম হইতে পারে না। অংশত বা সম্পূর্ণ পরিণামপ্রাপ্ত পদার্থ অনিত্য হইবে। ভাগশঃ পরিণাম হইলে সাবয়ব হওয়ায় কার্য্য হইবে অতএব অনিত্য হইবে। সম্পূর্ণ পরিণাম হইলে সর্ব্বাত্মরূপে প্রাক্তনরূপের ত্যাগ হওয়ায় সাক্ষাৎ অনিত্যত্ব হইবে। অতএব চেতনস্বরূপ জগৎ-রূপে পরিণামপ্রাপ্ত নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কার্য্য যদি চিৎপরিণাম হইত তবে উহার চিদ্রূপতা হইত। চৈতন্যপরিণামের জড়ত্ব উপপন্ন নহে। জড়পদার্থ চেতনাভিন্ন বা চেতনের ধর্ম্ম নহে। প্রকাশস্বভাবের প্রকাশ্যধর্ম্ম স্বাভাবিক নহে। দৃশ্য দ্রষ্টৃ স্বরূপের স্বরূপভূত নহে। অথচ পরিণাম পরিণামীর স্বরূপভূত হইয়া থাকে। অতএব চেতন পরিণামী নহে।

একমাত্র চেতনেরই অবস্থাভেদে কারণত্ব এবং কার্য্যত্ব অঙ্গীকৃত হইতে পারে না যেহেতু চেতন অবিকারি। বিকার অর্থ পরিণাম বা পরিস্পন্দ বা পরস্পর সম্বন্ধকৃত অতিশয়তা-যোগ। অমূর্ত্ত নিরবয়ব সন্মাত্রস্বরূপের সর্ব্বপ্রকার বিকার অনুপপন্ন। যাদৃশ স্বরূপ কারণাবস্থায় থাকে তাদৃশ স্বরূপই যদি কার্য্যাবস্থায় থাকিবে তবে কার্য্য এবং কারণাবস্থার বিশেষতা হইবে না। বিশেষতা স্বীকার করিলে ঐ আগন্তুক বিশেষরূপে ঐ চেতনের পরিণামিত্ব প্রাপ্ত হইবে অতএব বিকারাভাবরূপ অবিকারিত্ব অব্যাহত থাকিবে না। কার্য্যসমূহ পরিবর্ত্তিত হইবে অথচ উপাদানকারণ নির্ব্বিকার থাকিবে এরূপ হইতে পারে না। কার্য্যগত পরিবর্ত্তনের সহিত উপাদানকারণেরও পরিবর্ত্তন হইবে যেহেতু কার্য্য এবং উপাদানকারণের তাদাত্ম্য হইয়া থাকে, কার্য্য উহার স্বরূপ-ভূত হয়। (৮) চেতনরূপ কারণের নির্ব্বিকারত্ব অব্যাহত

(8) If it is said that generation is only the manifestation of a substratum which does not change, the con-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাখিবার জন্য যদি উক্ত তাদাত্ম্যকে মিথ্যা মানা হয় তাহা হইলে জড়রূপ অন্যথাভাব মিথ্যা হইবে। একেরই, পরিণাম বিনা, অন্যথাভাব হওয়ায় সেই অন্যথাভাব মিথ্যা। (৯)

---

tradictions are not diminished, but increased, since this theory expresses only the more clearly the idea of the one unchanging substratum as having concentrated in it all multiplicity and all contradiction, as the source from which the plurality and the opposed qualities of the outward manifestation shall be evolved. (Herbart)

(9) (a) In its proper sense, causality is not a category which is applicable to the relation of the infinite to the finite ; and if we attempt so to apply it, what it expresses is not the reality of the finite, but either the limitation or the non-reality of the infinite.

Causality is a category only of the finite. The relation of cause and effect is one which implies the succession or (though not with strict accuracy) the coexistence of its members. In the latter case it presupposes the existence of things external to, and affecting and being affected by each other. In the former, it is a relation in which the first member is conceived of as passing into the second ; the cause, or the sum of conditions which constitute it, loses its existence in the effect or in the sum of the new conditions to which it has given rise. The cause, in other words, is only cause in and through the consummated result which we call effect,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(ধ) শক্তিযুক্ততা নির্ব্বচনার্হ নহে।—

এক্ষণে শক্তিযুক্ততা সম্বন্ধে বিচার করা হইতেছে। এই যে চেতনের শক্তিবৈশিষ্ট্য হয় উহা কি সমবায় দ্বারা

---

and the very reality or realisation of the former implies, in a sense, its own extinction. In the impact of two balls the motion of the first becomes the cause of the motion of the second only when it has ceased to exist in the former; the force which has existed as heat becomes the cause of motion only when it has exhausted itself of its existence in the one form and become converted into the other. But, obviously, in neither of these senses can we embrace the relation of the infinite and the finite under the form of causality. The infinite cannot be conceived of as external to, and acting on, the finite, as one finite body is outside of, and acts on, another; in such a relation it would cease to be infinite......Nor, again, can you speak of the infinite as a cause which, in producing the finite, passes wholly into it and becomes lost in it; for, in that case, the existence of the finite would be conditioned by the non-existence or extinction of the infinite. The inapplicability of the category of causality to the relation of infinite and finite is thus obvious. (Caird's "Spinoza")

(b) So far as a thing is timeless, it cannot change, for with change time comes necessarily. But how can a thing which does not change produce an effect in time? That the effect was produced in time implies that it had

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়া থাকে অথবা সংযোগ দ্বারা কিম্বা তাদাত্ম্য দ্বারা অথবা উহা মায়িক? সমবায় দ্বারা হইতে পারে না যেহেতু শক্তিকে চেতন হইতে সর্ব্বথা ভিন্ন মানা হয় না। সমবায়স্থলে সম্বন্ধিদ্বয় সর্ব্বথা ভিন্ন হয় এবং ঐ সমবায়ও সম্বন্ধি হইতে অত্যন্ত ভিন্ন হয়। চেতনের সহিত শক্তির সংযোগসম্বন্ধও হইতে পারে না। সাংশদ্বয়েরই সংযোগ হয়, নিরংশদ্বয়ের কিম্বা এক সাংশ অপর নিরংশ এই উভয়ের সংযোগ হয় না। আরও সংযোগ সমবায়াধীন হইয়া থাকে। সমবায় খণ্ডিত হইবে। তৃতীয়পক্ষে বিচার্য্য ঐ তাদাত্ম্য কি ভেদসহিষ্ণু অথবা অভেদরূপ? সমবায় নিরাসদ্বারাই আদ্যকল্প নিরাকৃত হয়। ভেদাভেদ উভয়-রূপতা পূর্ব্বে খণ্ডিত হইয়াছে এবং হইবে। দ্বিতীয়কল্পে চেতনাতিরিক্ত শক্তি সিদ্ধ হইবে না। চতুর্থপক্ষে—সিদ্ধান্তী-সম্মত পক্ষে উহার অন্তর্ভাব হইবে।

---

a beginning. And if the effect begins, while no beginning can be assigned to the cause, we are left to choose between two alternatives. Either there is something in the effect—namely, the quality of coming about as a change—which is altogether uncaused. Or the timeless reality is only a partial cause, and is determined by something which is not timeless. In either case, the timeless reality fails to explain the succession in time.

(Mc. Taggart's "Hegelian Dialectic")

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(ন) অচিন্ত শব্দের অর্থ বিচার।—

অচিন্ত্য শব্দে সাধারণতঃ সত্যরূপে চিন্ত্য এইরূপ অর্থ গৃহীত হয় পরন্তু ইহা সঙ্গত নহে। তাহা হইলে উক্ত শব্দপ্রয়োগ ব্যর্থ। চিন্তার অগম্য এইরূপ অর্থ হইলে ঐ শক্তির অস্তিত্ব বা নাস্তিত্ব বিষয়ে কিছুই বলা যাইবে না। যাহা কদাচিৎও কোন আকারে বুদ্ধিতে আরোহিত না হয় উহার প্রতিপাদন করা যাইতে পারে না। অচিন্ত্য পদার্থ যদি থাকে তবে আমরা জানিতে পারিব না এবং আমরা যতদূর জানি তাবৎ উহার অস্তিত্ব থাকিবে না। আর অচিন্ত্য অর্থ যদি সদ্ বা অসৎ বা সদ্সৎ রূপে অনির্ব্বচনীয় হয় তাহা হইলে উহা মিথ্যা হইবে। ঐ মিথ্যা পদার্থের সম্বন্ধমূলক চেতনের সগুণভাব ও মিথ্যা হইবে। ঐরূপ মিথ্যা পদার্থকে চেতনের শক্তিরূপে অভিহিত করা যাইতে পারে না।

(প) শক্তি খণ্ডন। :—

যাহা হউক, এক্ষণে শক্তি সম্বন্ধে বিচার করা হইতেছে।

(১) চেতনের সমসত্তাক পদার্থ নাই অতএব কিছুই চিৎশক্তি নহে।

শক্তি শক্তিমানের সমসত্তাক হয়। প্রকৃতস্থলে চেতনের সমসত্তাক কোন পদার্থ নাই। চেতনের সত্তা এবং জ্ঞেয় (জড়) পদার্থের সত্তা সম নহে। চেতন স্বপ্রকাশ হওয়াতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাহারও অধীন নহে অর্থাৎ অপরের সত্তাতে সত্তাবান নহে কিংবা অপর ভানে ভাসিত নহে অথবা অপরের আশ্রিত নহে। জড় পদার্থ কিন্তু তদ্বিপরীত। অতএব জড় চেতনের সমসত্তাক নহে। চেতন, অবস্থার প্রকাশক, স্বরূপতঃ অবস্থারহিত নির্ব্বিকার। জড়পদার্থ অবস্থাভেদে বিকারগ্রস্ত। অতএব জ্ঞান এবং জ্ঞেয় সমসত্তাক নহে। জড়কে চেতনের সমসত্তাক বলিতে হইলে ইহা প্রদর্শন করিতে হইবে যে উহার সত্তা চেতনসত্তা হইতে ভিন্ন অথচ তৎসদৃশ, অথবা উহা চেতনসত্তারূপ কিংবা উহার অন্তর্গত। পরন্তু এসকল পক্ষই অসঙ্গত। অতএব জড় চেতনের সমসত্তাক নহে। চেতন হইতে জড়ের সত্তা অভিন্ন নহে অথচ চেতনের সহিত জড়ের তাদাত্ম্য হওয়ায় উহাকে চেতন হইতে ভিন্নরূপেও নির্দ্দেশ করা যায় না। অবশেষ মানিতে হইবে যে, সাপেক্ষ জড়পদার্থ স্বতঃসিদ্ধ চেতনসত্তাতে সত্তাবান, ঐ প্রকাশে প্রকাশিত অথচ ন্যূনসত্তাবান। ন্যূনসত্তাক হওয়ায় উহা চেতনরূপ অধিষ্ঠানের স্বরূপভূত হইবে না। অধ্যস্ত পদার্থের অপেক্ষা অধিষ্ঠান বিষমসত্তাক হইয়া থাকে। অতএব (সমসত্তাক না হওয়ায়) কোনও পদার্থ চেতনের শক্তিরূপ নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২) স্বপ্রকাশ চেতন নির্ধর্ম্মক।

স্বপ্রকাশ জ্ঞানস্বরূপ যদি সধর্ম্মক হয় তবে উহার ধর্ম্ম, জড় (অস্বপ্রকাশ) বা অজড় (স্বপ্রকাশ) হইবে। বিচার করিলে এই উভয়পক্ষই অসঙ্গত প্রতিপন্ন হয়। স্বপ্রকাশের অন্তর্ভূত যদি জড় থাকে তাহা হইলে উহাকে স্বপ্রকাশ বলা যাইবে না। যাহা স্বপ্রকাশ তাহা অন্যের অধীন নহে। যাহা জড় তাহা অন্যের অধীন। যাহা স্বতঃসিদ্ধ নহে, যাহার প্রকাশ অপরের অধীন তাহাকে জড় বলে। যাহা অন্যের অধীন তাহা কিরূপে স্বতঃসিদ্ধের অন্তর্ভূত হইয়া উহার ধর্ম্ম হইবে? জড় কখনও সর্ব্বাবধি সাক্ষিভূত বিকাররহিত স্বপ্রকাশের ধর্ম্ম হইতে পারে না। যাহা জড় উহা চেতনের বিষয়রূপে প্রতিভাত হয়। বিষয় কখনও বিষয়ির স্বরূপভূত হইতে পারে না, অন্যথা উহার বিষয়ত্বই লুপ্ত হইবে। অতএব সিদ্ধ হইল যে, জড় স্বপ্রকাশ-জ্ঞানের ধর্ম্ম নহে। স্বপ্রকাশ জ্ঞানস্বরূপের ধর্ম্ম স্বপ্রকাশরূপও নহে। যাহা স্বপ্রকাশ উহা নিরপেক্ষ। উহা যদি সাপেক্ষ হয় তবে উহার স্বপ্রকাশত্ব লোপ পাইবে। অথচ যাহা ধর্ম্ম তাহা সাপেক্ষ হয়। ধর্ম্ম-ধর্ম্মী পরস্পর সাপেক্ষ হয়। স্বপ্রকাশদ্বয়ের পরস্পর সাপেক্ষভাব হইতে পারে না। সাপেক্ষতা বিনা ধর্ম্ম-ধর্ম্মিভাবও হইবে না। অতএব যাহা স্বপ্রকাশ তাহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বরূপতঃ ধর্ম্মী বা ধর্ম্ম নহে, উহা নির্ধর্ম্মক। সচ্চিৎস্বরূপ যদি নির্ধর্ম্মক না হইত তবে নিত্য হইত না। ধর্ম্মধর্ম্মীর তাদাত্ম্য হওয়ায় ধর্ম্মের উৎপত্তি এবং নাশদরুণ ধর্ম্মির উৎপত্তিনাশরূপ বিকার হইবেই। সৎচিৎস্বরূপ যদি সধর্ম্মক হইত তবে নিরূপনার্হ-ধর্ম্মের সম্বন্ধবানও হইত অথচ ধর্ম্মসম্বন্ধ উপপন্ন নহে। অতএব উহা নির্ধর্ম্মক। (১০) নির্ধর্ম্মক অর্থে বাস্তব ধর্ম্মের নিষেধ বুঝিতে হইবে, আরোপিত ধর্ম্মের নিষেধ নহে। ব্যাবহারিক ধর্ম্মসত্বেও নিজের সমানসত্তাক ধর্ম্মের বিরহ হওয়ায় নির্ধর্ম্মকত্ব উপপন্ন হয়। অতএব চেতনের সমসত্তাক কিছু না থাকায় অথচ শক্তিমানের স্বরূপভূত শক্তি উহার সমসত্তাক হইয়া থাকে এরূপ নিয়ম থাকায় চেতনের শক্তিরূপে কিছু নির্ব্বচনীয় নহে।

(৩) <u>গুণ এবং গুণি, কার্য্য এবং উপাদানকারণ সর্ব্বথা ভিন্ন নহে।</u>

এক্ষণে ধর্ম্মধর্ম্মি ভাব (গুণগুণিভাব) এবং কার্য্য-কারণ-ভাবের বিচার দ্বারা উক্ত সিদ্ধান্ত প্রতিষ্ঠিত হইতেছে।

---

(১০) ভিন্নত্বে অভিন্নত্বে সম্বন্ধত্বে, অসম্বন্ধত্বে চাতিপ্রসঙ্গানবস্থাভ্যাং ধর্ম্মধর্ম্মিভাবানুপপত্তেঃ। ন চ ধর্ম্মাভাবরূপধর্ম্মভাবাভাবাভ্যাং ব্যাঘাতেন কুতর্কতাস্যেতি বাচ্যং। ধর্ম্মাভাবস্য স্বরূপতয়ৈব সত্ত্বাঙ্গীকারেন ব্যাঘাতাভাবাৎ। অভেদেঽপি ভেদকল্পনয়া ধর্ম্মধর্ম্মিভাবব্যবহারস্য ত্বয়াপীষ্টত্বাৎ। (অদ্বৈতসিদ্ধি)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বথা ভিন্ন এইরূপ তুই পদার্থের গুণগুণিভাব বা কার্য্য-কারণভাব হয় না। দ্রব্যের সহিত একতা প্রাপ্ত হইয়াই গুণের প্রতীতি হওয়ায় গুণগুণির সর্ব্বথা পৃথকত্ব প্রতীতি সিদ্ধ নহে।

পূর্ব্বপক্ষী—(নৈয়ায়িক বৈশেষিক প্রভাকর)—গুণগুণি সর্ব্বথা ভিন্ন হইলেও সমবায় সম্বন্ধ দ্বারা উহাদের অপৃথকসিদ্ধি হয়। সমবায় ঐ সম্বন্ধিদ্বয় হইতে পৃথক পদার্থ।

সিদ্ধান্তী—সম্বন্ধিগণের পৃথকত্ব সিদ্ধ হওয়ার পর উহাদের সম্বন্ধ প্রতীত হইলে সমবায় কল্পনা করা যাইতে পারিত। পরন্তু গুণগুণিস্থলে উহার (পৃথকত্ব প্রতীতির) অভাব হওয়ায় সমবায় কল্পনা ব্যর্থ। সমবায়সম্বন্ধ সম্বন্ধি হইতে স্বয়ং ভিন্ন অতএব উহা সম্বন্ধিগণের অভেদবুদ্ধি আধান করিতে সক্ষম নহে। যদি বিশেষণ বিশেষ্য হইতে একান্ত ভিন্ন হইত তবে বিশেষ্যে স্বানুরূপা সদা বুদ্ধি কিরূপে জন্মাইবে? আরও 'মৃদ্‌ঘট' "শুক্লপট" এইরূপ সামানাধিকরণ্য প্রত্যয় হয়। এইরূপ প্রত্যয় গুণগুণি এবং কার্য্যকারণের ভেদবাধক।

পূ—"শুক্লপট" ইত্যাদিস্থলে সামানাধিকরণ্যপ্রতীতি ভ্রমরূপ।

সি—এরূপ বলা উচিত নহে। রূপাদি গুণের সাধক রূপে অভিমত যে "শুক্লপট" ইত্যাদি প্রত্যক্ষ উহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুণিতাদাত্ম্যরূপে (গুণি অভেদে) গুণাদিবিষয়ক হইয়া থাকে। সেই প্রত্যক্ষকে যদি ভ্রমরূপ মানিবে তবে গুণেরও সিদ্ধি হইবে না; যেহেতু গুণমাত্র-গোচর প্রত্যক্ষ হয় না কিন্তু ধর্ম্মির সহিত গুণের প্রত্যক্ষ হয়। অতএব প্রত্যক্ষ দ্বারা গুণিভেদ কিরূপে সিদ্ধ হইবে? উক্ত "শুক্লপট" "মৃৎঘট" ইত্যাদি প্রত্যক্ষকে যদি প্রমারূপ মানিবে তবে এই প্রত্যক্ষ দ্বারা গুণির অভিন্নরূপে (ভিন্নরূপে নহে) গুণের সিদ্ধি হইবে। অতএব তাদৃশ উপজীব্য প্রত্যক্ষের বিরোধ হওয়াতে কোনও প্রমাণ দ্বারা ভেদের সিদ্ধি হইবে না। ভেদব্যাপক যে পৃথক-ব্যপ্তি এবং পৃথক-স্থিতি উহার অভাব গুণগুণ্যাদিতে এবং কার্য্যকারণাদিতে হওয়ায় উহার ব্যাপ্য যে ভেদ তাহাও দুর্লভ হইবে। অতএব গুণগুণ্যাদির সমবায় মান্য নহে। উল্লিখিত বিচার দ্বারা সিদ্ধ হইল যে উপাদান কারণ হইতে কার্য্য তথা গুণি হইতে গুণ সর্ব্বথা ভিন্ন নহে।

(৪) কার্য্যকারণ গুণগুণি সর্ব্বথা অভিন্ন নহে।

যদি অত্যন্ত-অভেদ হইবে তবে "ঘট ঘট" এইরূপ প্রতীতি যেমন হয় না তদ্রূপ উক্ত প্রতীতি ও (মৃদ্‌ঘট প্রতীতি) হইত না। যাহা যাহা হইতে অব্যতিরিক্ত উহা উহার কারণ বা কার্য্য হয় না যেহেতু কার্য্য এবং কারণের ভিন্নলক্ষণ হইয়া থাকে। উপাদান পূর্ব্বসিদ্ধ হয় আর উপাদেয় অসিদ্ধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়। একত্র যুগপৎ সিদ্ধত্বাসিদ্ধত্ব বিরুদ্ধ। অতিশয়তা না থাকিলে কার্য্যকারণভাব হইতে পারে না; অন্যথা "ইহা কার্য্য ইহা কারণ" এইরূপ অসঙ্কীর্ণ ব্যবস্থা কিরূপে হইবে? কার্য্যকারণের সর্ব্বথা অভেদ হইলে নিজেই নিজের কারণ হইবে। কার্য্যকারণের ঐক্য হইলে উৎপত্তির পূর্ব্বে কারণ থাকায় তদভিন্ন কার্য্যেরও সত্তা আবশ্যক হওয়ায় সদাই কার্য্য উৎপন্ন হইত। কারণের ন্যায় কার্য্যের সত্ত্ব হওয়ায় কারকব্যাপার নিরর্থক হইত। অতএব সিদ্ধ হইল যে, কার্য্য কারণাভিন্ন নহে। অভেদ হইলে রূপান্তর হইবে না, (রূপান্তরত্বব্যাঘাত) এবং রূপান্তর হইলে অভেদ হইবে না (অভেদব্যাঘাত)। ধর্ম্মধর্ম্মিভাবও অত্যন্তাভেদস্থলে হয় না। অভেদ সম্বন্ধরূপ নহে।

(৫) কার্য্যকারণের ভেদাভেদবাদ খণ্ডনঃ—

সমানসত্তাক ভেদ এবং অভেদ যুগপৎ একত্র অসম্ভব। ঘটাদি যদি মৃদাদি-অভিন্ন হয় তবে মৃত্তিকা হইতে ঘটের উৎপত্তি হইবেনা।

পূঁ—ভেদ ও আছে অতএব উহা হইতে উৎপত্তি হইবে।

সি—জায়মান পদার্থ মৃত্তিকা হইতে ভিন্ন হওয়ায় উৎপত্তির পূর্ব্বে নাই এইরূপ বলিতে হইবে। আর ঘটাদি জায়মানই যেহেতু উৎপত্তির পূর্ব্বে ঘটশব্দ এবং ঘটবুদ্ধি হয় না। যাহা পূর্ব্বে অসৎ উহা সৎ হইতে ভিন্ন হইবে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতএব উহাতে সতের অভেদ হইবেনা। এই প্রকার মৃত্তিকা উৎপন্ন হয় বিনষ্ট হয় এইরূপ প্রতীতি ঘটোৎপত্তি-কালে মৃত্তিকাতে না হওয়াতে উৎপত্তিবিনাশবান ঘটাদির মৃদ্‌-অভিন্নতা হয় না। অতএব যাহা উৎপন্নবিনষ্ট হয় উহা উহার উপাদান হইতে অত্যন্তভিন্নই হইয়া থাকে। অতএব ভিন্নাভিন্নপক্ষ সমীচীন নহে।

এক্ষণে ঘটপদের অর্থ প্রদর্শনপূর্ব্বক পুনঃ ভেদাভেদপক্ষ বিশেষ রূপে খণ্ডিত হইতেছে। যাহা পৃথু বুধ্ন (গোলাকার) উদর আকারবিশিষ্ট বস্তু উহা ঘট শব্দের অর্থ, কেবল মৃত্তিকা ঘটশব্দের অর্থ নহে। কেবল মৃত্তিকাতে ঘটবুদ্ধি হয় না কিম্বা ঘটশব্দ প্রযুক্ত হয় না। যদি ঘট মৃত্তিকাভিন্ন হইবে তাহা হইলে উৎপত্তিরপূর্ব্বেও মৃত্তিকা যেমন অনুভবের বিষয় হয় তদ্রূপ কম্বুগ্রীবাকার ঘট অনুভূত হইত, আর মৃত্তিকা যেমন নিজেতে কারণ নহে তদ্রূপ ঘটেও কারণ হইত না।

পূ—ভেদ থাকাতে ঘটের পূর্ব্বানুপলব্ধি হইয়া থাকে তথা মৃত্তিকা ঘটের কারণ এরূপ ব্যবস্থা হয়।

সি—এস্থলে প্রষ্টব্য—ঐ ভেদ থাকাতে কি হয়? যেমন ঘটস্থিতিকালে ভেদ অভেদসত্তা-বিরোধী নহে তদ্রূপ ঘটোৎপত্তির পূর্ব্বেও ভেদ প্রতিযোগিসত্তার (অভেদের সত্তার) বিরোধী হইবে না। অতএব ভেদ মানিলেও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উক্ত দোষ হইবে অর্থাৎ ঘটোৎপত্তির পূর্ব্বে ঘটবুদ্ধি এবং কার্য্যকারণভাব-অনুপপত্তিরূপ দোষ হইবে। ভেদ, বিদ্যমান যে প্রতিযোগী (অভেদ) উহার অনুপলম্ভে প্রয়োজক হয় না (অর্থাৎ ভেদ থাকিলে অভেদ প্রতীত হইবে না এরূপ বলা যাইতে পারে না) অথবা ঘটের কার্য্যত্বেও (ঘট কার্য্য হইবার জন্যও) ভেদ প্রয়োজক নহে। এরূপ হইলে (প্রয়োজক হইলে) ঘটস্থিতিকালেও ভেদ থাকাতে অভেদ-অনুপলব্ধিপ্রসঙ্গ হইবে এবং ঘটের পুনরুৎপত্তি প্রসঙ্গ হইবে। তাৎপর্য্য এই যে—ভেদই অভেদের অনুপলব্ধি এবং ঘটের কার্য্যত্বে প্রয়োজক হয় আর উহা (ভেদ) স্থিতিকালে (ঘটোৎপত্তির অনন্তর) আছে পরন্তু স্থিতি-কালে ঘট এবং মৃত্তিকার অভেদের অনুপলব্ধি নাই তথা ঘটের কার্য্যতাও স্থিতিকালে (কার্য্যের অনন্তরক্ষণে) নাই। অতএব ভেদ, অভেদের অনুপলব্ধিতে এবং ঘটের কার্য্যতাতে প্রয়োজক হইবে না। স্পষ্টীকরণ যথা—মৃত্তিকা-গত রূপাদি মৃত্তিকার এবং মৃত্তিকানিষ্ঠ কার্য্যতার প্রয়োজক হয় না। ইহার হেতু কি? মৃত্তিকাতে যে মৃত্তিকার অভেদ উহার অবিরুদ্ধ ঐ রূপাদি (মৃত্তিকাগত রূপাদি) হইয়া থাকে, ইহাই ঐ হেতু। সেই প্রকার মৃদ্‌ঘটভেদও মৃদ্‌গত অভেদের অবিরুদ্ধ হইলে তদ্দরুণ (উক্ত ভেদকৃত) ঘটের অনুপলম্ভাদি সিদ্ধ হইবেনা, যেহেতু ঘটস্থিতিদশাতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভেদ থাকিলেও ঘটানুপলম্ভাদির অভাব হয়। অর্থাৎ ভেদ যদি ঘটের অনুপলম্ভ এবং উৎপত্ত্যাদিতে প্রয়োজক হইত তবে ঘটোৎপত্তির অনন্তরও ঘট অনুপলব্ধ হইত এবং ঘটোৎপত্তিঅনন্তরও ঐ ঘটের উৎপত্তি হইত ; পরন্তু ইহা দৃষ্ট নহে অতএব ভেদ উক্ত দ্বয়ের প্রয়োজক নহে।

পূ—পূর্ব্বে ঘট সৎ নহে। অতএব অনুপলম্ভ এবং কার্য্যকারণভার উপপন্ন হইবে। অর্থাৎ ঘটোৎপত্তির পূর্ব্বে উহার অভেদ থাকা সত্ত্বেও ঘটের অসত্ত্ব হওয়ায় উহার অনুপলম্ভ হইয়া থাকে।

সি—এরূপ বলা উচিত নহে। ঘটাভিন্ন মৃত্তিকা সৎ হওয়াতে ঘটের অসত্ত্ব অনুপপন্ন হইবে। অর্থাৎ মৃদভিন্নতা থাকায় এবং মৃত্তিকার ঘটাভিন্নতা থাকায় ঘটেরও অসত্ত্ব অযুক্ত।

পূ—ঘটাকারে ভেদই আছে অর্থাৎ ঘটের ঘটাকারে মৃদভেদ নহে যাহারদরুণ উক্ত দোষ হইবে।

সি—এরূপ বলিলে প্রষ্টব্য—কাহার সহিত মৃত্তিকার অভেদ ? অভিপ্রায় এই যে, ভেদাভেদ উক্তি অযুক্ত হইবে। অর্থাৎ মৃত্তিকার অভেদ না থাকাতে ভেদাভেদবাদ সিদ্ধ হইবে না।

পূ—ঘটেরই অভেদ অর্থাৎ ঘটের মৃত্তিকারূপে মৃত্তিকা-অভেদও আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সি—উহা ত মৃত্তিকাই আর সেই মৃত্তিকা পূর্ব্বেও বর্ত্তমান। অর্থাৎ ঘট যদি মৃত্তিকা-অভেদের ধর্ম্মী হইবে তাহা হইলে মৃৎসময়ে ঘটসত্ত্বার আবশ্যকতা হওয়াতে অনুপলম্ভাদির অনুপপত্তি তদবস্থ হইবে।

পূ—ভেদাংশ ঘট পূর্ব্বে নাই এইহেতু উক্ত দোষ হয় না। তাৎপর্য্য এই যে, কার্য্যকারণ হইতে অতিরিক্ত ভেদ এবং অভেদ নহে কিন্তু কারণই অভেদ। আর কার্য্য উৎপত্তির পূর্ব্বে অসৎ। অতএব অনুপলম্ভাদির অনুপপত্তি নাই।

সি—এরূপ বলিলে কার্য্যকারণের অত্যন্ত ভেদবাদীমত হইতে ভেদাভেদবাদিমতে বিশেষ কিছু হইবে না।

(৬) গুণগুণির, কার্য্যকারণের তাদাত্ম্য হয়। তাদাত্ম্যের লক্ষণ।

আশঙ্কা—গুণগুণির কিরূপ সম্বন্ধ?

উত্তর—তাদাত্ম্য রূপ।

আ—উহা কিরূপ?

উঃ—গুণির তাদাত্ম্য গুণেতে বিদ্যমান। গুণেতে গুণিভিন্নত্ব আছে, অথচ গুণি হইতে অভিন্ন গুণের সত্ত্ব হইয়া থাকে। এইরূপেই গুণেতে গুণির তাদাত্ম্য হয় অর্থাৎ সত্তার অনবচ্ছেদক যে ভেদ উহাই তাদাত্ম্য পদবাচ্য অর্থাৎ যে ভেদ সত্তার অবচ্ছেদ (পৃথকতা) সম্পাদন করে না সেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভেদকে তাদাত্ম্য বলা হয়। গুণির এই ভেদ গুণেতে থাকে। ঘটাদি পদার্থ যেমন দণ্ডাদি হইতে ভিন্ন তদ্রূপ মৃত্তিকাদি হইতেও ভিন্নই অন্যথা প্রাগুক্ত দোষ হইবে। পরন্তু মৃত্তিকা এবং ঘটের ভেদ বিদ্যমান হইলেও পরস্পর সত্তার অবচ্ছেদক হয় না অর্থাৎ ভেদ থাকিলেও উক্ত ভেদ মৃত্তি-কার সত্তা এবং ঘটের সত্তা এই উভয় সত্তাকে পৃথক করেনা। তাৎপর্য্য এই যে, মৃত্তিকা হইতে ঘট ভিন্ন হইলেও ঐ ঘটগত ভেদ মৃত্তিকাসত্তার ভেদক হয় না। অতএব উক্ত ভেদ সৎ নহে। যে ভেদ, সত্তার ভেদ করিয়া থাকে সেইভেদ সৎ হইয়া থাকে যেমন দণ্ড এবং ঘটের ভেদ, সত্তার অবচ্ছেদক হয়, অতএব উক্তভেদ সৎ। 'মৃদ্‌ঘট' এইরূপ প্রতীতি হওয়াতে তথা মৃত্তিকাত্ব বিনা ঘটসত্ত্বার অদর্শন হওয়াতে মৃত্তিকাভেদ দণ্ডঘটভেদ হইতে বিলক্ষণ হইয়া থাকে।

পূ—দণ্ডঘটভেদ যেমন দণ্ড এবং ঘট এই উভয়ে বিদ্য-মান থাকে তদ্রূপ অন্যত্র (মৃৎঘটেতে) ও থাকিবে, অথচ দণ্ডঘটভেদ সৎ সুতরাং মৃৎ এবং ঘট এই উভয়ের সত্তার অবচ্ছেদ হইবে।

সি—মৃৎঘটে আগমনকারি দণ্ডঘটভেদ অন্যত্র সৎ হইলেও তথা অন্যসত্তার অবচ্ছেদক হইলেও মৃত্তিকা এবং ঘট এই অবচ্ছেদে সত্তার অবচ্ছেদ করেনা অর্থাৎ মৃত্তিকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং ঘটের দুইসত্তা করেনা। পূর্ব্বপক্ষীর মতে সমবায়ের বায়ু আদিতে বৃত্তিত্ব হইলেও অপরস্থলে (ঘটপটাদিতে) যেমন ঐ সমবায়ের রূপনিরূপিতত্ব হয় তদ্রূপ বায়ুতে রূপনিরূপিতত্ব হয় না। (বায়ুতে রূপ নাই)। প্রকৃত-স্থলেও এইরূপ জানিতে হইবে। অর্থাৎ অপরস্থলে ভেদের সত্তাবচ্ছেদকত্ব হইলেও মৃদ্ঘট এইস্থলে সত্তাবচ্ছেদকত্ব হয় না। পরন্তু বেদান্তমতে ভেদেতে ঔপাধিকভেদেও আছে অর্থাৎ 'মৃদ্ঘট' এই ভেদ এবং দণ্ডঘট এই ভেদ পৃথক পৃথক হওয়ায় মৃৎঘটভেদ অসৎ হইয়া থাকে অর্থাৎ উক্ত ভেদ সত্তাবচ্ছেদক হইবে না। অতএব কোন দোষ নাই। ভেদে ঔপাধিকভেদ হওয়ায় অর্থাৎ মৃৎঘট-নিরূপিতত্বরূপ ঔপাধিদরুণ পৃথক তথা দণ্ডঘটনিরূপিতত্ব-রূপ উপাধিতে পৃথক হওয়ায় দোষ নহে। দণ্ডাদি অভাবেও ঘটসত্ত্বের 'সন্ঘট' এইরূপ অনুভব হওয়ায় তথা 'দণ্ডঘট' এইরূপ অনুভব না হওয়ায় ঘটসত্তার অন্যত্ব সিদ্ধ হয়। মৃত্তিকাঘটস্থলে এরূপ প্রতীতি না হওয়ায় অন্যত্ব সিদ্ধ নহে। ইহাকেই অদ্বৈতসিদ্ধান্তে উপাদানউপাদেয়ের কল্পিত ভেদ বলা হয়।

৭। পরাভিমত ভেদাভেদবাদের এবং অদ্বৈতবেদান্তি-সম্মত ভেদাভেদবাদের পৃথকত্ব প্রদর্শন :—

অদ্বৈতমতে কার্য্যকারণের ভেদাভেদ মান্য হয় বটে পরন্তু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কারণব্যতিরেকে কার্য্যসত্তা অঙ্গীকারপূর্ব্বক উহাদের (কার্য্য-কারণের) অভেদ উক্তমতে মান্য হয় না কিন্তু কল্পিত-ভেদ স্বীকৃত হয়। ভেদাভেদস্থলে পারমার্থিক ভেদ থাকিলে "ভূতলং ঘটো ন" এইরূপ প্রতীতির ন্যায় "মৃদ্ ঘটো ন" এইরূপ প্রতীতি হইত। ঘট এবং ভূতল এই উভয়ে সমসত্তাক ভেদ আছে এইহেতু ঘট এবং ভূতলের অভে-দানুভবের বিরোধ হয়। অন্যত্র সমসত্তাক ভেদ অভেদা-নুভবের বিরোধী হওয়ায় কার্য্যকারণস্থলেও এরূপ বিরোধ হইবে। (১১) সমসত্তাক ভাবাভাবের অবিরোধ হইলে বিরোধবার্ত্তা উচ্ছেদপ্রাপ্ত হইবে। অতএব কার্য্যকারণের ভেদ এবং অভেদকে ভিন্নসত্তাক মানিতে হইবে। সামানা-ধিকরণ্য অনুভব দ্বারা এবং পূর্ব্বোক্ত যুক্তি দ্বারা ভেদেরই ন্যূনসত্তাকত্ব (কল্পিতত্ব) সিদ্ধ হয়। ভিন্ন সত্তাক হওয়াতেই

---

(১১) (ক) এবংবিধ ভেদাভেদয়োরভ্যুপগমেচালৌকিকত্বাপত্তেঃ সামানাধিকরণ্যপ্রত্যয়স্য চ কল্পিতভেদেনাপি সোঽহং দেবদত্ত... ইত্যাদাবিব সম্ভবাৎ। (চিৎসুখাচার্য্যকৃত নৈষ্কর্ম্যসিদ্ধিভাবপ্রকাশিকা —অমুদ্রিত)

(খ) ভেদাভেদবাদিনঃ প্রমাণভ্রান্তিব্যবস্থাপি ন সিধ্যতি সদ্রব্যাদিরূপস্য (?) সর্পাদিনা বিদ্যমানস্যৈক্যস্য প্রথমপ্রত্যয়েন প্রকাশত্বাচ্চরমপ্রত্যয়েন চ তদভাবপ্রকাশনাচ্চ। (ন্যায়তত্ত্ববিবরণ=বৃহদারণ্যকবার্ত্তিকটীকা—অমুদ্রিত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভেদ এবং অভেদ বিরুদ্ধ নহে। অতএব কার্য্য এবং উপাদানকারণের ঔপাধিকভেদ হয়, সত্তাভেদ হয় না। সুতরাং যদভিন্ন কার্য্য উৎপন্ন হয় সেই কারণ উপাদান হয়। অভেদ অর্থ পৃথকসত্তাশূন্যত্ব। ভেদ যদি সত্তাবচ্ছেদক হইবে তবে ভিন্নের অভিন্নসত্তাকত্ব বিরুদ্ধ হইবে। উপাদান এবং উপাদেয়ের ভেদ সত্তাবচ্ছেদক হয় না। যদি উহাদের ভেদ সত্তাবচ্ছেদক হইবে তবে "মৃদ্‌ঘট" এইরূপ প্রত্যয় হইবে না। অতএব উপাদান দ্বারা অবচ্ছিন্ন যে অধিষ্ঠানসত্তা উহাই উপাদেয় দ্বারাও অবচ্ছিন্ন হয় অতএব উপাদান এবং উপাদেয়ের ভেদ হইলেও ঐ উভয়ের একসত্তাকত্ব হইয়া থাকে। এইরূপে ভেদের সত্তাশূন্যত্ব হওয়ায় কার্য্য এবং উপাদানকারণের অনির্ব্বচনীয় ভেদ হয়। কার্য্যের অনির্ব্বচনীয়ত্ব হওয়ায় কারণসত্তা ব্যতিরেকে স্বতঃ সত্তাভাব হইলেও অনির্ব্বচনীয় ভেদদরুণ কার্য্যকারণভাব উপপন্ন হয়। অতএব কার্য্যের এবং উহার ভেদের সদ্‌বিলক্ষণত্ব (অনির্ব্বচনীয়ত্ব) হইলেই কারণ-তাদাত্ম্য সম্ভব হয়।

(৮) শক্তি খণ্ডনস্থলে উল্লিখিত সিদ্ধান্তের প্রয়োগ।

মায়াবাদ সিদ্ধান্ত :—

উল্লিখিত সিদ্ধান্ত প্রকৃতবিচার্য্যবিষয়ে কিরূপে প্রযুজ্য ইহা এক্ষণে প্রদর্শিত হইতেছে। সর্ব্বত্র সচ্চিৎস্বরূপের অন্বয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হওয়ায় মৃদ্-অনুগত ঘটের ন্যায় বিশ্বের উপাদানরূপে সচ্চিৎস্বরূপ সিদ্ধ হয়। সর্ব্ব পদার্থ চেতনে স্থিত হইয়া প্রতিভাত হয়। চেতনস্থিতি অর্থ চেতনের সত্তা-স্ফুর্ত্তি-গ্রাহিত্ব। সদ্রূপ অধিষ্ঠানের সদ্ভেদাভাবরূপ তাদাত্ম্যই সন্ ঘট এইরূপ সামানাধিকরণ্য অনুভবের বিষয় হয়। (১২) কার্য্য প্রপঞ্চে সৎচিৎস্বরূপের তাদাত্ম্য অনুভূত হওয়ায় সচ্চিৎস্বরূপ উহার উপাদান।

উপাদান-উপাদেয়ভাবের বিচার দ্বারা নিরূপিত হইয়াছে যে, উপাদান হইতে কার্য্য ভিন্ন বা অভিন্ন বা ভিন্নাভিন্ন হয় না কিন্তু উপাদানসত্তার ভেদক না হইয়া কার্য্যপদার্থ উহা হইতে ভেদযুক্ত হয়। ৫ "ভিন্নত্বে সতি অভিন্নসত্তাকত্বং।" এতাদৃশস্থলেই তাদাত্ম্য সম্ভব হয়। কারণসত্তার ভেদক না হওয়ায় ঐ ভেদ অনির্ব্বচনীয় হয়। অতএব কার্য্য এবং উহার ভেদ যদি সত্য হয় তাহা হইলে সেই ভেদ সত্তাবচ্ছেদক হওয়াতে কার্য্যের সত্তা কারণসত্তা হইতে ভিন্ন হইবে, সুতরাং কারণাভিন্নসত্তাকত্বরূপ তাদাত্ম্য অযুক্ত হইবে। অতএব ঐ উভয়ের (কার্য্য এবং তদ্‌ভেদের) অনির্ব্বচনীয়ত্ব আবশ্যক। ইহা দ্বারা এই সিদ্ধান্ত প্রাপ্ত হওয়া গেল যে,

(১২) ঘটস্য বস্তুতোঽধিষ্ঠানসত্তয়া সম্বন্ধাভাবেঽপি তৎপ্রতিযোগিকবাস্তবাৎ সত্তানবচ্ছেদকভেদবত্ত্বরূপতাদাত্ম্যসম্বন্ধাদধিষ্ঠানসত্তাবচ্ছেদকত্বেন-সদ্বুদ্ধিগোচরতা। (অদ্বৈতদীপিকাবিবরণ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সচ্চিন্মাত্রই যদি কার্য্যপ্রপঞ্চের উপাদান হইত তাহা হইলে উহার কার্য্য এবং কার্য্যের ভেদ ও সৎ হইত পরন্তু কার্য্য-কারণের কারণাভিন্নসত্তাকত্বরূপ যে অনুভবসিদ্ধ তাদাত্ম্য তাহার জন্য কার্য্যেতে এবং উহার ভেদেতে অনির্ব্বচনীয়ত্ব আবশ্যক। অনির্ব্বচনীয়তার উপপত্তি দিবার জন্য অনির্ব্ব-চনীয় কিছুও কার্য্যপ্রপঞ্চের উপাদান মানিতে হইবে। অনির্ব্বচনীয় উপাদান মানিলেই কার্য্য এবং তদ্‌ভেদেতে অনির্ব্বচনীয়ত্ব হইতে পারিবে। এই কিছুই অদ্বৈতবেদান্ত-শাস্ত্রে মায়া নামে প্রসিদ্ধ। এই মায়া সর্ব্বকার্য্যানুগত জাড্যরূপ। উহা অনুভবসিদ্ধ অজ্ঞান হইতে পৃথক পদার্থ নহে ইহা অন্যত্র বিস্তারিত প্রতিপাদিত হইবে। (১৩)

এস্থলে শক্তির খণ্ডনরূপে ইহা প্রতিপন্ন হইল যে, চেতন শক্তিযুক্ত হইয়া জগৎরূপে পরিণত নহে। ঐ অনির্ব্বচনীয়—কারণ কার্য্যদৃষ্টে শক্তিরূপে অভিহিত হইলেও

(১৩) উক্ত অনির্ব্বচনীয় পদার্থের স্বরূপ নির্দ্ধারণ করিতে হইলে অনুভবসিদ্ধ সর্ব্বাবস্থার বিশ্লেষণ দ্বারা এমন এক অনুগত জড়পদার্থ নির্দ্দিষ্ট হওয়া আবশ্যক যাহা কাহারও কার্য্য নহে অথচ বিচিত্রকার্য্যোৎপাদনে সমর্থ, যাহা দ্বারা চেতনরূপ অধিষ্ঠানে বিকার সম্পাদিত না হয়, যাহা দ্বারা চেতনরূপ অধিষ্ঠানের অখণ্ডত্ব অব্যাহত থাকা সত্ত্বেও তথায় খণ্ডপ্রতিভাস সম্ভব হয়। এই অনুসন্ধানের প্রকার অদ্বৈত সিদ্ধান্ত বিদ্যোতন গ্রন্থে প্রকটিত হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিম্বা উহা চেতনাশ্রিত অস্বতন্ত্র এই অর্থে উহাকে শক্তি বলিলেও চেতনের দিক হইতে বিচার করিলে উহাকে চিৎশক্তি বলা যায় না, যেহেতু উহা চেতনের স্বরূপভূত বা সমসত্তাক নহে। উহা অনির্ব্বচনীয় জড়। উহার কার্য্যবর্গও জড়। জড়প্রপঞ্চ চেতনের আত্মভূত বা অংশ-ভূত বা পরিণামরূপ বিশেষণভূত নহে। অজড়ের স্বরূপ বা গুণ বা ধর্ম্ম বা বিকাররূপ না হওয়ায় জড়পদার্থ তত্ত্বতঃ চেতনের অন্তর্ভূত নহে।

ফ—কার্য্যপ্রপঞ্চের দ্বিবিধ মূল—উপাদান :—

কার্য্য-প্রপঞ্চের দ্বিবিধ উপাদান হইয়া থাকে—জড় এবং চেতন। জড়—অজ্ঞান জড়প্রপঞ্চের পরিণামি উপাদান হয় এবং চেতন উহার সত্তাপ্রদ উপাদান হয়। যে বস্তু যাহা দ্বারা অনুবিদ্ধ হইয়া উৎপন্ন হয় সেই বস্তু তদুপাদানক হইয়া থাকে। কার্য্যবর্গ চেতনসত্তানুবিদ্ধ এবং জড়ানুবিদ্ধ উৎপন্ন হয়। অতএব উভয়ের উপাদানত্ব স্বীকার্য্য। অজ্ঞান এবং চেতন এই উভয়েরই উপাদানত্বলক্ষণ ("যদভিন্নং কার্য্যমুৎপদ্যতে তৎকারণমুপাদনং, অভেদশ্চ পৃথকসত্তা-শূন্যত্বং") থাকায় উপাদানত্ব আবশ্যক (১৪)। অধিষ্ঠান

(১৪) (ক) ব্রহ্মমাত্রকার্য্যত্বস্য প্রপঞ্চে অভ্যুপগম্যমানে জড়ত্বস্য আকস্মিকত্বাপত্তেঃ। সত্যানৃতাত্মকপ্রপঞ্চস্য সত্যানৃতোপাদানকত্ব-নিয়মাৎ। (তত্ত্বংপদার্থবিবেক—অমুদ্রিত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বারা অবচ্ছিন্ন হইয়া কার্য্যদ্বারাও অবচ্ছেদপ্রাপ্ত হয়, এইরূপে অজ্ঞান এবং তৎকার্য্যের তাদাত্ম্য (একসত্তাকত্ব) সিদ্ধ হয়। জড়অজ্ঞানের আশ্রয়রূপে চেতনের উপাদানত্ব হয়। এস্থলে উপাদানত্ব অর্থ পরমাণুর ন্যায় আরম্ভকত্ব কিম্বা প্রকৃতিরন্যায় পরিণামিত্ব নহে কিন্তু বিবর্ত্তত্ব অর্থাৎ স্বস্বরূপ অপরিত্যাগে অনির্ব্বচনীয় রূপান্তরপ্রাপ্তি। অতএব চেতন অবিকৃত উপাদানকারণ। "স্বাভিন্নন্যূনসত্তার্থো বিবর্ত্তঃ।"

অবিকৃত হইয়া চেতন পরিণামিরূপে উপাদান নহে। নিরবয়বের যদি পবিণাম হয় তবে সম্পুর্ণেরই হইবে। সর্ব্বথা পরিণাম হওয়ায় চেতনস্বরূপের অভাব প্রসঙ্গ হইবে সুতরাং জগতের অপ্রসিদ্ধি হইত। নিরবয়বে একদেশের অভাব হওয়ায় একদৈশিক পরিণাম সম্ভব নহে "আবিদ্যকস্তু দেশো বিবর্ত্ততয়ৈব সম্ভবতি।" পরিণাম বলিলে জিজ্ঞাস্য-স্বস্বরূপেস্থিত হইয়াই চেতনের জগদাকারে পরিণাম হয় অথবা উহার বিনাশে ? আদ্যপক্ষে নামান্তরে বিবর্ত্তবাদই আশ্রিত হইতেছে। লোকমধ্যে রজ্জ্বাদি-স্বরূপে থাকিয়া সর্পাদিরূপান্তরাপত্তির বিবর্ত্তত্ব দৃষ্ট হয়। দধ্যাদি আকারে পরিণামি দুগ্ধাদিতে ক্ষীরস্বরূপ অদৃষ্ট হয়।

(খ) কার্য্যস্য জড়ত্বাৎ কারণে জড়াংশো অনুমেয়ঃ। (আরণ্যক-বৃত্তিসম্বন্ধোক্তি=বৃহদারণ্যকভাষ্যবার্ত্তিকটীকা—অমুদ্রিত)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয়পক্ষে জগদুপাদান চেতনের অসত্ত্ব হওয়ায় জগতের-স্থিতি অনুপপন্ন। অতএব চেতন পরিণামিরূপে উপাদান নহে। সাবয়ব পদার্থের অবয়বের উপচয় অপচয় দ্বারা সংস্থানান্তর উৎপন্ন হইতে পারে। কার্য্যকারণসংঘাতের যাহা অধ্যক্ষ সেই সাক্ষিচেতন নিরবয়ব হওয়ায় উহার স্বভাবের বিচ্যুতি হওয়া সম্ভব নহে অতএব উহার পরিনামের সম্ভাবনা করা যাইতে পারে না। চেতনের পরিণামরূপ-অন্যথাভাব সম্ভব না হওয়ায় অথচ চেতনসত্তাতে জড়ের সত্তা এবং ভান হওয়ায় চেতনেরদিক হইতে জড়ের বিচার করিলে উহাকে চেতনের অন্যথাভাব বলিতে হইবে। ঐ অন্যথাভাব তাত্ত্বিক হইতে পারে না, উহা অতাত্ত্বিক হইবে। অজ্ঞান ব্যতিরেকে অতাত্ত্বিক অন্যথাভাবরূপ বিবর্ত্ত সম্ভব নহে। পরিণমমান অজ্ঞান ব্যতিরেকে চেতনের বিভ্রমাধিষ্ঠানত্ব সিদ্ধ হয় না। চেতনরূপ অধিষ্ঠান নিরবয়ব, জগৎ সাবয়ব দৃষ্ট হয়। নিরবয়বত্বের অবিরোধি সাবয়বত্ব হইয়া থাকে। এই সাবয়বত্ব অজ্ঞানকৃত হইবে। অজ্ঞানকল্পিত হওয়াতেই সাবয়বত্ব নিরবয়বত্বের ব্যাঘাত করে না। অজ্ঞান অনির্ব্বচনীয় হওয়ায় উহার সম্বন্ধ ও অনির্ব্বাচ্য, অতএব বস্তুর নিরবয়বত্ব নিরোধ-প্রাপ্ত হয় না। অনির্ব্বচনীয় হওয়াতেই উহা সাবয়ব বা নিরবয়ব, উহার কৃৎস্ন বা আংশিক পরিণাম ইত্যাদি বিকল্পদোষে অজ্ঞান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দূষিত হয় না। (১৫) পরিণামিরই সর্ব্বত্র বিকারিত্ব হয়, অধিষ্ঠানের নহে। অতএব অধিষ্ঠানরূপে সৎচিৎস্বরূপ উপাদান, পরিণামিরূপে অজ্ঞান উপাদান। অজ্ঞানের পরিণাম হইয়াও জগৎ সত্য হয় এরূপ বলা উচিত নহে। পরিণামি উপাদানকারণের সমসত্তাক সত্যত্ব পরিণামের হইয়া থাকে। চেতনের সমসত্তাকত্বের অভাব হওয়ায় জড়ের পরিণামিকারণ চেতন নহে। স্বসমানসত্তাক বিকারের হেতু না হওয়ায় চেতনের নির্ব্বিকারত্ব উপপন্ন হয়। (১৬)

---

(১৫) তদেবং ভেদাভেদাদিপক্ষেষু কার্য্যকারণভাবস্য দুর্নিরূপত্বাৎ, স্বরূপতোপি বিচারাগোচরত্বাৎ, অনাদ্যবিদ্যাতদ্বিলসিতঃ সকলোপ্যয়ং প্রপঞ্চঃ। (তত্ত্বপ্রদীপিকা—চিৎসুখী)

(১৬) পরিণামোঽপি বস্তুনঃ সর্বাত্মনা একদেশেন বা, আদ্যো অনবশেষেণ পূর্ব্বরূপে নিবৃত্তে ন তস্য পরিণামঃ; দ্বিতীয়ে স এক-দেশস্তস্মাদ্ভিন্নশ্চেৎ ন বস্তুনঃ পরিণামঃ, ন হ্যন্যস্মিন পরিণমমানে অন্য পরিণমতে, অভেদে সর্ব্বাত্মনা পরিণামাপচঃ, ভিন্নাভিন্ন একদেশো বস্তুত ইতি চেৎ, ন, ভেদস্যাভেদবিরোধিত্বাৎ, অবিরোধে একদেশ-স্যৈকদেশিমাত্রত্বং স্যাৎ, ভেদস্যাভেদে সত্যপি অবিরোধাৎ তস্যৈব সর্ব্বাত্মনা পরিণামাপত্তেঃ।...তস্মাৎ মায়াময়ী সপ্রপঞ্চতা, নিষ্প্রপঞ্চতা তু তাত্ত্বিকীতি সিদ্ধং। (শাস্ত্রদর্পণ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব। সিদ্ধান্তরীতিপ্রদর্শন :—

উল্লিখিত বিচারদ্বারা সিদ্ধ হইল যে, অদ্বৈতসিদ্ধান্ত প্রতিপাদনোদ্দেশ্যে গ্রন্থমধ্যে যেরূপ রীতি অবলম্বন করা হইয়াছে উহা সর্ব্বথা সমীচীন। জ্ঞান এবং জ্ঞেয় এই দ্বিবিধ পদার্থমধ্যে জ্ঞান স্বপ্রকাশ সংস্বরূপ আর জ্ঞেয়-পদার্থ সংস্বরূপ জ্ঞানের সহিত তাদাত্ম্যপ্রাপ্ত উহার অধীন (সত্তাস্ফুর্ত্তির জন্য জ্ঞানস্বরূপের সাপেক্ষ) এইরূপ প্রতিপাদন করার পর জ্ঞেয়প্রপঞ্চের মিথ্যাত্ব (অনির্ব্বচনীয়ত্ব) প্রদর্শিত করা হইয়াছে। জ্ঞেয়ের মিথ্যাত্ব প্রতিপন্ন হওয়াতে, উহা যাহার সত্তাতে সত্তাবান তথা যাহার ভানে ভাসিত সেই স্বপ্রকাশ অধিষ্ঠানের সত্যত্ব আর অধিষ্ঠান্ ব্যতিরিক্ত সত্য পদার্থের পরিশেষ না থাকাতে, উহার ত্রিবিধপরিচ্ছেদ-রাহিত্যরূপ অদ্বৈতত্ব সিদ্ধান্তিত হয়।

জড় এবং চেতন এই উভয়ের যদি শক্তি-শক্তিমদ্-ভাব, গুণগুণি-আদি-ভাব, অথবা অধ্যস্ত-অধিষ্ঠানভাব না হয় তাহা হইলে উহারা পরস্পরভিন্ন নিরপেক্ষ পদার্থ হওয়ায় দ্বৈতবাদ সিদ্ধ হইবে। অদ্বৈতবাদ সিদ্ধ হইতে হইলে একেতে অপরের অন্তর্ভাব প্রদর্শিত হওয়া আবশ্যক। এতন্মধ্যে চেতন যদি জড়ের অন্তর্ভূত উহার পরিণামভূত হয় তথা ঐ জড় যদি এক হয় তাহা হইলে জড়াদ্বৈতবাদ সিদ্ধ হইবে। চেতনাদ্বৈতবাদ প্রতিষ্ঠিত হইতে হইলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চেতনে (স্বপ্রকাশ জ্ঞানস্বরূপেতে) জড়ের অন্তর্ভাব প্রদর্শন করিতে হইবে। এই অন্তর্ভাব ত্রিবিধরূপে হইতে পারে :—জড়পদার্থ চেতনের শক্তিরূপ অথবা শক্তিব্যতিরেকে গুণাদির ন্যায় চেতনের আশ্রিতরূপ কিম্বা রজ্জুতে সর্পাদির ন্যায় চেতনে অধ্যস্তরূপ। এতন্মধ্যে প্রথম এবং দ্বিতীয় প্রকারানুসারে বিশিষ্টাদ্বৈতবাদ (বাস্তব বিশেষণ সহিত) সিদ্ধ হইবে, তৃতীয়রীতিঅনুসারে কেবলাদ্বৈতবাদ (অবাস্তব বিশেষণ যুক্ত) প্রতিপন্ন হইবে। এই প্রবন্ধে তৃতীয়রীতি যথাকথঞ্চিৎ প্রদর্শন করিবার প্রয়াস করা হইয়াছে। চেতনের অনাত্মসম্ভেদাবভাস অখ্যাতি নহে কিম্বা অন্যথা-খ্যাতিও নহে অথবা আত্মখ্যাতিও নহে ; অতএব চৈতন্যেরই স্বাবিদ্যাবিবর্ত্তমান মিথ্যাবস্তুসম্ভেদাবভাসলক্ষণ অনির্ব্বচনীয়-খ্যাতি অস্বীকৃত হইলে চেতন এবং অচেতনের অত্যন্ত-বিবিক্তাবভাসই হইবে, সম্ভেদাবভাস হইতে পারিবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপসংহার।

মূলতত্ত্বানুসন্ধানে প্রবৃত্ত হইয়া ভারতীয় দার্শনিকগণ বিবিধ বিচিত্র সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। এইরূপ সিদ্ধান্তভেদ হওয়ার হেতু কি? যদি তত্ত্ব কিছু থাকে তাহা হইলে উহার অস্তিত্ব বুদ্ধির সাপেক্ষ হইবে না ইহা নির্ব্বিবাদ, তথাপি "যদি কিছু থাকে" এরূপ অনিশ্চিতি-অবস্থায় বিচারবানের মন সন্তোষপ্রাপ্ত হইতে পারে না, তাঁহার মন তত্ত্বস্বরূপের নিশ্চয় করিতে প্রয়াসী হইয়া থাকে। এই নিশ্চয় বুদ্ধিবৃত্তির অধীন, আর বুদ্ধি স্বভাবতঃ পরিণামশীল, একরস নিত্য নহে। অতএব সংস্কারভেদ এবং শিক্ষাভেদে বুদ্ধিভিন্নতা হওয়ায় তন্মূলক বিচারভেদ অবশ্যম্ভাবী। যদ্যপি তর্কের প্রসার সাধারণ কার্য্যকারণ-ভাবের নিয়মকে অবলম্বন করতঃ হইয়া থাকে আর এই হেতু পরস্পরে বিচার সম্ভব হয় তথাপি উক্ত নিয়মের প্রয়োগ ভিন্ন ভিন্ন হওয়াতে সিদ্ধান্তের ভেদ হইয়া যায়। তত্ত্বের নির্ণয় বুদ্ধ্যধীন হওয়ায় আর যথার্থনিশ্চয়ের জন্য মানবের নিকট বুদ্ধি ব্যতিরিক্ত অপর কোন সাধন না থাকায় তথা যথায় বুদ্ধিবৃত্তি প্রশান্ত তথায় নির্দ্ধারণের সামর্থ্য না থাকায় তথা ঐ অবস্থা হইতে বুত্থিতেরস্ব স্ব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংস্কারভেদে শিক্ষাভেদে উক্ত অবস্থার উপপত্তি বিভিন্নরূপে কল্পিত হওয়ায় বুদ্ধিভিন্নতা দরুণ (বা দৃষ্টিভেদে বা রুচি-ভেদে) সিদ্ধান্তভেদ হওয়া স্বাভাবিক।

এক্ষণে তত্ত্ববিষয়ক ভারতীয় বিভিন্ন সিদ্ধান্ত বর্ণিত হইতেছে। (১) জগৎ নিত্য, " ন কদাচিৎ অনীদৃশং জগৎ " (সৃষ্টিপ্রলয়বিহীন), ইহা কোন কোন মীমাংসকের অভিমত। (২) কারণ বিনাই কার্য্য হয় ইহা স্বভাববাদী চার্ব্বাকের মত। (৩) শূন্যই পূর্ব্ব পূর্ব্ব অলীক বাসনা-বশে বিচিত্র প্রপঞ্চাকারে প্রথিত হইতেছে ইহা শূন্যবাদী বৌদ্ধগণের অভিমত। শূন্যবাদিমতে অভাবই কারণ, স্বভাববাদে অভাব বা ভাব কারণ নহে। (৪) বসন্তাদি-কালেই নিয়ম পূর্ব্বক কার্য্যবিশেষ দৃষ্ট হওয়ায় কালই কারণ ইহা জ্যোতির্ব্বিদগণের মত। (৫) ক্ষণিকবিজ্ঞানেতে জগৎ কল্পিত ইহা বিজ্ঞানমাত্রতত্ত্ববাদী বৌদ্ধের (যোগাচার সম্প্রদায়ের) অভিপ্রায়।

(৬) পরমাণুবাদ :—এই বাদে তিন ভেদ আছে (ক) পৌদ্গলিক কার্য্য (জৈন সম্মত)। (খ) সংঘাতবাদ (সৌত্রা-ন্তিকবৌদ্ধসম্মত-পরমাণুপুঞ্জ হইতে ভিন্ন অবয়বি নাই)। (গ) পরমাণু-আরম্ভবাদ (ন্যায়বৈশেষিকসম্মত—অবয়ব অবয়বির ভিন্নতাবাদ)। সূক্ষ্ম তন্তু আদি হইতে স্থূল পটাদির উৎপত্তি দৃষ্ট হওয়ায় সূক্ষ্ম স্থূলের কারণ। এইরূপে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তন্তু আদিরও তদবয়ব সূক্ষ্ম কারণ, এইরূপে যাহা হইতে অন্য সূক্ষ্ম সম্ভব নহে সেই নিরবয়ব পরমাণু সকলই জগৎ-মূলকারণ।

(৭) পরিণামবাদঃ—এই বাদে তিন ভেদ আছে (১) প্রকৃতিপরিণাম (২) শব্দপরিণাম (৩) চেতনপরিণাম। (১) ত্রিগুণাত্মক জগৎরূপ কার্য্যের সদৃশ ত্রিগুণাত্মক (প্রকাশশীল সত্ত্ব, ক্রিয়াশীল রজঃ, স্থিতিশীল তম,) প্রকৃতিই কারণ ইহা সাংখ্যাদির অভিমত। (২) পূর্ব্বাপরাদিবিভাগরহিত অনুৎপন্ন অবিনাশী যে শব্দময় ব্রহ্ম উহারই এই রূপাদিভাবপদার্থসকল পরিণাম ইহা বৈয়াকরণগণের মত। ৩) এই জগৎ অদ্বৈত চৈতন-ব্রহ্মের পরিণাম ইহা বৈষ্ণবাদির অভিমত। এই বাদের অবান্তর ভেদ যথা—বিশিষ্টাদ্বৈতবাদ (রামানুজীয় এবং শৈব) শক্তিবিশিষ্টাদ্বৈতবাদ (শাক্তসম্প্রদায়), দ্বৈতাদ্বৈত-বাদ (নিম্বার্ক) অচিন্ত্যভেদাভেদবাদ (গৌড়ীয়বৈষ্ণব) শুদ্ধাদ্বৈতবাদ (বল্লভীয়)। (৮) বিবর্ত্তবাদ (কেবলাদ্বৈত-বাদ)—একই অদ্বিতীয় অসংসৃষ্ট সকলোপাধিপরিশুদ্ধ ব্রহ্ম অনাদি অবিদ্যাবশে সদ্বিতীয়ের ন্যায় অবভাসমান হয়; উহা পরমার্থতঃ নির্ধর্ম্মক, সধর্ম্মক প্রতিভাস—জগত্ব জীবত্ব ঈশ্বরত্ব-মিথ্যা (প্রথম ক্রোড়পত্র দ্রষ্টব্য), ইহা অদ্বৈতবৈদান্তিক সিদ্ধান্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উক্ত সিদ্ধান্ত বৈদান্তিকদার্শনিক পদ্ধতি অনুসারে এই প্রবন্ধে যৎকিঞ্চিৎ প্রদর্শিত করা হইয়াছে। বিচারদ্বারা নিষ্পন্ন হইয়াছে যে, চিন্মাত্রস্বরূপ সাক্ষীর সহিত তাদাত্ম্য-প্রাপ্ত হইয়া অশেষ সাক্ষ্যের প্রতীতি হয়। এইরূপ সিদ্ধ হওয়ায় প্রকৃতি পরমাণু আদি জড়কারণবাদ নিরস্ত হইয়াছে। "ন চ স্বভাবতঃ, বিশিষ্ট দেশকালনিমিত্তো-পাদানাদিতি। স্বভাবোনামাত্মানপেক্ষ তেনাপেক্ষৈবানুপপন্না কুতো নিয়মসম্ভবঃ"। জ্ঞানের নিত্যত্ব সিদ্ধ হওয়ায় ক্ষণিকবিজ্ঞানবাদ এবং শূন্যবাদ খণ্ডিত হইয়াছে। অভাব এবং শব্দের অনুগম জগতে গৃহীত না হওয়ায় উহারা জগতের মূলোপাদান নহে। অধিষ্ঠান সদ্রূপ অদ্বিতীয় আত্মচৈতন্যই সদ্‌বুদ্ধিগোচর হয়, উহাই বাস্তব স্বরূপ, তদ্‌ব্যতিরেকে দৃশ্যের স্বত: সত্তাভাব হওয়ায় উহাই সর্ব্বা-ভেদ সুতরাং বৈষ্ণবসম্মত ভেদাভেদবাদও তিরস্কৃত হইয়াছে। এই সর্ব্বানুস্যূত এক সচ্চিৎস্বরূপ যখন জ্ঞেয়ের দিক হইতে বিচারিত হয় তখন উহা মূলতত্ত্বরূপে অভিহিত হয়। অতএব জ্ঞানস্বরূপ সত্যস্বরূপ অনন্তস্বরূপই পরি-দৃশ্যমান বিশ্বপ্রপঞ্চের মূলতত্ত্ব। ইতি॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্রোড় পত্র (প্রথম)।

জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি এই অবস্থাত্রয় সর্ব্বানুভবসিদ্ধ। ভিন্ন ভিন্ন অবস্থার অনুভব তখনই সম্ভব যদি এ সকলে ব্যাপ্ত এক সাক্ষিরূপ প্রকাশ থাকে। চৈতন্যের অনুগতি অভাবে অবস্থাসিদ্ধিই হইবে না। ঐ অবস্থাসকলের ভাবাভাবসাধক ব্যতিরেকে অবস্থাবত্তাই প্রসিদ্ধ হইবে না। স্বরূপের অভাব এবং স্ববিকারাভাব স্বদ্বারা দৃষ্ট হওয়া শক্য নহে। স্বয়ং নষ্ট হইয়া কিরূপে নাশকে অবগত হইবে? অথচ ভাব অবং অভাব একদ্বারা বেদ্য হয় ইহা নিয়ম। অতএব উহাদের ভাবাভাবের সিদ্ধি তদ্-ব্যতিরিক্ত সাক্ষীদ্বারা হইয়া থাকে মানিতে হইবে। ঐ সিদ্ধিপ্রদ সাক্ষী ব্যতিরিক্ত অপর স্বীকার করিলে উহারও সাধকান্তর এইরূপে অনবস্থা হইবে। অনবস্থা বস্তুসত্তার বিঘ্নকারক হয়। ঐরূপ সাধকান্তর অনুভূতও নহে। ঐ সিদ্ধিপ্রদের অভাব সিদ্ধ হইতে পারে না। সর্ব্ব ভাবা-ভাববিভাগ বোদ্ধৃঅধীন সিদ্ধ হওয়ায় সাধক বোদ্ধার অভাব অন্যতঃ সিদ্ধ হইতে পারে না। স্বদ্বারাও উহা সিদ্ধ হইতে পারে না, যেহেতু স্বঅভাবের সাধকরূপে নিজের অবস্থিতি আবশ্যক। ব্যভিচারি অবস্থার ভাবাভাবসাধক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অব্যভিচারি হইবে। সর্ব্বের ব্যভিচারিত্ব হইলে ব্যভিচারও সিদ্ধ হইবে না। একের অব্যভিচারিত্ব হইলে সর্ব্বব্যভিচারিতা হইবে না। ঐ অব্যভিচারির স্বতঃসিদ্ধি আবশ্যক। বিকারের উৎপত্তি স্থিতি এবং নাশে যাহা অবগত হইয়াই বর্ত্তমান থাকে সেই অবিনশ্বর সাক্ষিপ্রকাশের সিদ্ধিতে অপরের অপেক্ষা না থাকায় উহা স্বতঃসিদ্ধ। সদা অসন্দিগ্ধ অবিপর্য্যস্ত সাক্ষীর নিত্যসাক্ষাৎকারতা তখনই সম্ভব যদি উহা অনাগন্তুক প্রকাশ হইবে। এই স্বপ্রকাশ জ্ঞানই জ্ঞেয়দৃষ্টিতে প্রকাশক বা প্রকাশ্যের গ্রাহকরূপে প্রতিভাত। উহা সদাই গ্রাহকরূপে প্রতিভাত, কখনও গ্রাহ্য হয় না। ঐ প্রত্যগাত্মাই সর্ব্বাগমাপায়ের অবধিরূপে সর্ব্বদ্রষ্টা সর্ব্বসাক্ষী হওয়ায় সর্ব্ব প্রকার প্রপঞ্চবিলক্ষণ। এইরূপে জীবানুভূত অবস্থার বিচারদ্বারা জীবত্বরহিত অবস্থারহিত সাক্ষিপ্রকাশ সিদ্ধ হয়। এই প্রকাশ ভেদরহিত। ভেদ বেদ্য হওয়ায় সাক্ষীর ধর্ম্ম নহে। সাক্ষ্যধর্ম্ম সাক্ষিগত হইতে পারে না অন্যথা উহার সাক্ষ্যত্বই লোপ হইয়া যাইবে, পক্ষান্তরে প্রকাশের ও বেদ্যত্ব প্রসঙ্গ হইবে। অতএব ঐ প্রকাশ অখণ্ড। উহা নির্ব্বিকার। বিক্রিয়াসমূহ অনুভাব্য হইলে উহা রূপাদির ন্যায় অনুভূতির (সাক্ষিপ্রকাশের) ধর্ম্ম হইবে না। অনুভূয়মান না হইয়াও বিকার সমূহ স্বয়ংভাত হয় এরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলা উচিত নহে। এরূপ হইলে উহা স্বয়ংপ্রকাশচেতন হইতে ভিন্ন হইবে না, উহার বিকারত্বই অসিদ্ধ হইবে। অননুভূয়মান কিরূপে স্বয়ংপ্রভ হইবে? "অন্তর্ভাবে তু বাহ্যানাং চিৎস্বভাবো নিরঞ্জনঃ। বহির্ভাবে তু বাহ্যত্বাৎ চিৎস্বভাবো নিরঞ্জনঃ।" অতএব ঐ অখণ্ডপ্রকাশ বিকাররহিত। যাহা অবিকারি উহা অশেষবিশেষ-বিহীন (নির্ব্বিশেষ) হয়। যাহা কোনও বিশেষের সহিত কদাচিৎ যুক্ত হয় উহা বিকৃত হইয়া থাকে। যাহা এক অবিক্রিয় প্রকাশস্বভাব উহার তদ্‌বিপরীত আকাররূপে অবভাস স্বাভাবিক নহে।

জগত্ত্ব—ঐ প্রকাশই জ্ঞেয়প্রপঞ্চের সহিত সম্বন্ধযুক্ত হইয়া জগৎরূপে অভিহিত হয়। সম্বন্ধ দ্বিবিধ-সাক্ষাৎ (মূল) এবং পরম্পরা। সাক্ষাৎ সম্বন্ধ দ্বিবিধ-সংযোগ এবং তাদাত্ম্য। বিষয়বিষয়িভাব এবং বিশেষ্যবিশেষণআদি সম্বন্ধ উক্ত দ্বিবিধ সম্বন্ধমূলক হয় অন্যথা অতিপ্রসঙ্গ দোষ হইবে। জড়চেতনের সম্বন্ধ সংযোগরূপ নহে যেহেতু সাক্ষিপ্রকাশ নিরবয়ব। ঐ নিষ্প্রদেশ চেতনে "স্বাভাব-সমানদেশ" সংযোগ (যেখানে সংযোগ থাকে সেই আশ্রয়েই অবচ্ছেদকভেদে সংযোগাভাব থাকে) হইতে পারে না। জ্ঞেয়প্রপঞ্চ ঐ প্রকাশ হইতে অপ্রাপ্ত বা স্বতন্ত্র নহে। স্বতন্ত্র এবং অপ্রাপ্ত দ্রব্যদ্বয়ের সম্বন্ধ হইলে উহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংযোগ পদবাচ্য হয়। জ্ঞানস্বরূপ হইতে জ্ঞেয়পদার্থ স্বতন্ত্র এবং অপ্রাপ্ত না হওয়ায় উভয়ের সম্বন্ধ সংযোগ নহে। অবশেষ জ্ঞানজ্ঞেয়ের তাদাত্ম্য মানিতে হইবে। তাদাত্ম্য হওয়ার দরুণই জ্ঞেয়পদার্থ জ্ঞানের সাপেক্ষ, জ্ঞান ব্যতিরেক জ্ঞেয়ের উপলব্ধি হয় না। চৈতন্যের বিষয়তাদাত্ম্য বিনা অপরোক্ষরূপে উহার অবভাস অযুক্ত। জড়প্রপঞ্চ বেদ্য হওয়ায় অপরের বিশেষণরূপে উহার সিদ্ধি হইয়া থাকে, স্বতন্ত্ররূপে নহে। ঐ অপর, জ্ঞানস্বরূপ। অথচ জ্ঞানস্বরূপের অজড়ত্ব এবং জ্ঞেয়প্রপঞ্চের জড়ত্বদরুণ বিলক্ষণ হওয়ায় এই উভয়ের তাদাত্ম্য সম্ভব নহে। আরও চেতন পরিণাম-রহিত হওয়াতে জড়ের সহিত উহার যথার্থ তাদাত্ম্য সম্ভব নহে। অবশেষ জড়চেতনের আধ্যাসিক তাদাত্ম্য মানিতে হইবে। এরূপ সম্বন্ধ ভ্রান্তিস্থলে প্রসিদ্ধ। সম্বন্ধ ব্যতিরেকে প্রকাশ্য-প্রকাশকভাব অযুক্ত হওয়ায় তথা যথার্থ সম্বন্ধ উপপন্ন না হওয়ায় আধ্যাসিক সম্বন্ধ মানিতে হইবে। আধ্যাসিক তাদাত্ম্যরূপ সম্বন্ধের স্বীকার বিনা জড়চেতনের সামানাধিকরণ্যে অভেদ প্রতীতির উপপত্তি দেওয়া যাইতে পারে না, জড় এবং চেতনের বাস্তবাভেদ অসিদ্ধ। আধ্যাসিক তাদাত্ম্যস্থলে অধ্যস্ত মিথ্যা হয়, অধিষ্ঠান স্বরূপতঃ সত্য হয় কিন্তু সম্বন্ধিরূপে মিথ্যা হয়। অতএব জড়রহিত স্বপ্রকাশ অখণ্ডতত্ত্বের জ্ঞেয়সহিত জগৎভাব সত্য নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবতত্ত্ব—জাগ্রৎস্বপ্ন এবং সুষুপ্তির বিচারদ্বারা দ্বিবিধ পদার্থ সিদ্ধ হয়, বিষয় এবং বিষয়ী। বিষয়ের ত্রিবিধ ভেদ অনুভূত হয়। জাগ্রতাবস্থায় স্থূলশরীর, সূক্ষ্মশরীর (অনিত্য-জ্ঞান এবং সংকল্পাদির আশ্রয়। আশ্রয় ব্যতীত সংস্কার এবং স্মৃতি আদির উপপত্তি হয় না) এবং অজ্ঞান অনুভূত হয়। স্বপ্নাবস্থায় স্থূলশরীর অনুভবগম্য না হইলেও সংকল্পাদির এবং অজ্ঞানের প্রতীতি থাকে। (স্বাপ্নিক সৃষ্টি কাদাচিৎক হওয়ায় কার্য্য, কার্য্য হওয়ায় ঐ জড়ের কারণ অনুগত জড় হইবে। উহাই অজ্ঞান।) সুষুপ্তিতে স্থূলসূক্ষ্মের প্রতীতি নাই অথচ অজ্ঞান অনুভূত হয়। এরূপ অনুভব ব্যতিরেকে বুত্থিতপুরুষের 'ন কিঞ্চিৎ অবেদিষং' এইরূপ স্মৃতি হইত না। উহা জ্ঞানাভাবের অনুমান নহে ইহা অন্যত্র প্রতিপাদিত হইবে। এইরূপে বিষয়ের উক্ত ত্রিবিধ ভেদ অনুভূত হয়। সমাধি অভ্যাসের অনুভবও উক্ত সিদ্ধান্তের প্রতিকূল নহে। একাগ্রতাভ্যাসকালে প্রথমতঃ স্থূলবিষয়ক বিক্ষেপ পশ্চাৎ ঐ বিক্ষেপের শিথিলতা এবং সূক্ষ্মসংকল্পাদির আবৃত্তি তদনন্তর উহার অভিভব পশ্চাৎ শূন্যভাবপ্রাপ্তি তারপর এই আবরণভাবের তিরস্কার হয়। জীবের এমন কোন অবস্থা হয় না যথায় চতুর্থ উপাধির প্রতীতি হয়। অতএব সিদ্ধ হয় যে, অখণ্ডস্বপ্রকাশ সাক্ষিপ্রকাশের সহিত ত্রিবিধ জ্ঞেয়ের (স্থূল সূক্ষ্ম এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অজ্ঞান) সম্বন্ধজনিত জীবভাব অনুভূত হয়। জ্ঞানজ্ঞেয়ের সম্বন্ধ আধ্যাসিক হওয়ায় চেতনের জীবভাব মিথ্যা।

ঈশ্বরতত্ত্ব—অখিল প্রপঞ্চ একই চেতনস্বরূপের সহিত তাদাত্ম্যপ্রাপ্ত হইয়া প্রতিভাত হওয়ায় কার্য্যজগতের নিমিত্ত-কারণরূপ ঈশ্বর সিদ্ধ হয় না। (কার্য্য হইতে সর্ব্বথা ভিন্ন নিমিত্তকারণ হইয়া থাকে)। বিরুদ্ধস্বভাব জড় (জ্ঞেয়-প্রপঞ্চ) এবং চেতনের বাস্তব তাদাত্ম্য সম্ভব না হওয়ায় জগতের তাত্ত্বিক উপাদানরূপে ঈশ্বর সিদ্ধ হয় না। চেতনের শক্তিযুক্ততা এবং পরিণাম নিষিদ্ধ হওয়ায় জগতের বাস্তব অভিন্ননিমিত্তউপাদানরূপ চেতন (ঈশ্বর) সিদ্ধ হয় না। অবশেষ ঈশ্বরভাবের অপারমার্থিকত্ব প্রতিপন্ন হয়। এরূপ পদার্থ পরমার্থতঃ পরমার্থতত্ত্বের স্বরূপভূত হয় না কিন্তু পরমার্থচেতনাধিষ্ঠিত অজ্ঞানমূলক হইয়া থাকে। নিরংশ নিষ্ক্রিয়তত্ত্বে কিছু প্রতীতি হইতে হইলে ঔপাধিক এবং আধ্যা-সিক হওয়া উচিত। এরূপ হইতে হইলে অজ্ঞান (আবরণ-বিক্ষেপাত্মক) আবশ্যক। এইরূপে ঈশ্বরভাব মানিয়া লইলে উহার অস্তিত্ব অজ্ঞানস্থিতিঅধীন সিদ্ধ হয়, এইহেতু ঈশ্বরত্বের মিথ্যাত্ব হয়। " মানা " বলার তাৎপর্য্য এই যে, অদ্বৈত-বৈদান্তিক বিচারানুসারে সাক্ষিরূপ নিত্য স্বপ্রকাশজ্ঞান সিদ্ধ হইলেও উহার ঈশ্বরত্ব নিশ্চয় করা কঠিন। অজ্ঞান, নিষ্ক্রিয় সাক্ষিপ্রকাশের বিষয় তথা মনোবৃত্তির অবিষয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হওয়ায় উহার (অজ্ঞানের) সংখ্যা সদাই অনির্দ্ধারিত থাকে। অতএব অজ্ঞানের একত্বান্তর্গত বহুত্ব নির্ণয় করিবার উপায় না থাকায় তন্মূলক জীবেশ্বরভাবের স্বরূপ নিশ্চয়ীকৃত হয় না (এই হেতুই জীবেশ্বরবিষয়ক বহুবিধ কল্পনা বেদান্তশাস্ত্রে উপলব্ধ হয়, এবিষয়ক মতভেদ সিদ্ধান্তলেশগ্রন্থে প্রাপ্ত হওয়া যায়)।

অখণ্ডচেতন যখন জীবদৃষ্টিতে (ব্যষ্টিঅভিমানীর দৃষ্টিতে) সমষ্টিরূপ (সোপাধিক) কল্পিত হয় তখন উহা ঈশ্বররূপে বিবেচিত হয়। "কল্পিত" বলার তাৎপর্য্য এই যে, জীবাভিমান যেমন অনুভবসিদ্ধ তদ্রূপ ঈশ্বর অনুভবসিদ্ধ নহে। অর্থাৎ সমষ্টি অভিমানী কেহ আছেন ইহা জীবের অনুভবের বিষয় নহে। চেতনের অখণ্ডত্ব বা ব্যাপকত্ব বিচারসিদ্ধ হইলেও সমষ্টি অভিমানীর অস্তিত্ব নির্ণয় করিবার উপায় নাই। যাহা হউক, অখণ্ড নির্ব্বিশেষ চেতনের ঈশ্বরভাব জ্ঞেয়সম্বন্ধমূলক হইবে। সম্বন্ধ আধ্যাসিক হওয়ায় উহার সম্বন্ধীও সম্বন্ধিস্বরূপে সত্য নহে। অতএব ঈশ্বরত্ব সত্য নহে।

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্রোড়পত্র (দ্বিতীয়।)

এরূপ জিজ্ঞাসা উৎপন্ন হয় যে, দর্শনশাস্ত্রের অধ্যয়নে ফল কি? অতএব ফল সম্বন্ধে বলা হইতেছে। এই বিদ্যার অনুশীলন দ্বারা তত্ত্ববিষয়ক নানাবিধ মতবাদের পরিচয় প্রাপ্ত হওয়া যায়, বুদ্ধি তীক্ষ্ণ হয়, বিচার করিবার কুশলতা জন্মে। দার্শনিক বিচারদ্বারা গোড়ামী (dogmatism) ধর্ম্মধ্বজিতা ধর্ম্মান্ধতা তিরস্কৃত হয়, অন্ততঃ এই সকল বুদ্ধিদোষকে তিরস্কার করিবার যোগ্যতা উক্ত বিচারের যথেষ্ট আছে। বিচারপ্রসূত প্রজ্ঞা দ্বারা শ্রদ্ধান্ধতা এবং অবিচার মূলক ভীতির লাঘব হয়, লৌকিক এবং ধার্ম্মিক নানাবিধ অন্ধসংস্কার-আলিঙ্গনমূলক বিবিধ বিচিত্র অভাববোধ (feeling of want) হইতে অব্যাহতি লাভ করা যায়। বিচারদ্বারা তত্ত্বনির্ণয় হয় এবং বিভিন্ন মতের সমন্বয়বোধও হয়। সমন্বয়বোধ বিনাও তত্ত্ববিষয়ক নিশ্চয় দেখা যায়! তত্ত্বনিশ্চয় হয় না এরূপও বহুস্থল দৃষ্ট হয়। আগ্রহ পরিত্যাগ পূর্ব্বক বিভিন্ন সম্প্রদায়ের প্রখর গ্রন্থের সুগভীর বিচার অনন্তর তত্ত্ববিষয়ক নিশ্চয় শিথিল হয় কিংবা তত্ত্ববিষয়ে অনিশ্চয় বা সংশয় জন্মে এরূপ দৃষ্টান্ত বিরল নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাহারা সাধনাভ্যাসী তাহাদের পক্ষে দার্শনিক বিচার অধিক ফলপ্রসূ। মানবমন স্বভাবতঃ মানসিক মলিনতা' চঞ্চলতা এবং দুর্ব্বলতার দরুণ নানাবিধ দুঃখভোগ করিয়া থাকে। যদ্যপি দুঃখের মূলকারণ নির্দ্দেশ করা কঠিন এবং এবিষয়ে ধার্ম্মিক এবং দার্শনিক সম্প্রদায়ে মহান্ মত বিরোধ বিদ্যমান তথাপি অস্মদাদির অনুভবানুসারে উপরোক্ত কারণ নির্ণয় করা অসঙ্গত নহে। ইন্দ্রিয় দ্বারা বিষয়ভোগ, ঐ বিষয় অপগত হইলে উহার গুণানুসন্ধান দ্বারা পুনঃ পুনঃ ভাবনা, তজ্জনিত তদ্‌বিষয়ক চিত্তে দৃঢ়বাসনা এবং উহার স্মৃতি, এ সকল মানসিক অশান্তির উৎপাদক। যদ্যপি দুঃখের আত্যন্তিক নিবৃত্তি সম্ভব নহে তথাপি বিরোধী-অভ্যাসদ্বারা উক্ত ত্রয়ের শিথিলতা সম্পাদিত হইলে দুঃখের উপশম হইতে পারে। মলিনতার বিরোধী শুদ্ধ-ভাবনা, চঞ্চলতার তিরস্কারক একতত্ত্বাভ্যাস, দুর্ব্বলতার বিরোধী দৃঢ়সংকল্পাভ্যাস। কোন বিষয়ে আদর পূর্ব্বক পুনঃ পুনঃ চিন্তন করিতে করিতে স্বার্থবুদ্ধির দৃঢ়তাদরুণ তদ্‌বিষয়ে আসক্তি বৃদ্ধিপ্রাপ্ত হয়। সমান বিষয়ক সংস্কারের অনেকত্ব হইলে সংস্কার দৃঢ় হয়। অতএব বিরোধীভাবনা-ভ্যাস (প্রতিপক্ষভাবনা) বিষয়গত আসক্তির তিরস্কারের উপায়। মনোগত সূক্ষ্ম দোষের আবিস্কৃতি এবং উহার তিরস্কৃতি ধ্যানাভ্যাসদ্বারা সাধিত হয়। ধ্যান ব্যতীত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপর সাধনে প্রবৃত্ত হইলে সুপ্ত বা উদ্‌বুদ্ধ সংস্কারের অনুসন্ধান এবং পরিচয় তথা উহার অভিভবের প্রয়াস হইতে পারে না। ধ্যানের ফলরূপে চিত্তবৃত্তির দ্বিবিধ অবস্থা হইয়া থাকে ঃ—এক একাগ্রাবস্থা (চিত্তবৃত্তি কিঞ্চিৎ-জ্ঞায়মান), অপর নিরোধাবস্থা (চিত্তবৃত্তি অজ্ঞেয়মান)। প্রথমাবস্থায় চিত্তের বৃত্তি একাগ্র হওয়তঃ ধ্যেয়ার্থমাত্রগ্রাহি হয়। উহা বিষয়ান্তরবাসনাভিভবদ্বারা ধ্যেয়সাক্ষাৎকারের হেতু হয়। অতএব এই অবস্থাতে ভিন্ন ভিন্ন পুরুষের অভ্যস্ত ভাবনানুসারে, কখন কখন সংস্কারের উদ্বোধ হওয়াতে বিভিন্ন অনুভব হইয়া থাকে। একই পুরুষের ভাবনা বা সংস্কারোদ্বোধ অনুসারে ভিন্ন ভিন্ন কালে ভিন্ন ভিন্ন অনুভব হয়। অপর অবস্থায় অর্থাৎ নিরোধাবস্থায় চিত্ত সংস্কারমাত্ররূপে প্রশান্তবাহি হইয়া থাকে। এই নিরোধযোগে কিছু জ্ঞাত হওয়া যায় না।

ধ্যান এবং বিচার এই উভয় অভ্যস্ত হওয়া আবশ্যক। বিচার বিনা মননশীল ব্যক্তির তত্ত্ববিষয়ক জিজ্ঞাসা উপশম প্রাপ্ত হয় না ; ধ্যান ব্যতিরিক্ত অপর সাধনে চঞ্চলতাদি নানা দোষের তিরস্কার হয় না। বিচারজনিত যে নির্ভীকতা এবং উদারতা উহা কেবল-ধ্যানশীল বক্তির প্রাপ্তি হওয়া কঠিন। কেবল-বিচারাভ্যাসীর সহজে চিত্তস্থিরতা-লাভ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দুষ্কর। বিচার সহকারে ধ্যানাভ্যাস (যথা চিত্ততরঙ্গসহিত নিজকে মহাশূন্যে মগ্ন বা প্রবিলয় করিবার প্রয়াস) দ্বারা উক্ত ত্রিবিধ দোষের অভিভবদরুণ মনের স্বস্থতা সম্পন্ন হয়। সংস্কারভেদে এবং অভ্যাসতারতম্যে ফলভেদ হইয়া থাকে।

স্বাভাবিক অনুভবানুসারে জীবিতকালীন ফলসম্বন্ধে সামান্যতঃ ঐরূপ কিছু বলা যাইতে পারে মাত্র, নিয়ত-ফলের প্রতিজ্ঞা প্রদান করা যাইতে পারে না।

ভারতীয় বহু দর্শনশাস্ত্রে তত্ত্ববিষয়ক বিচারের বা সাধনের ফলরূপে জীবিতকালীন বা মরণানন্তর দুঃখনিবৃত্তি-রূপ নিয়তফল প্রতিজ্ঞাত হইয়াছে। পরন্তু এইরূপ প্রতিজ্ঞা প্রদান করা সমীচীন নহে। উহা অনুভববিরুদ্ধ এবং যুক্তিবিগর্হিত। জীবানুভূত অবস্থানিচয়ের মধ্যে সুষুপ্তি এবং মূর্চ্ছাতে দুঃখোপলব্ধি থাকে না। নির্ব্বিকল্পসমাধিতেও এইরূপ ঘটিয়া থাকে। সবিকল্পসমাধি এবং ধ্যানাবস্থায় তন্ময়তা হওয়ার দরুণ দুঃখপ্রদ চঞ্চলতা হইতে অব্যাহতি পাওয়া যায়। এরূপ অবস্থাপ্রাপ্তির চিরন্তনতা সম্ভাবিত করা কঠিন হওয়ায় আত্যন্তিক দুঃখনিবৃত্তি কল্পনা করা যাইতে পারে না। অপর অবস্থায় রাগদ্বেষমূলক ব্যবহার হইতে থাকে। বুদ্ধিপূর্ব্বক প্রবৃত্তি বা নিবৃত্তি রাগদ্বেষমূলক। রাগদ্বেষাভাবজনিত ব্যবহার সম্ভব নহে। অভাব (রাগদ্বেষা-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাব) ব্যবহারের প্রবর্ত্তক নহে। অভাব স্বতঃ নির্ব্বিশেষ হওয়ায় উহা ভিন্ন ভিন্ন বিশেষ ব্যবহারের প্রয়োজক হইতে পারে না। ধর্ম্মিরূপ মন থাকা সত্ত্বে ধর্ম্মরূপ রাগ-দ্বেষাদির অত্যন্ত উচ্ছেদ সম্ভব নহে। সর্ব্বব্যবহার অভিমানমূলক। স্থূল সূক্ষ্মশরীরে অভিমান ব্যতীত জাগ্রতাবস্থার প্রসিদ্ধি হইতে পারে না। নানাবিধ সূক্ষ্ম-তরঙ্গের সহিত তাদাত্ম্যাভিমান বিনা স্বপ্নদর্শন সম্ভব নহে। যথায় অভিমানাভাব তথায় (সুষুপ্তি আদি অবস্থায়) ব্যাবহারেরও অভাব হয়। অতএব সম্পূর্ণ ব্যবহার অহংমম অভিমানমূলক রাগদ্বেষকৃত হওয়ায় মানসিক তরঙ্গের তারতম্য অবশ্য হইবে। মন স্বভাবতঃ বিকারি হওয়ায় তথা বুদ্ধি পূর্ব্বক অশেষ ব্যবহার প্রতিকূল অনুকূল বোধ-জনিত হওয়ায় মনের একরসতা থাকিতে পারে না।

উল্লিখিত বিচারদ্বারা প্রতিপন্ন হইল যে জীবিত-অবস্থায় দুঃখনিবৃত্তি সম্ভাবনা করা কঠিন। মৃত্যুর পশ্চাৎ দুঃখনিবৃত্তি বা সুখপ্রাপ্তি হয় এরূপ অনুমান করিবার কোন যোগ্য হেতু বা ব্যাপ্তি নাই। এ বিষয় অন্যত্র প্রতি-পাদন করিব। শব্দ প্রমাণদ্বারাও নির্ণয় সম্ভব নহে। শাস্ত্রকারগণ এবং তথাকথিত (so-called) যোগসিদ্ধগণ (একসম্প্রদায়ভুক্ত এবং বিভিন্ন সম্প্রদায়ের) এবিষয়ে অতিশয় বিপ্রতিপন্ন। অতএব সম্ভাবনা করা হয় যে, পরস্পরবিরুদ্ধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মতের মধ্যে কোন একটি মাত্র সত্য হইবে কিম্বা সর্ব্ব মিথ্যা হইবে অথবা মোক্ষ বা স্বর্গ এ সকল অবস্তু, তদ্‌প্রাপ্তিবিষয়ক ধারণা পরম্পরাপ্রাপ্ত শ্রদ্ধাজড়তা বা মনোরথমাত্র। যাহা হউক, মৃত্যুর পশ্চাৎ কি হয়? জীব থাকে বা নহে? যদি থাকিবে তবে কিহেতু উহার কিরূপ গতি হইবে? ইত্যাদি বিষয় গ্রন্থকর্ত্তা বিদিত নহে; সুতরাং উহার পরিচয় বা প্রতিজ্ঞা প্রদান করা গ্রন্থকর্ত্তার আয়ত্ত নহে। ইতি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi